CATALOGUS CATALOGORUM
OF
BENGALI MANUSCRIPTS

Volume I

Compiled and Edited by

JATINDRA MOHAN BHATTACHARJEE M. A., Tattvaratnakar.

Formerty Professor and Head of the Department of Bengali
Cotton College Gauhati, and
Head of the Department of Bengali
Gauhati University.

THE ASIATIC SOCIETY
1 PARK STREET, CALCUTTA 16
1978

© The Asiatic Society

First Published in 1978

THE ASIATIC SOCIETY
CALCUTTA 700 016
ACC No B.9920
DATE 9.7.03

Published by
Professor D. C. Ghose
General Secretary
The Asiatic Society
1 Park Street, Calcutta 16

Printed by
Haradhan Basak M. Com.
The New Impression
18A, Keshab Sen Street.
Calcutta-700009

SL no. 00[illegible]09

Price Rs 60·00
$ 20·00

বাংলা পুথির তালিকা সমন্বয়

প্রথম খণ্ড

সঙ্কলক ও সম্পাদক

শ্রীযতীন্দ্রমোহন ভট্টাচার্য, এম. এ., তত্ত্বরত্নাকর

অবসর প্রাপ্ত প্রধান অধ্যাপক বাংলা বিভাগ, কটন কলেজ গৌহাটী
ও বিভাগীয় প্রধান, গৌহাটী বিশ্ববিদ্যালয়

এশিয়াটিক সোসাইটি
১নং পার্ক ষ্ট্রীট, কলিকাতা ১৬
১৯৭৮

স্বর্গত পিতা

যামিনীকান্ত ভট্টাচার্য

ও

স্বর্গতা মাতা

মোক্ষদা দেবীর

পবিত্র স্মৃতির উদ্দেশে

শ্রদ্ধাঞ্জলি

সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা
চিহ্ননির্দেশ	৯—১০
বর্ণানুক্রমিক গ্রন্থাগার সমূহের ও ব্যক্তিগত সংগ্রহের নামসংকেত	১০—১২
বর্ণানুক্রমিক অল্পসংখ্যক পুথির মালিকদের ও প্রতিষ্ঠানের নামসূচী	১২
অনুসৃত কতিপয় নিয়ম	১২—১৩
সংকেতনির্দেশ	১৩
ভূমিকা	১৫—২৩
বাংলা পুথির তালিকা সমন্বয়, বর্ণানুক্রমিক পুথিসূচী	৩—৩১১
বাংলা পুথির তালিকাসমন্বয়, বর্ণানুক্রমিক পুথিসূচী (সংযোজন)	৩১২—৩৬৩
পরিশিষ্ট 'ক'—পুস্তকাকারে মুদ্রিত বাংলা পুথির তালিকা (মুদ্রণকালানুক্রমিক)	৩৬৪—৩৭১
পরিশিষ্ট 'খ'—প্রবন্ধাকারে মুদ্রিত বাংলা পুথির তালিকা (পত্রিকানামের বর্ণানুক্রমিক)	৩৭১—৩৭৪
পরিশিষ্ট 'গ'—বাংলা পুথির লিপিকাল	৩৭৫—৩৮১
পরিশিষ্ট 'ঘ'—বাংলা পুথির লিপিবৈচিত্র্য	৩৮১—৩৮২

চিত্রসূচী

১। আরবী লিপিতে লিখিত, সৈয়দ সুলতান রচিত 'ও ফাত-ই-রসুল' পুথির একটি পৃষ্ঠার প্রতিলিপি—বাংলা লিপ্যন্তর সহ। ৩৮৩

২। ওড়িয়া লিপিতে লিখিত, জগন্নাথ বিপ্র রচিত 'গঙ্গামঙ্গল' তালপত্র পুথির একটি পৃষ্ঠার প্রতিলিপি—বাংলা লিপ্যন্তর সহ। ৩৮৫

॥ চিহ্ননির্দেশ ॥

'—' :—[ক] এই চিহ্ন প্রত্যেক পুথির নামের পরে অর্থাৎ প্রত্যেক পুথিরচয়িতার নামের পূর্বে বসিয়াছে। দৃ° অকালচরিত্র—নফর দ্বিজ [পৃ৩ / ১]।

[খ] পুথির নামের পরে অমুক '—পুথি' দ্রষ্টব্য বলার পূর্বে বসিয়াছে। দৃ°. অক্রূর আগমন—অক্রূরাগমন দ্র. [পৃ৩/ ১]

'/' :—[ক] এই চিহ্ন ক,খ,গ, ঘ—এই চারিটি সংকেতের প্রত্যেকটির পরে বসিয়াছে। দৃ°. অক্রূর সংবাদ—কৃষ্ণদাস, ক/ ঢা. বি. ১৫৯৯ (১১২৯) [পৃ ৩/১]।

[খ] সাময়িক পত্রের ক্ষেত্রে সালের (অব্দের) পরে সংখ্যার পূর্বে বসিয়াছে। দৃ° অক্রূরাগমন—কবিচন্দ্র দ্বিজ, সা. প. প. ১৩০৬ / ১ম, অর্থাৎ ১৩০৬ বঙ্গাব্দের ১ম সংখ্যা [পৃ৩ / ২]।

[গ] কোন কোন গ্রন্থাগারে পুথির ক্রমিক সংখ্যার সঙ্গে সহ সংখ্যা নির্দেশ করা হইয়াছে। এস্থলে ক্রমিক সংখ্যার পরে এবং সহ-সংখ্যার পূর্বে এই চিহ্ন বসিয়াছে। দৃ° অঘাসুরবধ—অজ্ঞাত, ঘ/পাঠ. ২৭৭০/ ২ [পৃ ৪ / ১]।

[ঘ] এই গ্রন্থের প্রথম খণ্ডের প্রতি পৃষ্ঠা দুই স্তম্ভে বিভক্ত। পৃষ্ঠা ও স্তম্ভনির্দেশের মধ্যে সর্বত্র এই চিহ্ন ব্যবহৃত হইয়াছে। দৃ° [পৃ ৩ / ২] অর্থাৎ তৃতীয় পৃষ্ঠার দ্বিতীয় স্তম্ভ বুঝিতে হইবে।

' , ' :—[ক] এই চিহ্ন প্রত্যেক গ্রন্থকারের নামের পরে বসিয়াছে। দৃ° অকালচরিত্র—নফরদ্বিজ, [পৃ৩ / ১]।

[খ] ক, খ, গ, ঘ এই চারি শ্রেণীর পুথির ক্ষেত্রে যে স্থলে পর পর একই গ্রন্থাগারের একাধিক পুথি সংখ্যার উল্লেখ আছে সে স্থলে প্রতি পুথি সংখ্যার পরে বসিয়াছে। দৃ° অক্রূরাগমন—কবিচন্দ্র দ্বিজ, ঘ/বি. ৭৭০, ৭৭৫, ১৫৭৭, ৪৫৮৫, ৪৬১৪, ৫৮৮৯, ৬৬৩২ ; [পৃ ৩ / ২]।

[গ] সাময়িক পত্রের ক্ষেত্রে সালের (অব্দের) এবং সংখ্যার অব্যবহিত পরে এই চিহ্ন বসিয়াছে। দৃ° অক্রূরাগমন—কবিচন্দ্র দ্বিজ, খ/সা. প. প. ১৩০৬ /১ম, ২১৪ অর্থাৎ সাহিত্য পরিষৎ পত্রিকার ১৩০৬ বঙ্গাব্দের ১ম সংখ্যায় প্রাচীন পুথির বিবরণ জাতীয় যে প্রবন্ধ প্রকাশিত হইয়াছে তাহাতে উল্লিখিত ২১৪ সংখ্যক পুথি বুঝিতে হইবে [পৃ ৩ / ২]।

' ; ' ঃ—[ক] এই চিহ্ন ক, খ, গ, ঘ—এই চারি শ্রেণীর পুথির ক্ষেত্রে প্রত্যেক শ্রেণীর বিভিন্ন গ্রন্থাগারের সর্বশেষ পুথি সংখ্যার পরে এবং অপর গ্রন্থাগার সংকেত উল্লেখের পূর্বে বসিবে। দৃ° অক্রূরাগমন—কবিচন্দ্র দ্বিজ, ক / বি. ৭৬৬ (১০৭৬), ৭৬৭ (১০৯০), ৪৩৮৪ (১০৯০) ; বরেন্দ্র. শ. ৯৪৪ (১০৯৫) ; সা. ৩৮৬ (১১০০) ; [পৃ ৩ / ১]।

' । ' ঃ—[ক] এই চিহ্ন ক, খ, গ, ঘ এই চারি শ্রেণীর এক বা একাধিক পুথি সংখ্যার পরে, ঐ শ্রেণীর সমাপ্তি-সূচক চিহ্ন হিসাবে বসিয়াছে। এই চিহ্নের পরে সর্বত্র নূতন শ্রেণী বা নূতন পুথির নামের আরম্ভ। দৃ° অক্রূর সংবাদ—অজ্ঞাত, গ / রা. কু. ২২৯। ঘ / ঢা. বি. ১৪৮৭ গ ; পাঠ. ২৭৬৯ / ১ ; বি. ৬৭৭০ ; বিশ্ব. ৪০৩৮ ; মোক্ষদা. ১৯৭ ; রা. কু. ৬১০। [পৃ ৩ / ১]

' . ' ঃ—[ক] এই চিহ্ন প্রত্যেক গ্রন্থাগারের নাম-সংকেতের (abbreviation) ক্ষেত্রে বসিয়াছে। দৃ° অকাল চরিত্র—নফর দ্বিজ, খ/বি. ৪৮৭০ (১২৭৪)। [পৃ ৩ / ১]. এস্থলে বি. র পর প্রযুক্ত . চিহ্নটী কলিকাতা বিশ্ববিদ্যালয় জ্ঞাপক।

'( )' ঃ—প্রথম বন্ধনী।

[ক] এই চিহ্নের মধ্যে যে চারিটি সংখ্যা আছে তাহা উক্ত পুথিতে উল্লিখিত মূল বঙ্গাব্দ অথবা বঙ্গাব্দে পরিবর্তিত লিপিকালের জ্ঞাপক। লিপিকাল সর্বত্র বঙ্গাব্দে নির্দেশ করা হইয়াছে। দ্র. অকাল চরিত্র—নফর দ্বিজ, খ / বি. ৪৮৭০ (১২৭৪) [পৃ ৩ / ১] এ স্থলে এই পুথির লিপিকাল ১২৭৪ বঙ্গাব্দ বুঝিতে হইবে।

[খ] পুথির অধ্যায়, অংশ, কাণ্ড, খণ্ড, পর্ব, পালা, লীলা ইত্যাদি বুঝাইতে গ্রন্থ নামের পরে এই চিহ্ন নির্দেশ করা হইয়াছে। দৃ° চণ্ডীমঙ্গল—(বন্দনা পালা)-অজ্ঞাত, [পৃ ৬০/১]।

[গ] এই তালিকায় পুথিরচয়িতার নামের বা উপাধির পাঠান্তর অথবা সামান্য পরিবর্তন থাকিলে এই চিহ্ন মধ্যে তাহা দেখান হইয়াছে। দৃ° গিরিসংবাদ—গোলকচন্দ্র দ্বিজ (ভট্টাচার্য), [পৃ ৪৭ / ১]।

'[ ]' ঃ—তৃতীয় বন্ধনী।

[ক] এই চিহ্নের মধ্যে যে সংখ্যা আছে তাহা উক্ত

পুথিতে উল্লিখিত মূল লিপিকালের জ্ঞাপক। এ স্থলে বঙ্গাব্দ ব্যতীত পুথিতে যে অব্দের উল্লেখ আছে তাহা নির্দেশ করা হইয়াছে। কোন কোন পুথিতে বঙ্গাব্দ নির্দেশ না করিয়া মঘী, মল্লাব্দ, শকাব্দ, সংবৎ প্রভৃতির উল্লেখ আছে। ঐ সকল ক্ষেত্রে ঐ অব্দকে বঙ্গাব্দে রূপান্তরিত করিয়া ( ) প্রথম বন্ধনী মধ্যে নির্দেশ করা হইয়াছে। দৃ° অক্ষর চৌতিশা—অজ্ঞাত, ক / মোক্ষদা. ১৩৫৪ (১২৩৪) [১৭৪৯ শক]; [পৃ ৩ / ২]।

[খ] বঙ্গলিপি ব্যতীত অন্য লিপির ক্ষেত্রে। দৃ° বারমাসী—(সতাই)—অজ্ঞাত, ঘ / আ. ৩২৫ [আরবী লিপি]। [পৃ ১৫২ / ১]

[গ] পদ্য ব্যতীত অন্য রচনার ক্ষেত্রে—দৃ° ভাগবত—হেনরী সারজ্যাণ্ট, গ / এ. এ.'৪১ [গদ্য]। [পৃ ১৭২ / ১]

[ঘ] গ্রন্থরচনা কাল নির্দেশ ক্ষেত্রে। দ্র. মহাভারত (কিরাতপর্ব) শেখর কবি (কবিশেখর). খ / কোচ. ৯০ (১০১২) [১৫২৭ শক] [গ্রন্থরচনা কাল]। [পৃ ২১৭/১]

॥ বর্ণানুক্রমিক গ্রন্থাগার সমূহের ও ব্যক্তিগত সংগ্রহের নাম সংকেত ॥

অ. সা.—অবন্তী কুমার সান্যাল সংগ্রহ, বর্ধমান।

আ.—আবদুল করিম সাহিত্য বিশারদ সংগ্রহ, ঢাকা, বাংলাদেশ।

আনন্দ.—আনন্দ নিকেতন সংগ্রহ, বাগনান, হাওড়া।

আমে. ওরি. সিরিজ.—আমেরিকান ওরিএণ্টাল সিরিজ, আমেরিকা।

ই. অ.—ইণ্ডিয়া অফিস লাইব্রেরী, লণ্ডন।

ই. মি.—ইণ্ডিয়ান মিউজিয়াম সংগ্রহ, কলিকাতা।

উ. জ. পা.—উত্তর পাড়া জয়কৃষ্ণ পাবলিক লাইব্রেরী, উত্তরপাড়া, হাওড়া।

উ. বি.—উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় সংগ্রহ।

এ.—এশিয়াটিক সোসাইটি সংগ্রহ, কলিকাতা।

এ. ই. মি.—এশিয়াটিক সোসাইটি, ইণ্ডিয়ান মিউজিয়াম সংগ্রহ, কলিকাতা।

এ.এ.—এশিয়াটিক সোসাইটি সংগ্রহ, কলিকাতা।

এ. জি.—এশিয়াটিক সোসাইটিতে রক্ষিত বেঙ্গল গভর্ণমেণ্ট সংগ্রহ, কলিকাতা।

ও. মি.- ওড়িষ্যা মিউজিয়াম সংগ্রহ, ভুবনেশ্বর।

ও. মি. এল.—ওড়িষ্যা মিউজিয়াম সংগ্রহ, ভুবনেশ্বর।

ক. পু.—কলমী পুথির বিবরণ. কুমিল্লা. বাংলাদেশ।

ক. সং. ক.—কলিকাতা সংস্কৃত কলেজ সংগ্রহ, কলকাতা।

কা. দ.—কালিদাস দত্ত সংগ্রহ, মজিলপুর, ২৪ পরগণা।

কা. বি.—কাশী বিশ্ববিদ্যালয় সংগ্রহ, বারানসী (বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয়)।

কোচ.—কোচবিহার ষ্টেট লাইব্রেরী, কোচবিহার।

কোচ. সা. স.—কোচবিহার সাহিত্য সভা সংগ্রহ, কোচবিহার।

গৌ. গো. সে.—গৌরাঙ্গ গোপাল সেনগুপ্ত, সিউড়ি বীরভূম।

গৌ. বি.—গৌহাটী বিশ্ববিদ্যালয়, গৌহাটী, আসাম।

গৌ. বৈ. স.—গৌড়ীয় বৈষ্ণব সম্মিলনী সংগ্রহ, চালতাবাগান, কলিকাতা।

জা. গ্র.—জাতীয় গ্রন্থাগার, কলিকাতা।

জা. গ্র. আশু.—জাতীয় গ্রন্থাগার, আশুতোষ সংগ্রহ।

জা. গ্র. রাম.—জাতীয় গ্রন্থাগার, রামদাস সেন সংগ্রহ।

জা. গ্র. হরি—জাতীয় গ্রন্থাগার, হরিদাস নন্দী সংগ্রহ।

ঢা. কৃ.—ঢাকা বিশ্ববিদ্যালয়, কৃষ্ণকান্ত রায় সংগ্রহ, ঢাকা, বাংলাদেশ।

ঢা. বা. মু.—ঢাকা বাংলা একাডেমী সংগ্রহের মুসলমান কবি রচিত বাংলা পুথি, বাংলাদেশ।

ঢা. বা. হি.—ঢাকা বাংলা একাডেমী সংগ্রহের হিন্দু কবি রচিত বাংলা পুথি, বাংলাদেশ।

ঢা. বি.—ঢাকা বিশ্ববিদ্যালয় সংগ্রহ, ঢাকা, বাংলাদেশ।

ঢা. মি.—ঢাকা মিউজিয়াম সংগ্রহ, ঢাকা, বাংলাদেশ।

ঢা. সা.—ঢাকা সাহিত্য পরিষৎ সংগ্রহ, ঢাকা, বাংলাদেশ।

ত্রি. ম.—ত্রিপুরা মহারাজ সংগ্রহ, ত্রিপুরা, আগরতলা।

দৌ. হি.—দৌলতপুর হিন্দু একাডেমী সংগ্রহ, দৌলতপুর, বাংলাদেশ।

ন. সা.—নবদ্বীপ সাধারণ গ্রন্থাগার, টাউন লাইব্রেরী,

নবদ্বীপ।

পঞ্চানন.—পঞ্চানন চক্রবর্তী, মনীন্দ্র নন্দী কলেজ, কলিকাতা।

পল্লী.— পল্লীশ্রী গ্রন্থাগার, বীরভূম।

পা. চৈ.—পাটনা গুলজারবাগের শ্রীচৈতন্য পুস্তকালয়,পাটনা।

পাঠ.—বরাহনগর পাঠবাড়ী গৌরাঙ্গ গ্রন্থমন্দির, বরাহনগর, কলিকাতা।

পা. বি.—পাটনা বিশ্ববিদ্যালয়, পাটনা।

প্রা. পু.—প্রাচীন পুথির বিবরণ, আবদুল করিম সাহিত্যবিশারদ সংগৃহীত, বাংলাদেশ।

বড.—বডলিয়ান লাইব্রেরী অক্সফোর্ড, ইংলণ্ড।

ব. বি.—বর্ধমান বিশ্ববিদ্যালয় সংগ্রহ, বর্ধমান।

বরেন্দ্র.—বরেন্দ্র অনুসন্ধান সমিতি গ্রন্থাগার রাজশাহী, বাংলাদেশ।

বরেন্দ্র. আ.—বরেন্দ্র অনুসন্ধান সমিতি গ্রন্থগার রাজশাহী, আবদুল করিম সাহিত্যবিশারদ সংগ্রহ, বাংলাদেশ।

বরেন্দ্র. এ.—বরেন্দ্র অনুসন্ধান সমিতি গ্রন্থাগার রাজশাহী, এনামুল হক সংগ্রহ, বাংলাদেশ।

বরেন্দ্র. শ.—বরেন্দ্র অনুসন্ধান সমিতি গ্রন্থাগার রাজশাহী, শরৎ কুমার রায় সংগ্রহ, বাংলাদেশ।

ব. সা.—বর্ধমান সাহিত্যসভা সংগ্রহ, বর্ধমান।

ব. সা. দী.—বঙ্গভাষা ও সাহিত্য, দীনেশচন্দ্র সেন।

বি.—কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা পুথি সংগ্রহ।

বিব্লি.—বিব্লিওথেক ন্যাসিওন্যাল, প্যারিস।

বিশ্ব—বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় সংগ্রহ, শান্তিনিকেতন।

বিশ্ব. তপ.—বিশ্বভারতী, তপন মোহন সংগ্রহ।

বিষ্ণু.—বিষ্ণুপুর সাহিত্য পরিষৎ সংগ্রহ, বাঁকুড়া।

বী. নি.—বীরভূম জেলার নিমড়া গ্রামের লাইব্রেরী।

বৃ. মি.—বৃটিশ মিউজিয়াম, লণ্ডন।

ভা. ঐ. পা.—ভারতীয় ঐতিহাসিক রেকর্ড কমিশন। ত্রয়োদশ অধিবেশন, পাটনা।

ময়. প্রদ.—ময়মনসিংহ প্রদর্শনী, বাংলাদেশ।

মহী. সা. পু.—মহীয়াড়ী সাধারণ পুস্তকাগার।

মিত্র.—বীরভূম সিউড়ির শিবরতন মিত্রের গ্রন্থাগার।

মে. রা.—মেদিনীপুর রাজনারায়ণ স্মৃতি পাঠাগার।

মে. সা.—মেদিনীপুর সাহিত্য পরিষৎ, মেদিনীপুর।

মোক্ষদা.—মোক্ষদা সংগ্রহের বাংলা পুথি, কলিকাতা।

রং.—রংপুর সাহিত্য পরিষৎ, রংপুর, বাংলাদেশ।

রং. সা. প. · রংপুর সাহিত্য পরিষৎ পত্রিকা।

র. বি.—রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়, কলিকাতা।

রা. কু.—রামমালা গ্রন্থাগার, কুমিল্লা, বাংলাদেশ।

রা. কু. সং.—রামমালা গ্রন্থাগারের সংস্কৃত পুথি, কুমিল্লা, বাংলাদেশ।

রাজ.ক.—রাজশাহী কলেজ, কুমুদিনী কান্ত সংগ্রহ, রাজশাহী, বাংলাদেশ।

রাজ. ক. সং.—রাজশাহী কলেজ, কুমুদিনী কান্ত সংগ্রহের সংস্কৃত পুথি, রাজশাহী, বাংলাদেশ।

রা. মি. ই.—রামকৃষ্ণ মিশন ইন্‌স্টিটিউট অব কালচার, কলিকাতা।

লাহা—চিত্তরঞ্জন লাহা, রাঁচি বিশ্ববিদ্যালয়, রাঁচি।

শরৎ.—শরৎ স্মৃতি সংগ্রহালয় পানিত্রাস, হাওড়া।

শি. ন.—শিলচর নর্ম্যাল স্কুল লাইব্রেরী, শিলচর কাছাড়।

শি. সা.—শিলিগুড়ি সাহিত্য পরিষৎ. শিলিগুড়ি।

শ্রীরামপুর. জি.—শ্রীরামপুর কলেজ, কেরী লাইব্রেরী।

শ্রী. সা.—শ্রীহট্ট সাহিত্য পরিষৎ সংগ্রহ, শ্রীহট্ট, বাংলাদেশ।

স. সা.—সংস্কৃত সাহিত্য পরিষৎ সংগ্রহ, কলিকাতা।

সা.—বঙ্গীয় সাহিত্য পরিষৎ সংগ্রহ, কলিকাতা।

সা. গো.—বঙ্গীয় সাহিত্য পরিষৎ, গোপালদাস চৌধুরী সংগ্রহ, কলিকাতা।

সা.চি.—বঙ্গীয় সাহিত্য পরিষৎ, দেশবন্ধু চিত্তরঞ্জন দাস সংগ্রহ কলিকাতা।

সা. প. প.—বঙ্গীয় সাহিত্য পরিষৎ পত্রিকা।

সা. রা.—বঙ্গীয় সাহিত্য পরিষৎ, রামেন্দ্র সুন্দর সংগ্রহ, কলিকাতা।

সি. ক.—সিটি কলেজ লাইব্রেরী, কলিকাতা।

সুকু. মাই.—সুকুমার মাইতি সংগ্রহ।

সু. সা.—সুকুমারী সাহিত্য মন্দির ধুবড়ী, আসাম।

সূ. ল.—সূর্যমণি ললিতা সাহিত্য ভবন, আসামের ভূতপূর্ব D.P.I. সতীশচন্দ্র রায়ের ব্যক্তিগত সংগ্রহ।

হি.এ.—হিষ্টরিকাল এণ্ড এণ্টিকুরিয়ান স্টাডিজ, গৌহাটী, আসাম।

হেম.—হেমেন্দ্র নাথ পালিত সগ্রহ, পোঃ ভাদুল, বাঁকুড়া।

হে. রা.—হেতেমপুর রাজ লাইব্রেরী, হেতেম পুর।

॥ বর্ণানুক্রমিক অল্পসংখ্যক পুথির মালিকদের এবং প্রতিষ্ঠানের নামসূচী ॥

অক্ষয় কুমার মৈত্রের ঐতিহাসিক গ্রন্থশালা, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়।

ইণ্ডিয়ান ইনস্টিটিউট, অক্সফোর্ড, ইংলণ্ড।

উদয়চন্দ্র ন্যায়ভূষণ, সুরনাথ চূড়ামণি সংগ্রহ, মেদিনীপুর।

কালীকিঙ্কর দত্ত, অবসর প্রাপ্ত উপাচার্য, পাটনা বিশ্ববিদ্যালয়, পাটনা।

কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয় লাইব্রেরী, কেম্ব্রিজ, ইংলণ্ড।

গুরুসদয় মিউজিয়াম, ব্রতচারীগ্রাম, পোঃ—জেকাজি, ২৪-পরগণা।

জগন্নাথ ইণ্টারমিডিয়েট কলেজ, ঢাকা, বাংলাদেশ।

নটবর দত্ত, কলিকাতা।

নলিনী কান্ত ভট্টশালী, ঢাকা, বাংলাদেশ।

নির্মলচন্দ্র চক্রবর্তী, সং পীলা, বর্ধমান।

বিনোদবিহারী পাল, রামকৃষ্ণ নগর কলেজ, কাছাড়।

বিমানবিহারী মজুমদার, পাটনা।

বিশপস্ কলেজ লাইব্রেরী, কলিকাতা।

মুনীন্দ্র কুমার ঘোষ, অধ্যাপক সুরেন্দ্রনাথ কলেজ, কলিকাতা।

যোগীন্দ্রনাথ সমাদ্দার সংগ্রহ, কদমকুয়া, পাটনা।

রবার্ট চেম্বার্স (স্যার) সংগ্রহ, লণ্ডন।

লেলিন স্টেট লাইব্রেরী, রাশিয়া।

সহদেব নাথ, গ্রাম পলডহর, পোঃ বাজার হাট, জিং কাছাড়।

সুবোধ রঞ্জন রায়, অধ্যাপক কোচবিহার কলেজ, কোচবিহার।

স্কুল অব ওরিএণ্টাল এণ্ড আফ্রিকান লেঙ্গুয়েজ লাইব্রেরী, ইংলণ্ড।

হরিপদ চক্রবর্তী অধ্যাপক, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়।

॥ অনুসৃত কতিপয় নিয়ম ॥

পুথি নকল কারকেরা বা পুথির তালিকা কারকেরা একই পুথি বা তার অংশকে নানা ভাবে নামকরণ করিয়াছেন। ফলে একই পুথি একাধিক নামে তালিকাবদ্ধ হইয়াছে। তালিকাসমন্বয় রচনা করিতে গিয়া এই নাম-বৈচিত্র্য হ্রাস করার উদ্দেশ্যে নিম্নলিখিত কয়েকটি নিয়ম মানিয়া চলা হইয়াছে।

(১) পুথি এবং পুথি রচয়িতার নামের পূর্বে ব্যবহৃত শ্রী, শ্রীমতী, শ্রীমান্, শ্রীযুক্ত, শ্রীশ্রী ইত্যাদি সর্বত্র পরিত্যক্ত। দৃ° শ্রীচৈতন্য চরিতামৃত—চৈতন্যচরিতামৃত।

(২) বহুবচনজ্ঞাপক—গণ, দের, দিগের, সমূহ ইত্যাদি প্রায় সর্বত্র পরিত্যক্ত। দৃ গোপীদের বস্ত্রহরণ--গোপীবস্ত্রহরণ।

(৩) বহুবচনজ্ঞাপক একাধিক শব্দের স্থলে, প্রয়োজন বোধে, শুধু একটিই গৃহীত হইয়াছে। দৃ মঞ্জরীগণের, মঞ্জরীদের, মঞ্জরীসমূহের স্থলে--মঞ্জরীদের।

(৪) ষষ্ঠী বিভক্তি চিহ্ন ‘র’ প্রায় সর্বত্র পরিত্যক্ত। দৃ° রামের বনবাস—রামবনবাস, সীতার উদ্ধার—সীতা-উদ্ধার, লক্ষ্মণের শক্তিশেল—লক্ষ্মণশক্তিশেল, মঙ্গলচণ্ডীর পাচালী—মঙ্গলচণ্ডীপাচালী।

(৫) কোন কোন ক্ষেত্রে একই গ্রন্থ একাধিক নামে পরিচিত। দৃ° মনসামঙ্গল—পদ্মাপুরাণ, স্ত্রীপর্ব—নারীপর্ব, প্রসাদচরিত্র—প্রহ্লাদ চরিত্র, প্রভৃতি। এই সকল স্থলে একটি নামই গৃহীত হইয়াছে। অপর নামের পাশে সেই গৃহীত নাম দ্রষ্টব্য বলিয়া নির্দেশ করা হইয়াছে। দৃ° পদ্মাপুরাণ —মনসামঙ্গল দ্র.।

(৬) পুথিরচয়িতার নামের পরে সর্বত্র উপাধি বিন্যস্ত হইয়াছে। দৃ° রাজ.রুক্মাঙ্গদা—রুক্মঙ্গদা রাজা, দ্বিজ কৃষ্ণদাস—কৃষ্ণদাস দ্বিজ, ব্রাহ্মণ শ্রীনাথ—শ্রীনাথ ব্রাহ্মণ, সেন গঙ্গাদাস—গঙ্গাদাস সেন ইত্যাদি।

(৭) রঘুনাথ, রাম, রামচন্দ্র প্রভৃতির পরিবর্তে অধি-

কাংশ ক্ষেত্রে শুধু "রাম" বলা হইয়াছে।

(৮) চরিত—চরিত্র ; গীত—গান ; গোসাই, গোসাঞি গোস্বামী ; বর্ণনা—বর্ণন ; পাঞ্চালি. পাচালী—প্রভৃতির ক্ষেত্রে মাত্র একটি রূপ গৃহীত হইয়াছে।

(৯) শব্দান্তস্থ 'কা' প্রায় সর্বত্র পরিত্যক্ত। দৃ° মঙ্গল চণ্ডীকা পুথি—মঙ্গলচণ্ডী পুথি।

(১০) পুথি নামের পরবর্তী উপাখ্যান, কথা, কাহিনী, গ্রন্থ, ত্রিপদী, পয়ার পাঁচালী, পালা, পুথি, পুস্তক, বর্ণন, বর্ণনা, লাচাড়ী, লীলাপয়ার, শাস্ত্র, শ্লোক, স্তব, স্তোত্র প্রভৃতি অধিকাংশ ক্ষেত্রে পরিত্যক্ত হইয়াছে।

(১১) বৃটিশ মিউজিয়াম, এশিয়াটিক সোসাইটি ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের তালিকায় পুথি সংখ্যা নির্দেশ করিতে গিয়া A. B. C. D ইত্যাদি রোমান বর্ণমালা ব্যবহৃত হইয়াছে। এই গ্রন্থে অধিকাংশ ক্ষেত্রে A. B. C. D. ইত্যাদি না বলিয়া ক, খ, গ, ঘ ইত্যাদি নির্দেশ করা হইয়াছে। রোমান কোন অক্ষরের পরিবর্তে বাংলা কোন অক্ষর ব্যবহৃত হইয়াছে তাহা নিম্নে প্রদত্ত হইল। A—ক, B—খ, C—গ, D—ঘ, E—ঙ, F—চ, G—ছ, H—জ, I—ঝ, J—ঞ, K—ট, L—ঠ, M—ড, N—ঢ, O—ণ, P—ত, Q—থ, R—দ, S—ধ, T—ন, U—প, V—ফ, W—ব, X—ভ, Y—ম, Z—য।

॥ সংকেত নির্দেশ ॥

ইং—ইংরাজি সন বা খ্রীষ্টাব্দ।
ও. লি.—ওড়িয়া লিপি।
ক/—লিপিকালের উল্লেখযুক্ত সম্পূর্ণ পুথি।
খ/—লিপিকালের উল্লেখযুক্ত খণ্ডিত পুথি।
খ্রীঃ -খ্রীষ্টাব্দ।
গ/ —লিপিকালের উল্লেখহীন সম্পূর্ণ পুথি।
ঘ/—লিপিকালের উল্লেখহীন খণ্ডিত পুথি।
দৃ°—দৃষ্টান্ত।
দ্র—দ্রষ্টব্য।
পৃ—পৃষ্ঠা সংখ্যা।
বাং—বঙ্গাব্দ।
শক—শকাব্দ।
সং—সংখ্যা।
সে.মি.—সেন্টিমিটার।
c. m.—centi-metre.

ভূমিকা

এই গ্রন্থে বাংলা ভাষায় রচিত বিভিন্ন গ্রন্থাগারে এবং ব্যক্তিগত সংগ্রহে রক্ষিত হস্তলিখিত পুথির এক তালিকা সঙ্কলিত হইল। এই তালিকায় বাংলা ভাষায় রচিত যে কোন লিপিতে অগলিখিত পুথির সন্ধান থাকবে। পশ্চিমবঙ্গ, বর্তমান বাংলাদেশ রাষ্ট্র, ভারতের বিভিন্ন অঞ্চল, এমন কি ভারতের বাহিরে ইউরোপ, আমেরিকা ও রাশিয়ায় রক্ষিত বাংলা পুথির উল্লেখ থাকিবে।

সংস্কৃত ব্যতীত ভারতীয় কোন প্রাদেশিক ভাষায় 'হস্তলিখিত পুথির তালিকা সমন্বয়' এ যাবৎ প্রকাশিত হয় নাই। সংস্কৃত পুথির তালিকা সমন্বয় "Catalogus Catalogorum—An alphabetical Register of Sanskrit works and Authors"—'এডিনবরা' ও 'বন' বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত ও তুলনামূলক ভাষাতত্ত্ব বিভাগের অধ্যাপক থিয়োডোর আউফ্রেশ্‌ট কর্তৃক সংকলিত হয়। ইহার প্রথম খণ্ড ১৮৯১, দ্বিতীয় খণ্ড ১৮৯৬ এবং তৃতীয় খণ্ড ১৯০৩ খ্রীষ্টাব্দে প্রকাশিত হয়। এই গ্রন্থের প্রথম ও দ্বিতীয় খণ্ড জার্মান ওরিএন্টেল সোসাইটি কর্তৃক এবং তৃতীয় খণ্ড গ্যাটিংগেন, লেইপসিগ, মিউনিক ও ভিয়েনার 'একাডেমী' সমূহ কর্তৃক একযোগে প্রকাশিত হইয়াছিল। এই গ্রন্থ সকলন ব্যাপারে তদানীন্তন ভারত সরকার এবং Secretary of State for India ১২০ পাউণ্ড আর্থিক সাহায্য করিয়াছিলেন। আউফ্রেশ্‌ট তাঁহার গ্রন্থের ভূমিকায় ইহা প্রায় ৩০ বৎসরের পরিশ্রমের ফল এরূপ নির্দেশ করিয়াছেন। গত ১৯৩৭ খ্রীঃ মাদ্রাজ বিশ্ববিদ্যালয় মহামহোপাধ্যায় বিদ্যাবাচস্পতি দর্শনকুলনিধি কুলপতি অধ্যাপক এস কুপ্পুস্বামী শাস্ত্রী.এম.এ., আই.ই.এস. কে প্রধান সম্পাদক, বিদ্যাসাগর বিদ্যাবাচস্পতি অধ্যাপক পি. পি. সুব্রহ্মণ্য শাস্ত্রী এম.এ., বি. এ. (অক্সন), সি. কুনহন রাজা বি.এ., ডি.ফিল., (অক্সন) কে সম্পাদক এবং ভি. রাঘবন্ এম. এ., পি. এইচ. ডি. কে প্রথম সহকারী এবং ই. পি. রাধাকৃষ্ণ এম. এ. কে দ্বিতীয় সহকারীরূপে নিযুক্ত করিয়া আউফ্রেশ্‌টের উক্ত গ্রন্থের এক পরিবর্তিত সংস্করণ প্রকাশের ব্যবস্থা করেন। এই পরিবর্তিত সংস্করণের নাম দেওয়া হয়—New Catalogus Catalogorum—A Complete and up-to-date Alphabetical Register of Sanskrit and Allied works and Authors. এই সংস্করণের ২০+৩৫ পৃষ্ঠা ব্যাপী এক Provisional Fasciculus ১৯৩৭ খ্রীঃ মাদ্রাজ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত হইয়াছিল। এই প্রস্তাবিত New Catalogus Catalogorum এর প্রধান সম্পাদক আউফ্রেশ্‌টের কীর্তির প্রতি শ্রদ্ধা জানাইয়া লিখিয়াছিলেন—"All Orientalists and Indologists are familiar with Dr. Aufrecht's monumental work—The Catalogus Catalogorum as an indispensable piece of apparatus for oriental research."

আউফ্রেশ্‌টের গ্রন্থে একই বর্ণানুক্রমিক তালিকায় গ্রন্থনাম ও গ্রন্থকারের নাম বিন্যস্ত হইয়াছে। ইহাতে গ্রন্থনামের পাশে ঐ গ্রন্থের পুথি কোথায় কোথায় আছে তাহার উল্লেখ করা হইয়াছে। এ স্থলে ঐ গ্রন্থের টীকা টিপ্পনী থাকিলে তাহার উল্লেখ করিয়া টীকাকারের নাম সহ সেই সেই গ্রন্থ কোথায় আছে তাহাও নির্দেশ করা হইয়াছে। অনুরূপভাবে গ্রন্থকারের নামের পার্শ্বে সেই সেই গ্রন্থকারের সংক্ষিপ্ত পরিচয় এবং তাঁহার রচিত গ্রন্থ ও টীকা টিপ্পনী ইত্যাদির উল্লেখ আছে। দৃষ্টান্ত স্বরূপ একখানি গ্রন্থ এবং একজন গ্রন্থকারের বিবরণ যথাযথ নিম্নে উদ্ধৃত হইল।

"গোবিন্দলীলামৃত Kavya, by Raghunath Bhatta. L 571 Bik 232" (১ম খণ্ড, পৃ ১৬৯)।

"গোবিন্দরাম son of Krishnarāma, brother of Civarāma (Vāsavadattātikā)" (১ম খণ্ড, পৃঃ ১৬৯)।

১৯৩৭ খ্রীঃ New Catalogus Catalogorum এর Provisional Fasciculus প্রকাশিত হইলেও ইহার প্রথম খণ্ড ১২ বৎসর পরে ১৯৪৯ খ্রীঃ প্রকাশিত হইয়াছিল। ইহার প্রধান সম্পাদক সি. কুনহন রাজা এবং সহকারী ডাঃ ভি. রাঘবন্। প্রথম খণ্ড মুদ্রণের ১৭ বৎসর পরে ১৯৬৬ খ্রীঃ

---

* মূল গ্রন্থে গ্রন্থনাম ও গ্রন্থকার নাম সর্বত্র দেবনাগর অক্ষরে মুদ্রিত।

ইহার দ্বিতীয় খণ্ড প্রকাশিত হয়। এই খণ্ডের ভূমিকা লিখিয়াছিলেন মাদ্রাজ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডক্টর এ. লক্ষ্মণ স্বামী মুদালিয়ার। ডঃ মুদালিয়ার প্রসঙ্গতঃ এই গ্রন্থ মুদ্রণ কার্যে এবং অধিক সংখ্যক সহকারী নিয়োগ ব্যাপারে উদারভাবে আর্থিক আনুকূল্য করিবার জন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। ১৯৩৭ খ্রীঃ মুদ্রিত Provisional Fasciculus এ দুইজন সহকারীর নাম পাইতেছি। একজন M.A., Ph. D. অপরজন শুধু M.A.। এই গ্রন্থের তৃতীয় খণ্ড ১৯৬৭ খ্রীঃ, চতুর্থ খণ্ড ১৯৬৮ খ্রীঃ, পঞ্চমখণ্ড ১৯৬৯ খ্রীঃ, ষষ্ঠখণ্ড ১৯৭১ খ্রীঃ, সপ্তমখণ্ড ১৯৭৩ খ্রীঃ এবং অষ্টমখণ্ড ১৯৭৪ খ্রীষ্টাব্দে প্রকাশিত হইয়াছে। এই অষ্টম খণ্ডে 'দ' অক্ষর চলিতেছে। দ্বিতীয় খণ্ডে ৫ জন এবং ষষ্ঠখণ্ডে ৬ জন ব্যতীত, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, সপ্তম ও অষ্টম খণ্ডে ৮ জন করিয়া সহকারীর নাম পাইতেছি। তৃতীয় খণ্ডের ৮ জন সহকারীর শিক্ষাগত মান নিম্নরূপ ছিল— ১ জন M. A., ২ জন M. A., Ph. D., ২ জন M. A. Diploma in German ; ২ জন M. A., Diploma in French ; এবং ১ জন দেশী পণ্ডিত।

ভারত সরকারের অর্থানুকূল্যে এই অতি মূল্যবান সংস্করণ কবে কয় খণ্ডে সম্পূর্ণ হইবে বলা শক্ত। এই গ্রন্থের প্রথম খণ্ডের এক "Second Revised Edition" ১৯৬৮ খ্রীঃ প্রকাশিত হইয়াছিল।

বাংলা পুথির তালিকা সমন্বয় গ্রন্থখানি আমার একক চেষ্টায় সম্পূর্ণ হইল। ফলে গ্রন্থখানিকে ঠিক যে ভাবে সম্পাদন করা উচিত ছিল তাহা করিতে পারি নাই অনুভব করিয়া বেদনা বোধ করিতেছি। আমি গত ৩০ বৎসরের উর্দ্ধ্বকাল বাংলা চর্চার প্রধান কেন্দ্র কলিকাতা সহর ও কলিকাতা বিশ্ববিদ্যালয় হইতে দূরে আসামের গৌহাটী সহরে কাটাইয়া আসিয়াছি। আমার কর্মক্ষেত্র গৌহাটীতে বাংলা পুথি চর্চার পরিবেশের একান্ত অভাব ছিল।

১৯৩১ খ্রীঃ (এখন হইতে ৪৭ বৎসর পূর্ব্বে) আমি যে সময় কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ষষ্ঠ বার্ষিক বাংলা বিভাগের ছাত্র সেই সময় শ্রদ্ধেয় অধ্যাপক ডক্টর দীনেশ চন্দ্র সেন মহাশয় আমাকে কেতকাদাস ক্ষেমানন্দের মনসামঙ্গল সম্পাদনের কাজে নিযুক্ত করেন। ১৯৩৩ খ্রীঃ যখন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের রামতনু লাহিড়ী সহকারী গবেষকরূপে নিযুক্ত হই তখন কেতকাদাস ক্ষেমানন্দের গ্রন্থ সম্পাদনও আমার গবেষণার অন্যতম বিষয়রূপে গ্রহণ করিয়াছিলাম। কেতকাদাসের মনসামঙ্গলের পুথি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পুথিশালায় তখন ২২ খানি মাত্র ছিল। কিন্তু শুধু কলিকাতা বিশ্ববিদ্যালয়ে রক্ষিত পুথি কয়খানি দেখিলেই হইবে না মনে করিয়া অন্যত্র কোথায় কেতকাদাসের পুথি আছে তাহা অনুসন্ধান করিতে আরম্ভ করি। কেতকাদাসের পুথি অনুসন্ধান করিতে গিয়া অবিভক্ত বাংলা দেশের যে সকল গ্রন্থাগারে বাংলা পুথি আছে তাহার সংবাদ সংগ্রহ করি এবং সেই গ্রন্থাগারে গিয়া পুথি দেখার চেষ্টা করি। অনেক গ্রন্থাগারে কেতকাদাসের পুথি না থাকিলেও আমার অজানা বা সাহিত্যের ইতিহাসে অনুল্লিখিত কোন কোন নূতন কবির নাম ও গ্রন্থ নামের সঙ্গে পরিচিত হই। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পুথিশালার বাহিরে কেতকাদাসের পুথির সন্ধানে আমাকে যেরূপ যাইতে হইয়াছিল, অনুরূপভাবে অন্যান্য গবেষকদেরও পুথির সন্ধানে যাইতে হইবে অনুভব করিয়া গবেষণারত সহকর্মীদের খানিকটা সাহায্যে আসার মানসে আমার দেখা সকল গ্রন্থাগারের বাংলা পুথির সম্পূর্ণ তালিকা সংগ্রহ করার সিদ্ধান্ত করি। কোন কোন ক্ষেত্রে পুথির সংক্ষিপ্ত তালিকা আমাকেই করিতে হইয়াছিল। বাংলা পুথির তালিকা সমন্বয়ের উপকরণ সংগ্রহের সূত্রপাত আমার এইভাবেই।

পুথির তালিকা সংগ্রহের প্রথম পর্যায়ে এই গ্রন্থের পরিকল্পনা আমার মনে ছিল না। সংগৃহীত তালিকার সংখ্যা যখন ক্রমশঃই বৃদ্ধি পাইতেছিল, সেই সময় আসামের তদানীন্তন D. P. I. শ্রদ্ধেয় সতীশচন্দ্র রায় এম. এ., আই. ই. এস. (M. A., I. E. S.) মহাশয় শ্রীহট্ট মুরারিচাঁদ কলেজে স্থায়ীভাবে আমাকে লইয়া যাইবার ব্যবস্থা করেন। বস্তুতঃ ঐ পদের জন্য প্রার্থী ছিলাম না, দরখাস্ত ও করি নাই। নবস্থাপিত শ্রীহট্ট সাহিত্য পরিষৎকে যাহাতে সম্পূর্ণ ভাবে সেবা করিতে পারি সেই উদ্দেশ্যে আমাকে শ্রীহট্টে লইয়া যাওয়া হয়। ঐ বৎসর মুরারিচাঁদ কলেজে বাংলা অনার্স ও খোলা হয়। ১৯৪১ খ্রীষ্টাব্দ হইতে ১৯৪৩ খ্রীষ্টাব্দ পর্যন্ত দুই বৎসর শ্রীহট্টে ছিলাম। সেই সময় শ্রীহট্ট সাহিত্য পরিষৎ

পত্রিকার সহকারী সম্পাদক রূপে সাহিত্য পরিষৎ গ্রন্থাগারে রক্ষিত বাংলা পুথির তালিকা সঙ্কলনে প্রয়াসী হই এবং ১৯৫১ খ্রীষ্টাব্দে আমার সম্পাদনায় শ্রীহট্ট সাহিত্য পরিষৎ গ্রন্থাগারে রক্ষিত বাংলা পুথির তালিকা প্রথম খণ্ড প্রকাশিত হয়।

১৯৪৩ খ্রীষ্টাব্দে নূতন কর্মস্থল গৌহাটী কটন কলেজে যোগদান করি। সেই সময় কটন কলেজের বাংলা বিভাগ সংস্কৃত বিভাগের সঙ্গে যুক্ত ছিল। সেখানে শুধু মাত্র বাংলা Vernacular রূপেই পড়ান হইত। Honours, Second Language বা Alternative Bengali কিছুই পড়াইবার ব্যবস্থা ছিল না। ফলে আমার অবসরও যথেষ্ট ছিল। কাজেই বাংলা পুথির তালিকার প্রতি বিশেষভাবে আবার দৃষ্টি পড়ে। সে সময় হইতেই আউফ্রেশ্‌টের আদর্শ বাংলা পুথির তালিকা সমন্বয় সঙ্কলনের পরিকল্পনা প্রথম মনে আসে। ১৯৩১ খ্রীষ্টাব্দে যে পুথির তালিকা সংগ্রহের সূত্রপাত, প্রায় এক যুগ পরে ১৯৪৩ খ্রীষ্টাব্দে গৌহাটীতে তাহা গ্রন্থাকারে রূপ দিবার ব্রত গ্রহণ করি।

শতাধিক বর্ষ পূর্বে এক জার্মান পণ্ডিত, তাঁহার পক্ষে বিদেশী ভাষা সংস্কৃতের প্রতি শ্রদ্ধাশীল হইয়া সংস্কৃত পুথির তালিকা সমন্বয় রচনার যে দুশ্চর ব্রত গ্রহণ করিয়াছিলেন, তাহা ৩০ বৎসর পরিশ্রমের ফলে প্রথম প্রকাশিত হইয়াছিল। তাঁহার চিহ্নিত পথে শতাব্দীকাল পরে এক বাঙালী অকিঞ্চন গবেষক চলিতে গিয়া এই চলার পথ ভাবীকালের গবেষকদের পক্ষে আরও খানিকটা সুগম, খানিকটা প্রশস্ততর করার বিষয়ে চিন্তা করিয়াছে। ফলে আউফ্রেশ্‌টের আদর্শে রচিত এই গ্রন্থ 'বাংলাপুথির তালিকা সমন্বয়' খানিকটা নূতন ভাবে সংকলিত হইয়াছে। নিম্নে প্রস্তাবিত গ্রন্থের সঙ্কলন রীতি সংক্ষেপে বিবৃত হইল।

এই বাংলা পুথির তালিকা সমন্বয় প্রধানতঃ তিনটি ভাগে বিভক্ত। যথা (১) বর্ণানুক্রমিক পুথিসূচী (২) বর্ণানুক্রমিক পুথিরচয়িতা সূচী (৩) বিষয় সূচী। বর্ণানুক্রমিক পুথিসূচী বিভাগে দেখা গেল যে কোন কোন ক্ষেত্রে একই পুথির কয়েকশত প্রতিলিপি রহিয়াছে। এমন কি একই পুথির অধ্যায় বা খণ্ড বিশেষের প্রতিলিপির সংখ্যাও শতাধিক। এরূপ অবস্থায় গবেষক কি করিবেন? প্রথম কোন্ পুথি দেখা বাঞ্ছনীয় কে বলিয়া দিবে? এই জাতীয় প্রাসঙ্গিক প্রশ্ন মনে জাগিবার ফলে পুথি সমূহকে প্রধানতঃ দুই ভাগে বিভক্ত করার সিদ্ধান্ত করি। লিপিকালের উল্লেখযুক্ত পুথি ও লিপিকালের উল্লেখহীন পুথি, এই দুই ভাগে বিভক্ত করিবার ফলে দেখা গেল যে লিপিকালের উল্লেখযুক্ত পুথিও কোন কোন ক্ষেত্রে শতাধিক। সে ক্ষেত্রে গবেষকের মনে একই প্রশ্ন জাগিবে—কোন পুথি প্রথম দেখিতে হইবে? ফলে লিপিকালের উল্লেখযুক্ত পুথি আবার দুই ভাগে বিভক্ত করা হইল, লিপিকালের উল্লেখসহ সম্পূর্ণ পুথি, লিপিকালের উল্লেখসহ খণ্ডিত পুথি। অনুরূপভাবে লিপিকালের উল্লেখহীন পুথি সমূহও দুইভাগে বিভক্ত হইল--লিপিকালের উল্লেখহীন সম্পূর্ণ পুথি, লিপিকালের উল্লেখহীন খণ্ডিত পুথি। সঙ্কলিত এই গ্রন্থে ক, খ, গ, ঘ এই চারিটি অক্ষরের দ্বারা যথাক্রমে লিপিকালের উল্লেখসহ সম্পূর্ণ পুথি, লিপিকালের উল্লেখসহ খণ্ডিত পুথি, লিপিকালের উল্লেখহীন সম্পূর্ণ পুথি, লিপিকালের উল্লেখহীন খণ্ডিত পুথি নির্দেশ করা হইয়াছে।

পূর্বেই বলা হইয়াছে লিপিকালের উল্লেখসহ সম্পূর্ণ পুথির সংখ্যাও কোন কোন ক্ষেত্রে শতাধিক। এরূপ স্থলে গবেষকের পক্ষে কোন পুথি প্রথম দেখা শ্রেয় এই প্রশ্নের সমাধান হয় নাই অনুভব করি। লিপিকালের উল্লেখসহ পুথি সমূহকে কালানুক্রমিক সাজাইয়া দিলে ইহা গবেষকদের নিকট আরও খানিকটা সহায়ক হইতে পারে মনে করিয়া এই শ্রেণীর পুথি সমূহকে কালানুক্রমিক সাজাইবার কাজে উৎসাহের সঙ্গে লাগিয়া যাই। কিন্তু কিছুক্ষণ কাজ করার পর মনে হইল কালানুক্রমিক পুথির তালিকা নির্দেশ আমার পক্ষে সম্ভব নহে। কারণ বাংলা পুথিতে লিপিকাল প্রধানতঃ বঙ্গাব্দে দেওয়া থাকিলেও বঙ্গাব্দ ব্যতীত শকাব্দ, খ্রীষ্টাব্দ, সংবৎ, মল্লাব্দ, ত্রিপুরাব্দ, হিজরী, মঘী, পরগণাতি সন প্রভৃতি বহু জাতীয় অব্দের উল্লেখ আছে। ফলে বিভিন্ন অব্দকে বঙ্গাব্দে রূপান্তর করিয়া এক দীর্ঘ তালিকা (চার্ট) প্রস্তুত করিতে হইল। বর্তমান গ্রন্থে কালানুক্রমিক লিপিকালের উল্লেখযুক্ত পুথি সমূহ সাজান হইয়াছে। বঙ্গাব্দ ব্যতীত অন্যান্য অব্দযুক্ত পুথির সংখ্যার পাশে প্রথমে, প্রথম বন্ধনীর মধ্যে বঙ্গাব্দ নির্দেশ করিয়া পরে তৃতীয় বন্ধনীর মধ্যে মূল অব্দ নির্দেশ

করা হইয়াছে। ক ও খ বিভাগের পুথিসমূহ কালানুক্রমিক বিন্যস্ত হইয়াছে, কিন্তু গ ও ঘ বিভাগের পুথিসমূহ বিভিন্ন গ্রন্থাগারের নামসংকেতের এবং ব্যক্তিগত সংগ্রহের বর্ণানুক্রমিক প্রদত্ত হইয়াছে। সম্পূর্ণ গ্রন্থখানি হয় কালানুক্রমিক, নয় বর্ণানুক্রমিক ভাবে বিন্যস্ত হইয়াছে।

প্রথম ভাগ নিম্নোক্ত রীতিতে সঙ্কলিত —

১। অকারাদি বর্ণানুক্রমিক পুথির নাম নির্দেশ করিয়া একাধিক রচয়িতার ক্ষেত্রে বর্ণানুক্রমিক রচয়িতাদের নাম উল্লেখ করা হইয়াছে। যে সকল ক্ষেত্রে রচয়িতার নাম পুথির তালিকা প্রস্তুতকারীরা নির্দেশ করিতে পারেন নাই, সেই সকল স্থলে পুথির নামের পরে রচয়িতার স্থলে 'অজ্ঞাত' নির্দেশ করা হইয়াছে।

২। এই বিভাগে পুথি সমূহকে চারিটি অংশে বিভক্ত করা হইয়াছে। এই চারিটি অংশ যথাক্রমে ক, খ, গ, ঘ সংকেতের দ্বারা নির্দেশিত হইয়াছে।

ক / লিপিকালের উল্লেখযুক্ত সম্পূর্ণ পুথি।
খ / লিপিকালের উল্লেখযুক্ত খণ্ডিত পুথি।
গ / লিপিকালের উল্লেখহীন সম্পূর্ণ পুথি।
ঘ / লিপিকালের উল্লেখহীন খণ্ডিত পুথি।

ক / এবং খ/অংশে সর্বত্র পুথির লিপিকাল নির্দেশ করা হইয়াছে; রচনা কাল নহে। রচনাকালের ক্ষেত্রে পৃথকভাবে তৃতীয় বন্ধনীর মধ্যে তাহা উল্লেখ করা হইয়াছে।

৩। এই ভাগে সর্বত্র দুইটি রীতি অনুসৃত হইয়াছে—কালানুক্রমিক ও বর্ণানুক্রমিক। উপরে উল্লিখিত ক /ও খ/ অংশে অর্থাৎ লিপিকালের উল্লেখযুক্ত সম্পূর্ণ পুথি ও লিপিকালের উল্লেখযুক্ত খণ্ডিত পুথির ক্ষেত্রে সর্বত্র কালানুক্রমিক রীতি অনুসৃত হইয়াছে। বাংলা পুথিতে বহু রকমের কালের (অব্দের) উল্লেখ আছে। এ ক্ষেত্রে কালানুক্রম বুঝাইতে হইলে একটি কালে (অব্দে) অন্যান্য অব্দকে রূপান্তরিত করা ব্যতীত গত্যন্তর নাই। এ ক্ষেত্রে 'বঙ্গাব্দ'কে আদর্শ রূপে গ্রহণ করা হইয়াছে। কারণ বাংলা পুথির অধিকাংশ স্থলে লিপিকাল বঙ্গাব্দে উল্লিখিত। ফলে ক/ও/খ অংশে বিভিন্ন গ্রন্থাগারের পুথির সংখ্যা উল্লেখ করিয়া প্রথম বন্ধনী মধ্যে ঐ পুথির লিপিকালের উল্লেখ করা হইয়াছে। প্রথম বন্ধনীস্থ প্রতি সংখ্যাই বঙ্গাব্দ জ্ঞাপক। মূল পুথিতে বঙ্গাব্দের পার্শ্বে অথবা বঙ্গাব্দ ব্যতীত অন্য যে অব্দের উল্লেগ আছে তাহা তৃতীয় বন্ধনীর মধ্যে নির্দেশ করিয়া তাহা কোন্ অব্দ বলা হইয়াছে। দৃ° আগম—যুগল কিশোর দাস, ক / বিশ্ব. ৪৭ (১২২৩) [১৭৩৮ শক] [পৃ ১১ / ১]

উপরে উল্লিখিত গ/ ও ঘ/অংশ অর্থাৎ লিপিকালের উল্লেখহীন সম্পূর্ণ পুথি ও লিপিকালের উল্লেখহীন খণ্ডিত পুথি সর্বত্র গ্রন্থাগারের নাম সংকেতের বর্ণানুক্রমে সাজান হইয়াছে। দৃ° অঙ্গদ রায়বার—কবিচন্দ্র দ্বিজ,...গ/ ঢা. বি. ৬২ ৬; বি. ৫২১৯; সা. ১৮৯৩, ১৮৯৫; সা. চি. ৩৮২। ঘ / বরেন্দ্র. শ. ৯২, ৯৩, ৯৪, ৯৫; ব. সা. ১১৩; বি. ৫৪৮৬; বিশ্ব. ৪২৫, ৬০২, ১১০৩, ২০৪৫, ৩৯৯৯, ৪৩৩১, ৫৭৬৪; সা. ১৮৯৪। [পৃ ৪/২]

এই গ্রন্থে পুথির নাম, তাহার অধ্যায়, অনুচ্ছেদ, কাণ্ড, খণ্ড, পরিচ্ছেদ, পর্ব, ভাগ, লীলা প্রভৃতির ক্ষেত্রে সর্বত্র বর্ণানুক্রম অনুসৃত হইয়াছে। ইহার ফলে মূল পুথির অধ্যায়, কাণ্ড, খণ্ড, পর্ব, ভাগ, লীলা ইত্যাদির পর্যায় রক্ষা করা হয় নাই। দৃষ্টান্ত যথা—রামায়ণ ৭ কাণ্ডে বিভক্ত। মূলের পর্যায় এইরূপ—আদিকাণ্ড, অযোধ্যাকাণ্ড, অরণ্যকাণ্ড, কিষ্কিন্ধ্যাকাণ্ড, সুন্দরাকাণ্ড, লঙ্কাকাণ্ড, উত্তরাকাণ্ড। কিন্তু এ ক্ষেত্রে মূল গ্রন্থের পর্যায় ভঙ্গ করিয়া বর্ণানুক্রমের অনুরোধে নিম্নোক্ত পর্যায় গৃহীত হইয়াছে—অযোধ্যাকাণ্ড, অরণ্যকাণ্ড, আদিকাণ্ড, উত্তরাকাণ্ড, কিষ্কিন্ধ্যাকাণ্ড, লঙ্কাকাণ্ড, সুন্দরাকাণ্ড। তদ্রূপ চৈতন্যচরিতামৃত আদি খণ্ড/ লীলা, মধ্য খণ্ড / লীলা, অন্ত্য খণ্ড / লীলা, পর্যায় অনুসারে রচিত হওয়া সত্ত্বেও বর্ণানুক্রমের জন্য এক্ষেত্রে অন্ত্য খণ্ড/লীলা, আদিখণ্ড/লীলা, মধ্যখণ্ড / লীলা পর্যায় অনুসারে নির্দেশ করা হইয়াছে। অনুচ্ছেদ, অধ্যায় প্রভৃতিও একই রীতিতে বর্ণানুক্রমে এই গ্রন্থে গৃহীত হইয়াছে। রামায়ণ ও মহাভারতের ক্ষেত্রে মূল পর্যায় অনুসারে না সাজাইয়া প্রথমতঃ কাণ্ড/পর্ব বর্ণানুক্রমে সাজান হইয়াছে; পরে বিভিন্ন কাহিনী বর্ণানুক্রমে বিন্যস্ত। দৃ° রামায়ণ—কৃত্তিবাস, প্রথম বর্ণানুক্রমিক কাণ্ড সমূহ নির্দেশ করিয়া [পৃ ২৪৯/২ হইতে পৃ ২৫৪/২ দ্র] পরে বর্ণানুক্রমিক—অঙ্গদ রায়বার, অঙ্গুরী সংবাদ, অতিকায় পালা...হরিশচন্দ্র উপাখ্যান, হরিশচন্দ্র পালা,

হরিশচন্দ্র স্বর্গারোহণ প্রভৃতি ১৪৯ রকম নামাঙ্কিত কাহিনী সংযুক্ত হইয়াছে। [পৃ ২৫৪/২ হইতে পৃ ২৬০/১ দ্র]।

পুথির তালিকা সমূহকে গ্রন্থাকারে সাজাইতে গিয়া নানা বিষয়ে অসুবিধার সম্মুখীন হইতে হইয়াছে। পদাবলী, পদ্মাপুরাণ এবং অন্যান্য পুথির ক্ষেত্রে একই পুথির একাধিক গ্রন্থরচয়িতার নাম লক্ষ্য করিয়া, বর্ণানুক্রমিক পুথি এবং পুথি রচয়িতার নাম নির্দেশের উদ্দেশ্যে প্রত্যেক পুথি ও রচয়িতার জন্য পৃথক 'স্লিপ' করিতে হয়। কিন্তু এখন হইতে ৩৫।৪০ বৎসর পূর্বে বিভিন্ন গ্রন্থাগারে রক্ষিত তালিকায় প্রদত্ত পুস্তকের ক্রমিক সংখ্যা বর্তমানে পরিবর্তিত হওয়ায় এত বৎসরের পরিশ্রমের ফলে এই গ্রন্থের পাণ্ডুলিপির জন্য যে 'স্লিপ' প্রস্তুত করিয়াছিলাম তাহা বাতিল করিয়া পুনরায় নূতন সংখ্যা যুক্ত 'স্লিপ প্রস্তুত করিতে হয়। দৃষ্টান্তস্বরূপ নিম্নে এ জাতীয় কয়েকটি গ্রন্থাগারের উল্লেখ করা হইল :

(১) ১৯৩৩ খ্রীষ্টাব্দে বিশ্বভারতী গ্রন্থাগারে রক্ষিত বাংলা পুথির তালিকা স্বহস্তে নকল করিয়া আনি। ১৯৫১ খ্রীষ্টাব্দে বিশ্বভারতীর 'পুথি পরিচয়' প্রথম খণ্ড প্রকাশিত হয়। এই মুদ্রিত তালিকায় পুথির নূতন সংখ্যা নির্দেশ করা হইয়াছে। ফলে পূর্বে নকল করা সম্পূর্ণ তালিকা বাতিল করিতে হইল।

(২) বহু বৎসর পূর্বে বরাহনগর পাঠবাড়ীর পুথির তালিকা সংগ্রহ করিয়াছিলাম, তাহা বিভিন্ন 'স্লিপে' সাজান হইয়াছিল। কিন্তু ১৯৬৭ খ্রীষ্টাব্দে প্রকাশিত পাঠবাড়ীর তালিকায় পুথি সমূহের নূতন সংখ্যা নির্দেশ করা হয়, ফলে আমাকেও পুরাতন সকল 'স্লিপ' বাতিল করিয়া 'নূতন স্লিপ' যথাস্থানে সংযুক্ত করিতে হয়।

(৩) সিউড়ি বীরভূমের স্বর্গত শিবরতন মিত্র মহাশয়ের সঙ্গে আমার ছাত্রাবস্থায় পরিচয় হইয়াছিল। সে প্রায় অর্ধশতাব্দী পূর্বের কথা। তাঁহার সংগৃহীত ২০১ খানি বাংলা পুথির তালিকা বঙ্গীয় সাহিত্য পরিষৎ ১৯২০ খ্রীষ্টাব্দে প্রকাশ করেন। এই সংগ্রহে অনেক পুথি ছিল। আমি তাঁহার বাড়ীতে গিয়া কিছু পুথির তালিকা নকল করিয়া আনিয়াছিলাম। তাঁহার পুত্র গৌরীহর মিত্র মহাশয় আমার বিশেষ প্রীতিভাজন ব্যক্তি ছিলেন। আমার অনুরোধে তিনি তাঁহার পারিবারিক সংগ্রহের ৪৬৬৭ পুথির এক তালিকা স্বহস্তে নকল করিয়া ১৯৪৫ খ্রীষ্টাব্দের ২৫শে নভেম্বর আমাকে পাঠাইয়া দেন। তাঁহার স্বহস্ত লিখিত এই তালিকা আমার মোক্ষদা সংগ্রহে সযত্নে রক্ষিত আছে। প্রীতিভাজন গৌরীহর মিত্র মহাশয়ের মৃত্যুর পর মাতাপিতৃহীন তাঁহার সন্তানদের পক্ষে এই বিশাল পুস্তক সংগ্রহ রক্ষা সম্ভব হয় নাই। শুনিয়াছি অধিকাংশ পুথি এখন বিশ্বভারতী গ্রন্থাগারে রক্ষিত আছে, এবং পুথির ক্রমিক সংখ্যাও স্বাভাবিক ভাবেই পরিবর্তিত। ফলে ২০১ খানি পুথির যে তালিকা মুদ্রিত শুধু তাহা রাখিয়া অবশিষ্ট সকল তালিকা আমাকে বাতিল করিতে হয়। যে ২০১ খানি পুথির তালিকা, এই তালিকা সমন্বয়ে উল্লেখ করা আছে, তাহা এখন কোন্ গ্রন্থাগারে আছে, তাহাও আমার পক্ষে বলা শক্ত।

(৪) বিষ্ণুপুর সাহিত্য পরিষদে কিছু বাংলা পুথি সংগৃহীত হইয়াছে অবগত হইয়া আমি বিষ্ণুপুর যাই। কয়েকদিন বিষ্ণুপুর থাকিয়া সম্পাদক মহাশয় এবং কতিপয় উৎসাহী সাহিত্য পরিষৎ-প্রেমীর অকুণ্ঠ সহায়তায় বাংলা পুথির এক তালিকা করিয়া দিয়া আসিয়াছিলাম। এক প্রস্থ-তালিকা আমার সঙ্গে লইয়া আসি। এখন শুনিতেছি, পুথির যে সংখ্যা আমি নির্দেশ করিয়া আসিয়াছিলাম তাহা পরে পরিবর্তিত করিয়া নূতন সংখ্যা নির্দেশ করা হইয়াছে। আমি এ বিষয়ে সম্পাদক মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিলে তিনি আমাকে জানাইয়াছেন যে তাঁহাদের নির্দেশিত নূতন সংখ্যার পাশে আমার প্রদত্ত পুরাতন সংখ্যাটি লিখিয়া রাখিবেন।

(৫) বহু বৎসর পূর্বে বর্ধমান সাহিত্য সভায় রক্ষিত বাংলা পুথির তালিকা নকল করিয়া আনিয়াছিলাম। এখন শুনিতেছি ঐ তালিকার সংখ্যাও পরিবর্তিত হইয়াছে। নূতন প্রদত্ত সংখ্যার পাশে তাঁহারা যদি অনুগ্রহপূর্বক পূর্বনির্দিষ্ট সংখ্যা লিখিয়া রাখেন তাহা হইলে ভাবী গবেষকের পক্ষে বর্তমান গ্রন্থ ব্যবহারে কোনরূপ অসুবিধা হইবে না।

(৬) আমার ব্যক্তিগত মোক্ষদা সংগ্রহ সম্পর্কেও একই কথা প্রযোজ্য। আমার পুথির সংগ্রহ কাল ১৯২৯ খ্রীষ্টাব্দ হইতে ১৯৪১ খ্রীষ্টাব্দ। ১৯৪১ খ্রীষ্টাব্দে আমি যখন শ্রীহট্ট মুরারিচাঁদ কলেজে যোগ দেই, সেই সময় হইতে

শ্রীহট্ট সাহিত্য পরিষদের জন্য পুথি সংগ্রহের কাজে লিপ্ত হই। ১৯৪৩ খ্রীষ্টাব্দে যখন গৌহাটী কটন কলেজে বদলি হই সেই সময় আমার সংগৃহীত যাবতীয় পুথিপত্র শ্রীহট্ট সাহিত্য পরিষৎ মন্দিরের একটি কোঠায় রাখিয়া আসি। পাকিস্তান সৃষ্টির সঙ্গে সঙ্গে শ্রীহট্ট সাহিত্য পরিষৎ মন্দির অল্প সময়ের নোটিশে জবর দখল করিলে সাহিত্য পরিষদের বই পত্র, কিছু কিছু আসবাব পত্র সহ শ্রীহট্ট ব্রাহ্মমন্দিরে স্থানান্তরিত করা হয়। আমার পুথিপত্র শ্রীহট্ট সাহিত্য পরিষদের তদানীন্তন সম্পাদক আমার পূজনীয় অধ্যাপক ৺শশিমোহন চক্রবর্তী মহাশয়ের চালিবন্দরস্থ বাড়ীর সম্মুখের খালি জায়গায় ফেলিয়া আসা হয়। আমার এই প্রৌঢ় অধ্যাপক তাঁহার বাড়ীর দুইটি বড় কোঠায় আমার পুথি পত্র স্তূপ করিয়া রাখিয়া দেন। ঐ সময় অধিকাংশ পুথি এলোমেলো হইয়া পড়ে। কিছু কিছু হারাইয়াও যায়। গত ১৯৫০ খ্রীষ্টাব্দে শ্রীহট্ট হইতে আমার পুথি পত্র গৌহাটী লইয়া আসিয়া যখন আমার পূর্বে করা তালিকার সঙ্গে আনীত পুথিগুলি মিলাইতে গেলাম, তখন দুঃখের সঙ্গে লক্ষ্য করিলাম আমার পূর্বের করা তালিকার সঙ্গে এই ছিন্নভিন্ন বিপর্যস্ত পুথিগুলি মিলান প্রায় অসম্ভব। তাই নূতন করিয়া পুথির তালিকা করিতে হইল। ফলে এ স্থলেও পূর্বের 'স্লিপ' সমূহ বাতিল হইয়া গেল।

(৭) রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ে কতিপয় বাংলা পুথি সংগৃহীত হইয়াছে। আমি এই সংগ্রহের ৪০ খানি পুথি দেখিয়া তাঁহাদের দ্বারা প্রস্তুত হস্তলিখিত তালিকা নকল করিয়া আনিয়াছিলাম। ইহা এই গ্রন্থের "সংযোজন" অংশে মুদ্রিত হইয়াছে। রবীন্দ্র ভারতী পত্রিকার গত মাঘ-চৈত্র ১৩৮৪ সংখ্যায় ২৫ খানি পুথির এক তালিকা মুদ্রিত হইয়াছে। এই তালিকার বিভিন্ন পুথির ক্রমিক সংখ্যার সঙ্গে হস্তলিখিত তালিকার ক্রমিক সংখ্যার মিল নাই। কোন হস্তলিখিত তালিকা মুদ্রিত না হওয়া পর্যন্ত পুথির ক্রমিক সংখ্যা পরিবর্তনের সম্ভাবনা থাকিয়া যায়। রবীন্দ্র-ভারতী পত্রিকায় প্রকাশিত পুথি সংখ্যার পাশে হস্তলিখিত তালিকার পুথি সংখ্যা নির্দেশ করা বাঞ্ছনীয়। এই গ্রন্থের সংযোজন অংশের মুদ্রণকার্য শেষ হইয়া যাওয়ায় এক্ষেত্রে 'স্লিপ' তৈয়ারীর ও তদনুযায়ী নূতন সংখ্যা নির্দেশেরও আর অবকাশ নাই।

১৯৪০ খ্রীষ্টাব্দের বড়দিনের ছুটিতে ঢাকা গিয়া ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা সাহিত্য পরিষৎ, ঢাকা মিউজিয়াম ও জগন্নাথ ইন্টারমিডিয়েট কলেজে রক্ষিত বাংলা পুথির তালিকা নকল করিয়া আনিয়াছিলাম। ঢাকা পূর্ব পাকিস্তানের রাজধানী হওয়ার পর (বর্তমানে যাহার নাম বাংলাদেশ রাষ্ট্র) আমার আনীত ঢাকা বিশ্ববিদ্যালয়ে রক্ষিত বাংলা পুথির তালিকার ক্রমিক সংখ্যাসমূহ আমার ভূতপূর্ব সহকর্মী ডক্টর এনামুক হক সাহেবের নিকট এক সময় পাঠাইয়া দেই। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের বর্তমান প্রধান অধ্যাপক ডক্টর আহমদ শরীফ সাহেব জানাইয়াছেন যে বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা পুথির সংখ্যা প্রায় পচিশ হাজার। বাংলা পুথি রসিক মাত্রের নিকট এই সংবাদ অত্যন্ত আনন্দের সন্দেহ নাই। মুদ্রিত আকারে এই তালিকা প্রকাশিত হইলে গবেষকরা বিশেষ উপকৃত হইবেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে রক্ষিত আবদুল করিম সাহিত্য বিশারদ মহাশয়ের সংগ্রহের বাংলা পুথির তালিকা ঢাকা বিশ্ববিদ্যালয় ১৯৫৮ খ্রীষ্টাব্দে গ্রন্থাকারে প্রকাশ করেন। এই তালিকার এক ইংরাজী সংস্করণ এশিয়াটিক সোসাইটি পাকিস্তান ১৯৬০ খ্রীষ্টাব্দে ঢাকা হইতে প্রকাশ করিয়াছিলেন। আবদুল করিম সাহেবের সংগ্রহ ব্যতীত অন্য পুথির তালিকা এ যাবৎ প্রকাশিত হয় নাই। ভবিষ্যতে ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলা পুথির তালিকা প্রকাশ করিলে ১৯৪১ খ্রীষ্টাব্দের পূর্বের তালিকাবদ্ধ পুথি সমূহের ক্রমিক সংখ্যা পরিবর্তন না করার জন্য অনুরোধ জানাই। পরিবর্তন করিলে, পরিবর্তিত সংখ্যার পার্শ্বে আমার নির্দেশিত সংখ্যা থাকা বাঞ্ছনীয়। ভাবী গবেষকেরা এই গ্রন্থ নির্দিষ্ট সংখ্যা যুক্ত পুথি যাহাতে সহজে পাইতে পারেন তাহার ব্যবস্থা থাকা কর্তব্য। আমার অনুরোধে বাংলা একাডেমীর সভাপতি প্রীতিভাজন সৈয়দ মূর্তাজা আলী সাহেব এবং ডক্টর আহমদ্ শরীফ সাহেব ঢাকা বাংলা একাডেমীতে রক্ষিত বাংলা পুথির তালিকা টাইপ করাইয়া পাঠাইয়াছেন। এই তালিকা দুই ভাগে বিভক্ত। (১) মুসলমান কবি রচিত পুথি, (২) হিন্দু কবি রচিত পুথি। মুসলমান কবি রচিত পুথির সংখ্যা ৫৭৩ এবং হিন্দু

কবি রচিত পুথির সংখ্যা ৪৯৫। এতদ্ব্যতীত ১০৬ খানি সংস্কৃত পুথির এক পৃথক তালিকা ও আমাকে পাঠাইয়াছেন। এ যাবৎ সঙ্কলিত ও প্রকাশিত কোন তালিকাই বিভিন্ন ধর্মাবলম্বী হিসাবে মুসলমান, হিন্দু, বৌদ্ধ, খ্রীষ্টান হিসাবে সঙ্কলন করা হয় নাই। বাংলা একাডেমী এক্ষেত্রে নূতন রীতির প্রবর্তক হিসাবে স্মরণীয় হইয়া থাকিবেন।

১৯৪৩ খ্রীষ্টাব্দে কটন কলেজের অধ্যাপক রূপে আমি স্থায়ীভাবে গৌহাটীবাসী হই। ১৯৬৪ খ্রীষ্টাব্দে গৌহাটী কটন কলেজ হইতে অবসর লইয়া গৌহাটী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রধান হিসাবে যোগ দেই। সেই সময় আমার সংগৃহীত সকল পুথির তালিকা অবলম্বনে এই গ্রন্থের প্রথম হস্তলিখিত পাণ্ডুলিপি প্রস্তত করি। এই গ্রন্থ ছাপিতে হইলে সম্পূর্ণ পাণ্ডুলিপি প্রেসে দিতে হইবে, আমার হাতেও এক প্রস্থ পাণ্ডুলিপি থাকা নিতান্ত প্রয়োজন। তাই এই গ্রন্থ টাইপ করিয়া লইতে মনস্থির করি। সেই সময় গৌহাটীতে বাংলা টাইপরাইটিং মেশিন বেশি ছিল না। বাধ্য হইয়া একটি নূতন মেশিন ক্রয় করিয়া লই। এক যুবককে প্রায় নয় মাস টাইপ শিখাইয়া এই গ্রন্থ টাইপ করাইয়াছিলাম। প্রায় হাজার পৃষ্ঠার টাইপ করা পাণ্ডুলিপি প্রস্তত হইল, তখনও এই গ্রন্থের ভূমিকা বা পরিশিষ্ট রচনার কথা মনে জাগে নাই।

ইতিমধ্যে গত ১৯৬৯ খ্রীষ্টাব্দে যাদবপুর বিশ্ববিদ্যালয় All India Oriental Conference-এর রজত জয়ন্তী অধিবেশনের ব্যবস্থা করেন। ইঁহারাই সর্বপ্রথম এই সম্মেলনে ‘বাংলা ভাষা ও সাহিত্য’ শাখার প্রবর্তন করেন। আমি তখন গৌহাটী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের সঙ্গে যুক্ত। আমাকে ঐ অধিবেশনে যোগ দিতে এবং বাংলা ভাষা ও সাহিত্য সম্পর্কে একটি প্রবন্ধ রচনা করিতে তাঁহারা অনুরোধ জানান। আমার সঙ্কলিত ‘বাংলা পুথির তালিকা সমন্বয়’ সম্পর্কে একটি ক্ষুদ্র প্রবন্ধ লিখিয়া তাঁহাদের নিকট পাঠাইয়া দেই। প্রবন্ধ পাঠের পর উক্ত সম্মেলনের এক কর্তৃপক্ষ আমাকে জানাইলেন যে, প্রবন্ধের বিষয়বস্তু সর্বভারতীয় পণ্ডিত মণ্ডলীর অবগতির জন্য ইংরাজীতে অনূদিত হওয়া বাঞ্ছনীয়। সেইজন্য প্রবন্ধটির ইংরাজী অনুবাদ সাইক্লোষ্টাইল করিয়া ১৯৫৯ খ্রীষ্টাব্দের ২৯, ৩০, ৩১ অক্টোবর তারিখে অনুষ্ঠিত বাংলা শাখার অধিবেশনে বিতরিত হয়।

প্রবন্ধ পাঠের শেষে এই গ্রন্থ মুদ্রণের কোন ব্যবস্থা করা আমার পক্ষে সম্ভব হয় নাই জানাইয়া আমার বক্তব্য শেষ করি। এই অধিবেশনের পর আমি পাটনা হইয়া গৌহাটী ফিরিয়া যাই। গৌহাটী ফিরিয়া উক্ত সম্মেলনের কর্তৃপক্ষের এক পত্রে জানিলাম যে “বাংলা ভাষা ও সাহিত্য শাখায়” যোগদানকারী সদস্যদের মধ্যে কেহ কেহ যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সঙ্গে দেখা করিয়া আমায় প্রবন্ধের বিষয়ে বলেন এবং গ্রন্থখানি মুদ্রণ বিষয়ে তাঁহার দৃষ্টি আকর্ষণ করেন। মাননীয় উপাচার্য আমার রচিত এই ক্ষুদ্র প্রবন্ধ পাঠ করিয়া ছিলেন এবং সদস্যদের নিকট অবগত হইয়া ইহার মুদ্রণ সম্পর্কে আগ্রহান্বিত হন। তিনি তদানীন্তন ভারতের শিক্ষামন্ত্রী, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অধ্যক্ষ প্রভৃতির নিকট এই গ্রন্থ মুদ্রণের জন্য আর্থিক সাহায্য চাহিয়া আবেদন করেন। তাঁহার এই আবেদনকে সমর্থন করার জন্য তিনি বিশ্বভারতীর উপাচার্য, জাতীয় অধ্যাপক আচার্য সুনীতি কুমার চট্টোপাধ্যায় প্রভৃতি কয়েকজনের নিকটও পত্র লেখেন। যাদবপুর বিশ্ববিদ্যালয়কে আমার গ্রন্থ মুদ্রণের অনুমতি দিবার জন্য আমাকে পত্র লেখা হয়। এইভাবে ১৯৭০ খ্রীষ্টাব্দে আমার এই গ্রন্থ মুদ্রণের সম্ভাবনা খানিকটা উজ্জ্বল হইয়া উঠিয়াছিল। কিন্তু নানা কারণে তাহা শেষ পর্যন্ত সফল হইয়া উঠে নাই। ইতিমধ্যে বিশ্ববিদ্যালয়ের পূর্ব উপাচার্য, যিনি আমার গ্রন্থ সম্পর্কে আগ্রহান্বিত হইয়াছিলেন, তিনি অবসর গ্রহণ করিলেন, এবং নূতন উপাচার্য নিযুক্ত হইলেন। কিন্তু দুর্ভাগ্যক্রমে এই নূতন উপাচার্য আততায়ীর হস্তে নিহত হওয়ায় সেই সময় বিশ্ববিদ্যালয়ের লেখাপড়ার পরিবেশ অত্যন্ত বিপর্যস্ত হইয়া পড়ে। ইতিমধ্যে উক্ত গ্রন্থ মুদ্রণ সম্পর্কে বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত জানিতে চাহিলে আমাকে জানান হয় যে, এই গ্রন্থ মুদ্রণের দায়িত্ব লওয়া বিশ্ববিদ্যালয়ের পক্ষে সম্ভব নহে। সেই সময় আমি আসাম সরকারের শিক্ষাবিভাগের মাধ্যমে এই গ্রন্থ মুদ্রণের জন্য অনুদান চাহিয়া বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নিকট আবেদন করি, কিন্তু সেখান হইতে আমার আবেদনের কোন

প্রাপ্তি-স্বীকার পত্রও পাই নাই।

ইতিমধ্যে আমি গৌহাটী বিশ্ববিদ্যালয় হইতে অবসর গ্রহণ করিলে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অবসর প্রাপ্ত অধ্যাপক নিয়োগ প্রকল্পে আমাকে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত করা হয়। এখানে আসিয়া আমি অনেকের সহিত পরিচিত হইবার সুযোগ লাভ করি। কিন্তু আমার গ্রন্থ মুদ্রণ সম্পর্কে কোন প্রস্তাব পুনর্বার ইঁহাদের নিকট উত্থাপন করিতে উৎসাহ বোধ করি নাই। ইতিমধ্যে আমার পরিচিত দুই শিক্ষানুরাগী আমাকে বঙ্গীয় সাহিত্য পরিষদের পুথিশালাধ্যক্ষ হইতে অনুরোধ করেন। আমি ১৩৭৯ বঙ্গাব্দের পুথিশালাধ্যক্ষ নিযুক্ত হই। ১০।১১ মাস ব্যাপী আমার কার্যকালের মধ্যে সাহিত্য পরিষদে রক্ষিত ৩৫০০ বাংলা পুথির তালিকা ১২ স্তম্ভে বিভক্ত করিয়া মুদ্রণোপযোগী একটি পাণ্ডুলিপি প্রস্তুত করি। ইহাতে বর্ণানুক্রমিক পুথিসূচী ও গ্রন্থকার সূচী এবং প্রদাতা সূচী সংযুক্ত করিয়া মুদ্রণের জন্য তদানীন্তন সম্পাদককে বুঝাইয়া দেই। তিনি পশ্চিমবঙ্গের শিক্ষামন্ত্রী, শিক্ষা-অধিকর্তা ও শিক্ষাসচিবের নিকট এই তালিকা মুদ্রণের জন্য ১০ হাজার টাকা অনুদান চাহিয়া আবেদন করিয়াছিলেন। কিন্তু তাহাও শেষ পর্যন্ত সফল হয় নাই। ফলে এই তালিকাও অমুদ্রিত অবস্থায় পরিষদে পড়িয়া আছে। অথচ বঙ্গীয় সাহিত্য পরিষদে রক্ষিত বাংলা পুথি সত্যই এক অমূল্য সম্পদ। হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়ের সৌজন্যে বঙ্গীয় সাহিত্য পরিষৎ, দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ সংগৃহীত সম্পূর্ণ পুথি প্রাপ্ত হন। কিন্তু আমাদের দুর্ভাগ্য, দেশবন্ধু সংগৃহীত বাংলা পুথির তালিকা এ পর্যন্ত প্রকাশিত হইল না।

সাহিত্য পরিষদের তদানীন্তন কোষাধ্যক্ষ শ্রীযুক্ত দিলীপ কুমার মিত্র মহাশয়ের সঙ্গে পরিষৎ মন্দিরে আমার প্রথম পরিচয়। তাঁহাকে কথাপ্রসঙ্গে একদিন প্রস্তাবিত বাংলা পুথির তালিকা সমন্বয়ের কথা বলি। ইনিই কিছুদিন পরে এশিয়াটিক সোসাইটির সম্পাদক পদে নির্বাচিত হন এবং এশিয়াটিক সোসাইটিকে এই গ্রন্থ মুদ্রণের জন্য অনুরোধ জানাইয়া পত্র লিখিতে আমাকে নির্দেশ দেন। সে নির্দেশ আমি পালন করি। এবং সেই সূত্রেই সোসাইটির সহিত আমার বন্ধন ঘনিষ্ঠতর হয়। আমি তাঁহাদের নিকট অশেষ কৃতজ্ঞতা পাশে আবদ্ধ হই। ইহাই আমার গ্রন্থ মুদ্রণারম্ভের ইতিহাস।

১৯৩১ খ্রীস্টাব্দে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ষষ্ঠ বার্ষিক শ্রেণীর ছাত্রাবস্থায় যে কাজের সূত্রপাত, তাহা ৪৬ বৎসর পরে এইবার প্রথমখণ্ড রূপে আত্মপ্রকাশ করিল। আমার কয়েকজন শ্রদ্ধেয় অধ্যাপক, প্রীতিভাজন সহকর্মী এবং স্নেহভাজন ছাত্র এই জাতীয় কাজে আমার লিপ্ত থাকার কথা জানিতেন। বিশ্বভারতী গ্রন্থাগারের "পুথি পরিচয় প্রথম খণ্ড" ১৩৫৮ বঙ্গাব্দে (১৯৫১ খ্রীঃ) প্রকাশিত হয় এই গ্রন্থে আমার প্রস্তাবিত গ্রন্থের নিম্নোক্ত উল্লেখ ছিল। "শ্রীযুক্ত যতীন্দ্রমোহন ভট্টাচার্য মহাশয় গত চব্বিশ বৎসর কাল অক্লান্ত পরিশ্রম করিয়া বাংলা পুথির তালিকা সমন্বয় Catalogus Catalogorum প্রস্তুত করিতেছেন বলিয়া শুনিয়াছি। জার্মান পণ্ডিত Aufrecht এর আদর্শে তাঁহার গ্রন্থ সঙ্কলিত হইতেছে। অদ্যাবধি ইহার কোন অংশ প্রকাশিত হয় নাই।" [পৃ ২০৩ দ্রষ্টব্য]

এই গ্রন্থের প্রথম পাণ্ডুলিপি ১৯৬৯ খ্রীঃ প্রস্তুত হইয়াছিল। ১৯৭০ হইতে ১৯৭৭ খ্রীঃ পর্যন্ত কালসীমার মধ্যে আরও কতিপয় বাংলা পুথির তালিকা সংগৃহীত হওয়ার ফলে এই নূতন সংগৃহীত তালিকা "প্রথম সংযোজন" রূপে এই প্রথম ভাগের সঙ্গে যুক্ত হইয়াছে।

আমাদের শাস্ত্রে তিন প্রকার ঋণের উল্লেখ আছে। যথা দেবঋণ, ঋষিঋণ ও পিতৃঋণ। গুরুঋণ—ঋষি ঋণেরই পর্যায়ভুক্ত। আমার দুই শিক্ষাগুরু আচার্য দীনেশচন্দ্র সেন এবং বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ—বাংলা প্রাচীন পুথি চর্চার ক্ষেত্রে আমাকে উদ্বুদ্ধ করিয়াছিলেন। এই গ্রন্থ সম্পাদনের মধ্যে আমার গুরুঋণেরই সশ্রদ্ধ স্বীকৃতি রাখিয়া গেলাম।

এই গ্রন্থ নির্ভুল মুদ্রণের যথাসাধ্য চেষ্টা করিয়াছি। কিন্তু মুদ্রণ প্রমাদ রহিয়াছে লক্ষ্য করিয়া দুঃখ বোধ করিতেছি। দ্বিতীয় খণ্ডে শুদ্ধিপত্র দিবার ইচ্ছা রহিল। ৭০ বৎসর অতিক্রান্ত মানুষের চক্ষুর দৃষ্টি ক্ষীণতর হওয়া একান্ত অস্বাভাবিক নহে। আমার দৃষ্টিক্ষীণতাজনিত এবং অনবধানতাপ্রযুক্ত মুদ্রণ প্রমাদের জন্য পাঠকমণ্ডলীর

সহৃদয় মার্জনা প্রার্থনা করি।

ভারত সরকার ও পশ্চিমবঙ্গ সরকারের অর্থানুকূল্যে এশিয়াটিক সোসাইটি এই গ্রন্থ মুদ্রণের ব্যবস্থা করিয়াছেন। এই গ্রন্থ ১৯৭৭ খ্রীঃ মধ্যে প্রকাশ করার শর্ত ছিল। কিন্তু এই শর্ত রক্ষা করা সম্ভব হয় নাই। "বৈদ্যুতিক গোলযোগ" ও অন্যান্য কারণে প্রেস সময়সীমা রক্ষা করিতে পারেন নাই। আমিও মধ্যে অসুস্থ হইয়া পড়ায় মুদ্রণ কার্য শ্লথ হইয়া পড়ে। এশিয়াটিক সোসাইটির প্রকাশন সম্পাদক মহাশয় এই গ্রন্থ জুন মাসের মধ্যে প্রকাশ করিতে কৃতসংকল্প হওয়ায় ৪০০ পৃষ্ঠার এই প্রথম খণ্ড প্রকাশের ব্যবস্থা হইল।

॥ দ্বিতীয় খণ্ড ॥

প্রস্তাবিত দ্বিতীয় খণ্ডে নিম্নোক্ত কয়টি বিষয় থাকিবে। (১) বর্ণানুক্রমিক পুথিরচয়িতা সূচী, (২) বর্ণানুক্রমিক বিষয়সূচী। এতদ্ব্যতীত নিম্নলিখিত কয়টি পরিশিষ্ট থাকিবে।

[ক] এ পর্যন্ত সম্পাদিত ও গ্রন্থাকারে প্রকাশিত কতিপয় বাংলা পুথি।

[খ] এ পর্যন্ত প্রবন্ধাকারে প্রকাশিত কতিপয় বাংলা পুথি।

[গ] যে সকল গ্রন্থাগারে বাংলা পুথি আছে তাহাদের সংক্ষিপ্ত পরিচয়।

[ঘ] বাংলা পুথির তালিকা কারকদের সংক্ষিপ্ত পরিচয়।

[ঙ] বাংলা পুথিসংগ্রাহকদের সংক্ষিপ্ত পরিচয় ইত্যাদি।

॥ কৃতজ্ঞতা জ্ঞাপন ॥

আমার অনুরোধে ভারতের ও ভারতের বাহিরের কোন কোন গ্রন্থাগার-কর্তৃপক্ষ তাঁহাদের সংগৃহীত বাংলা পুথির তালিকা আমাকে পাঠাইয়াছেন। ইঁহাদের মধ্যে আমার ব্যক্তিগত পরিচিতের সংখ্যা অতি সীমিত। অপরিচিতের সংখ্যাই অধিক। এই সকল পুথি-রসিকদের উদ্দেশ্যে আমার বিনম্র শ্রদ্ধাঞ্জলি নিবেদন করিলাম। ইঁহাদের নিকট আমি বিশেষ ভাবে কৃতজ্ঞ।

এশিয়াটিক সোসাইটির কর্তৃপক্ষ এই গ্রন্থ মুদ্রণ ব্যাপারে আগ্রহী হইয়া ভারত সরকার ও পশ্চিমবঙ্গ সরকার হইতে এই উদ্দেশ্যে আর্থিক অনুদান সংগ্রহ করিয়া ইহার মুদ্রণ সম্ভবপর করিয়াছেন। ভারত সরকার, পশ্চিমবঙ্গ সরকার এবং এশিয়াটিক সোসাইটির কর্তৃপক্ষকে আমার আন্তরিক গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি। এশিয়াটিক সোসাইটির কর্তৃপক্ষ, বিশেষতঃ সম্পাদক প্রীতিভাজন অধ্যাপক দিলীপ কুমার ঘোষ, এম. এ., এল. এল. বি. (রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার), গ্রন্থ প্রকাশন বিভাগের সম্পাদক প্রীতিভাজন ডক্টর শিশির কুমার মিত্র, এম-এ., এল. এল. বি., ডি. ফিল., এফ. এ. এস. এবং কোষাধ্যক্ষ শ্রীযুক্ত জয়ন্ত কুমার মুখার্জী এম. এ., বি. এল. মহাশয়ের চেষ্টায় গ্রন্থের প্রথম খণ্ড প্রকাশিত হইল। ইঁহাদের প্রত্যেকের উদ্দেশ্যে আমার আন্তরিক সকৃতজ্ঞ ধন্যবাদ জ্ঞাপন করিতেছি। এশিয়াটিক সোসাইটিতে রক্ষিত পুথির প্রথম তালিকা-সঙ্কলয়িতা রাজা রাজেন্দ্রলাল মিত্রের বংশধর এশিয়াটিক সোসাইটির ভূতপূর্ব সম্পাদক, বর্তমান সহকারী সভাপতি শ্রীযুক্ত দিলীপকুমার মিত্র মহাশয় এই গ্রন্থ মুদ্রণ বিষয়ে বিশেষ আগ্রহী হওয়ার ফলেই আমার বহু বৎসরের পরিশ্রমের ফল আজ আংশিক প্রকাশিত হইল। মঙ্গলময়ের চরণে সস্ত্রীক তাঁহার কল্যাণ কামনা করি।

আমার এই গ্রন্থের পাণ্ডুলিপি প্রস্তুতের কাজে, পরে ঐ পাণ্ডুলিপি টাইপ করার কাজে ও মুদ্রণ কালে প্রুফ দেখার কাজে যাঁহারা আমাকে নানাভাবে সাহায্য করিয়াছেন তাঁহাদের উদ্দেশ্যে আমার যথাযোগ্য শ্রদ্ধা, প্রীতি ও শুভ কামনা জানাইতেছি।

আমার ছাত্র, অধ্যাপক শ্রীমান্ প্রদ্যোৎকান্তি দেব এম.এ., পি.এইচ.ডি., আমার তিন কন্যা কল্যাণীয়া গৌরী চক্রবর্তী এম. এ., অধ্যাপিকা কুমারী উমা ভট্টাচার্য এম. এস. সি., কুমারী মায়া ভট্টাচার্য এম. এ. এবং দুই পুত্রবধূ কল্যাণীয়া বাসন্তী ভট্টাচার্য এম. এ., কাব্যশাস্ত্রী ও মৃদুলা ভট্টাচার্য এম. এস. সি., পি. এইচ. ডি. এই গ্রন্থ মুদ্রণ কালে যথাসাধ্য সাহায্য করিয়াছে। আমার সন্তান ও সন্তানতুল্যদের উদ্দেশে আশীর্বাদ জানাই। এই গ্রন্থ মুদ্রণের প্রথম পর্যায়ে আমার ১০ বৎসরের নাতি যাজ্ঞবল্ক্য (সুমন) টাইপ করা পাণ্ডুলিপি পড়িয়া আমাকে প্রুফ সংশোধনের কাজে সাহায্য করিয়াছে। নাতির নিকট দাদুর এই সাহায্য ঋণ সানন্দে স্বীকার করিলাম। ইতি—

শ্রীযতীন্দ্র মোহন ভট্টাচার্য

১৫ জনতা রোড, নিউসন্তোষ পুর, কলিকাতা-৭৫।
৮ আষাঢ় শুক্রবার ১৩৮৫ বাং ২৩ জুন ১৯৭৮ ইং।

বর্ণানুক্রমিক পুথি-সূচী

অ

অকাল চরিত্র—নফর দ্বিজ, খ / বি. ৪৮৭০ (১২৭৪)।

অক্রূর আগমন—অক্রূরাগমন দ্র.।

অক্রূর গমন— অক্রূরাগমন দ্র.।

অক্রূর সংবাদ—অজ্ঞাত, গ / রা. কৃ. ২২৯। ঘ / ঢা. বি. ১৪৮৭ গ ; পাঠ. ২৭৬৯ / ১ ; বি. ৬৭৭০ ; বিশ্ব. ৪০৩৮ ; মোক্ষদা. ১৯৭ ; রা. কৃ. ৬১০।

— কবিচন্দ্র দ্বিজ, ঘ / বিশ্ব. ৩৮৯৩ ; শ্রী. সা. ৯৯।

— কৃষ্ণদাস, ক / ঢা. বি. ১৫৯৯ (১২১৯)।

— গোবিন্দ দাস, ক / শ্রী. সা. ৪৯ (১২১৯)।

— মাধব দ্বিজ, ক / ক. পু. ১৬০ (১১৯৬) [১৭১১ শক] ; ঢা. কৃ. ১৮৫ (১২০৪) ; শ্রী. সা. ৪৫৫ (১২০৬) ; বি. ৯৭০ (১২২৩) ; রা. কৃ. ৬৬১ (১২৪৫), ৯২৪ (১২৬৩)। গ / ব. সা. ৩৩১। ঘ / রা. কৃ. ৪৭।

— রামচন্দ্র দ্বিজ, ক / মোক্ষদা. ২০৭ (১২৬২)।

— কৃষ্ণমঙ্গল দ্র.।

— গোবিন্দমঙ্গল দ্র.।

অক্রূর হরণ—অজ্ঞাত, ঘ / বি. ২৬০৫।

অক্রূরাগমন (ভাগবত)—অজ্ঞাত, ঘ / বিশ্ব. ৪২২৩, ৪৭১১, ৫৪৬৬।

— অভিরাম দাস, গোবিন্দবিজয় দ্র.।

— কবিচন্দ্র দ্বিজ, ক / বি. ৭৬৬ (১০৭৬), ৭৬৭ (১০৯০), ৪৩৮৪ (১০৯০) ; বরেন্দ্র. শ. ৯৪৪ (১০৯৫) ; সা. ৩৮৬ (১১০০) ; বি. ৭৬৮ (১১০৩), ৭৬৯ (১১০৬), ৭৭৩ (১১৫৯) ; সা. চি. ৪০৯ (১১৭১), ৮৪ (১২০৫) ; সা. ১৭২৯ (১২০৬), ৪৩৭ (১২০৯) ; বরেন্দ্র. শ. ৯৪৫ (১২১৮) ; বি. ৭৭৮ (১২১৮), ৬৩৮১ (১২১৯), ৬৩৯৭ (১২১৯), ৩৮০৬ (১২২০) ; সা. ৪২২ (১২২৪) ; বরেন্দ্র. আ. ২২৪ (১২২৮) ; বি. ৭৭৯ (১২২৯) ; সা. ৪৪৮ (১২৩৫), ১৮৬০ (১২৩৫) ; মিত্র. ১৬২ (১২৩৮) ; বরেন্দ্র. শ. ৯৪৬ (১২৪০), ৯৪৭ (১২৪৩) ; সা. ১৮৬১ (১২৫০) ; বিষ্ণু. ৫০০ (১২৫১) ; বি. ৩৩৭৫ (১২৫৪), ৩৭৯৭ (১২৬৬) ; পাঠ. ২৮৯৭ / ১ (১২৭৬) [১৮৬৯ ইং]। খ / সা. প. প. ১৩০৪ / ৪র্থ, ১ (১০৯০) ; বি. ৭৭৭ (১২০২) ; সা. ২৫১৪ (১২০৭) ; সা. প. প. ১৩০৬ / ১ম, ২১৪ (১২১৮) ; বিশ্ব. ৮১৭ (১২৩৬)। গ / বি. ৭৭১, ৭৭২, ৭৭৪, ৭৭৬ ; সা. ৪৩৪, ১৯৪৭। ঘ / বরেন্দ্র. শ ৯৪৮, ৯৪৯, ৯৫০, ৯৫১, ৯৫২, ৯৫৩, ৯৫৪ ; বি. ৭৭০, ৭৭৫, ১৫৭৭, ৪৫৮৫, ৪৬১৪, ৫৮৮৯, ৬৬৩২ ; বিশ্ব. ৭১৩, ২০৩৯, ২৯৯৩, ৪৫২৫ ; বিষ্ণু. ৮৭৯ ; স. সা. ৩ ; সা. ৪৩৩ ; সা. চি. ৪১০।

— কৃষ্ণকিঙ্কর, ঘ / বিশ্ব. ৪১৫৩।

— গুণরাজ খাঁন, খ / সা. চি. ৩৫৯ (১১৮১)। গ / বি. ৩৫৪৭।

— গোবিন্দ দ্বিজ, ক / সা. চি. ১৯৪ (১০৮২)।

— চন্দ্রশেখর, খ / বি. ২১৪২ (১২৩৮)।

— পঞ্চানন দাস, ঘ / বি. ৪৩৪১।

— পরশুরাম বিপ্র, ঘ / সা. ৮২৯।

— মাধব দ্বিজ, গ / বি. ৯৮১।

রাধা দাস, ঘ / সা. ২৪২০।

— শঙ্কর, খ / সা. প. প. ১৩০৪ / ৪র্থ, ১ (১০৯০)।

— শ্যামদাস দুঃখী, ঘ / মে. সা. ৫০, ১৫৪।

— হরেকৃষ্ণ, ঘ / বি. ৫৫৯১।

অক্ষর চৌতিশা—অজ্ঞাত, ক / শি. ন. ১৬০ (১২০২) ; শ্রী. সা. ৪৫৮ (১২১৮) ; মোক্ষদা. ১৩৫৪ (১২৩৪) [১৭৪৯ শক] ; সা ১৫৫৪ (১২৩৮) ; মোক্ষদা. ১৪১৫ (১২৫৪) ; শি. ন. ২৪৭ (১২৫৫) ; ঢা. বি. ৮৭৪গ (১২৬০), ৩৯৯০ (১২৬৪) ; শি. ন. ১৩২ (১২৬৬) ; সা. ২৭৬৩ (১২৬৭) ; রা. কৃ. ৩৯২ (১২৭০) [১২৭৩ ত্রিং] ; ঢা. বি. ৯৪৬ ক (১২৯৮)। খ / রা. কৃ. ১২৫৩ (১১৭৯) ; ঢা. কৃ. ৬৮ খ (১২৪৭), ৪৮৬ চ

(১২৭১)। গ / ঢা. বি. ১৩০৬, ৩৬৯৭, ৪০৮০ ; বি. ২৮৩২ ; শ্রী. সা. ১৫৭। ঘ / ঢা. কু. ৫১২ ঞ ; ঢা. বি. ৮৭৪ ঞ ; মোক্ষদা. ১০৫০, ১০৯৭ ; রা. কু. ২৩, ৬১, ৪৪২, ১৬১৫ ; সা. ১৫৫৫।

— **ক্ষীণরাম দাস**, ক / মোক্ষদা. ৬৩৭ (১২২০)। খ / রা. কু. ৮৮ (১২২০)।

— **দয়ারাম দাস**, গ / রা. কু. ১৬১৪।

— **পুরুষোত্তম দাস**, ঘ / রা. কু. ৯৪৬।

— **রাজজীবন দাস**, ক / মোক্ষদা. ১২৮৮ (১২৩০)।

— **রামকুঞ্জ দাস**, ঘ / রা. কু. ১০৩৩।

— **রামজীবন দাস**, ক / রা. কু. ৫২৪ (১২৪৫) [১২৪৮ ত্রিং] ; মোক্ষদা. ৬৩০ (১২৪৬)। গ / রা. কু. ১৫৪৭।

— **রাম দাস**, ক / রা. কু. ৪৩৮ (১২৬২)।

— **রামলোচন সেন**, খ / রা. কু. ১১৮৪ (১২৩৫)।

অক্ষর চৌতিশা বিষয়ে বর্ণনা—অক্ষর চৌতিশা দ্র.।

অক্ষর চৌত্রিশা—অক্ষর চৌতিশা দ্র.।

অক্ষরজ্ঞান চৌতিশা—সনাতন স্বর, ক / রা. কু. ১৩৫৭ (১১৮৪)।

অক্ষর বর্ণন—কৃষ্ণদাস, ক / বিশ্ব. ১০৫ (১২৪৩)।

অক্ষর সংকেত—অজ্ঞাত, ঘ / বিশ্ব. ২৩৮২।

অক্ষর সংযুক্ত রাশি—প্রাণবল্লভ, ঘ / বিশ্ব. ১০৩৬।

অগ্নিকুমার নির্ণয়—অজ্ঞাত, ঘ / বিশ্ব. ৩৯০৫।

অগ্নি গোর মন্ত্র—অজ্ঞাত, ক / বি. ৪২০৫ (১২৬৬)।

অঘাসুর বধ—অজ্ঞাত, ঘ / পাঠ. ২৭৭০ / ২।

অঙ্ক-আরিযা—অজ্ঞাত, ঘ / পল্লী. ৫৭, ৬৫।

অঙ্ক-আর্যা—আর্যা দ্র.।

অঙ্ক-পুথি—নামহীন পুথি দ্র.।

অঙ্ক-পুস্তক—অজ্ঞাত, ক / সা. ২১৪১ (১১৮৯)। ঘ / সা. ৯৪০।

অঙ্গদ-গান—ভাগবতাচার্য, ঘ / রং. ৮৬ খ।

অঙ্গদ-গৌরব ভঞ্জন—অজ্ঞাত, ক / পাঠ. ২৭৭১ / ৩ (১২৫১) [১৮৪৪ ইং]।

অঙ্গদ-দর্প—রঘুনাথ দ্বিজ, ক / রা. কু. ১৩৫৩ (১১৮২)।

অঙ্গদ রামায়ণ—রামায়ণ দ্র.।

অঙ্গদ রায়বার (রামায়ণ—লঙ্কাকাণ্ড)—অজ্ঞাত, ক / এ ৪৮৮৯ (১০৮০); শ্রী. সা. ৩ (১২১৯), ৪১১ (১২৬৪)। খ / সা. ৯৫ (১২১৬) ; মোক্ষদা. ৫৮৪ (১২৩০)। গ / মোক্ষদা. ১১৮৫ ; শরৎ. ৫৬। ঘ / ঢা. বি. ১১৬৮ ক ; পল্লী. ৩১ ; বি. ১৬৭১, ৪৪৭৮, ৫১৬৬, ৬৪৫২ ; বিশ্ব. ৫৬৩, ১২৫৩, ১৯২৭, ২৮৯৭, ৩৩১৪, ৩৫০০, ৪২১৩, ৪৩৩৫, ৪৮১৬, ৪৮১৭, ৪৯৬০, ৫৭৭০ ; বিষ্ণু. ৮৩০ ; সা. ৯৪, ৯৫, ১০৬৪, ১০৬৫।

— **কবিকঙ্কন**, ঘ / মে. সা. ১০২।

৩৪। ১৩৬৯ বাং [১৯৬৩ খ্রীঃ] —"বাঙ্গালা / প্রাচীন পুথির বিবরণ / (পরিষৎ পুথিশালায় সংগৃহীত) / দ্বিতীয় খণ্ড / শ্রীতারাপ্রসন্ন ভট্টাচার্য্য / সঙ্কলিত / বঙ্গীয় সাহিত্য পরিষৎ / ২৪৩। ১ আচার্য্য প্রফুল্লচন্দ্র রোড, কলিকাতা —৬"/ পৃ। ৵• +১৭৯, আকার ২৪×১৬ সে. মি. ইহাতে পরিষৎ পুথি শালায় রক্ষিত ৪০১—৭২৫ সংখ্যক পুথির পরিচয় এবং অকারাদি বর্ণানুক্রমে 'নাম সূচী' মুদ্রিত হইয়াছে।

৩৫। ১৩৬৯ বাং [১৯৬৩ খ্রীঃ] —"পুথি পরিচয় / তৃতীয় খণ্ড / শ্রীপঞ্চানন মণ্ডল সংকলিত / বিদ্যাভবন। বিশ্বভারতী / শান্তিনিকেতন" / পৃ ৮+৪৪+৪৫২ প্রথম প্রকাশ মাঘ ১৩৬৯, ফেব্রুয়ারী ১৯৬৩, মূল্য সতেরো টাকা, আকার ২৫ × ১৬ সে.মি. ইহাতে ১০০১ হইতে ১৫০০ পর্যন্ত ৫০০ পুথির মধ্যে ২৫১ খানি পুথির পরিচয় মুদ্রিত হইয়াছে। পরে 'নির্ঘণ্ট—ক্রমিক সংখ্যায় ১০০১—১৫০০, পুথির শুধু নাম নির্দেশ করা হইয়াছে। 'নির্ঘণ্ট গ্রন্থনাম বর্ণানুক্রমিক বিভাগে' ক্রমিক সংখ্যা, গ্রন্থনাম, গ্রন্থকার, পত্র, লিপিকাল, পৃষ্ঠাঙ্ক এই ৬ স্তম্ভে বর্ণানুক্রমিক গ্রন্থনাম এবং 'নির্ঘণ্ট গ্রন্থকার বর্ণানুক্রমিক' বিভাগে গ্রন্থকারের নাম ও গ্রন্থকার রচিত গ্রন্থ সংখ্যার উল্লেখ করা হইয়াছে।

৩৬। ১৩৭১ বাং [১৯৬৪ খ্রীঃ]—"কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বাঙ্গালা পুথিশালায় রক্ষিত / প্রাচীন পুথির পরিচয় [A General Catalogue of Bengali Manuscripts/in the Library of the University of Calcutta]/দ্বিতীয় খণ্ড / অধ্যাপক মণীন্দ্রমোহন বসু এম. এ. / ও / শ্রীপ্রফুল্লচন্দ্র পাল এম. এ. / পুথিশালাধ্যক্ষ কলিকাতা বিশ্ববিদ্যালয় / কর্তৃক সম্পাদিত / কলিকাতা বিশ্ববিদ্যালয় / ১৯৬৪" / পৃ ৩৪+৪৬৪, মূল্য ৪০ টাকা। আকার ২৭×২২ সে. মি. এই তালিকায় ২১১২—৬৯২৭ সংখ্যক বাঙ্গালা পুথির তালিকা নিম্নলিখিত ৬ স্তম্ভে মুদ্রিত হইয়াছে, যথা :—সংখ্যা, গ্রন্থের নাম, গ্রন্থকার, পত্র সংখ্যা, লিপিকাল, মন্তব্য। এই দীর্ঘ তালিকায় কোন সূচী নাই, বর্ণানুক্রমিকগ্রন্থ বা গ্রন্থকার সূচী থাকা একান্ত বাঞ্ছনীয় ছিল। ভূমিকা—২৯শে জুন, ১৯৬৪ ইং।

৩৭। ১৩৭৪ বাং [১৯৬৭ খ্রীঃ]—"Descriptive Catalogue of old Manuscripts in the/Sree Sree Gouranga Grantha Mandir Pathbari, Baranagar, / Calcutta-35 / বরাহগর শ্রীশ্রীপাঠবাড়ী শ্রীশ্রীগৌরাঙ্গ গ্রন্থমন্দিরে সংরক্ষিত / প্রাচীন পুথির বিবরণ ও তালিকা/ শ্রীবৈষ্ণবচরণ দাস পঞ্চতীর্থ /সম্পাদিত"/ পৃ ।/• +২৮৩, আকার ২১×১৬ সে. মি.। এই তালিকায় '২১৮৫ খানি সংস্কৃত, ১১০০ খানি বাংলা, ৭ খানি ওড়িয়া, ৪ খানি মারাঠি, ৫ খানি হিন্দী এবং ৫ খানি ব্রজ ভাষায় একুনে ৩৩০৬ পুথির তালিকা মুদ্রিত হইয়াছে।

৩৮। ১৩৭৫ বাং [১৯৬৮ খ্রীঃ]—"সংরক্ষিত হস্তলিখিত পুথির বিবরণাত্ম সূচীর/সংক্ষিপ্ত বিবরণী। / নবদ্বীপ সাধারণ গ্রন্থাগার/ (টাউন লাইব্রেরী) / নদীয়া জেলা সমাজ শিক্ষা আধিকারিক/শ্রীহরিপদ ভট্টাচার্য মহোদয় কর্তৃক অনুমোদিত। / প্রকাশক / শ্রীতিনকড়ি বাগচী/সম্পাদক / নবদ্বীপ সাধারণ গ্রন্থগার।" / পৃ ১৩৫ ; আকার ১৮×১২½ সে. মি.। ইহাতে ১০৬৪ খানি সংস্কৃত ও বাংলা পুথির তালিকা মুদ্রিত হইয়াছে। তন্মধ্যে মাত্র ২৯ খানি বাংলা। ১৯৬৮ ইং এই তালিকা রচনা সম্পূর্ণ হয়। মুদ্রণ কালের উল্লেখ এই তালিকায় নাই।

৩৯। ১৩৮০ বাং [১৯৭৩ খ্রীঃ]—“কোচবিহার সাহিত্য সভায় সংগৃহীত/বাঙ্গলা পুথি-পরিচয় / ডক্টর সুবোধরঞ্জন রায়/অধ্যাপক, কোচবিহার আচার্য ব্রজেন্দ্রনাথ শীল কলেজ / পরিচালিত / অধ্যাপক শিবশঙ্কর মুখোপাধ্যায় / সম্পাদক, কোচবিহার সাহিত্য সভা / প্রকাশিত” / পৃ ৪+৪০ ; প্রকাশকাল—বৈশাখ ১৩৮০ ; মূল্য একটাকা। আকার ২১ × ১৩½ সে. মি. ইহাতে মোট ৪২ খানি পুথির পরিচয় মুদ্রিত হইয়াছে।

৪০। ১৩৮১ বাং [১৯৭৪ খ্রীঃ]—“মোক্ষদা সংগ্রহের বাঙলা পুথির তালিকা / [প্রথমখণ্ড] / সংগ্রাহক ও সম্পাদক / শ্রীযতীন্দ্র মোহন ভট্টাচার্য, এম. এ., তত্ত্বরত্নাকর / গৌহাটী বিশ্ববিদ্যালয়ের বাঙলা বিভাগের প্রাক্তন অধ্যক্ষ, বর্তমানে ‘বিশ্ববিদ্যালয় মঞ্জুরি/ কমিশন’-এর ‘অবসর প্রাপ্ত অধ্যাপক নিয়োগ প্রকল্পে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যুক্ত। / প্রকাশন বিভাগ / গৌহাটী বিশ্ববিদ্যালয় / ১৯৭৪” / পৃ ২ +দশ+৯০ ; আকার ২৯½ × ২৩ সে. মি. ইহাতে মোক্ষদা সংগ্রহে রক্ষিত মোট ১৫০০ পুথির তালিকা নিম্নোক্ত ১২ স্তম্ভে মুদ্রিত হইয়াছে। যথা—১ সংখ্যা, ২. গ্রন্থের নাম, ৩. গ্রন্থকার, ৪. পত্র সংখ্যা, ৫. স / অস, ৬. উপকরণ, ৭. পংক্তি, ৮. আকার, ৯. লিপিকাল, ১০. লিপিকারক; ১১. প্রদাতা, ১২. মন্তব্য। এতদ্ব্যতীত—বর্ণানুক্রমিক গ্রন্থসূচী, বর্ণানুক্রমিক গ্রন্থকার সূচী, পরিশিষ্ট [ক] ইতঃ পূর্বে মুদ্রিত হস্তলিখিত বাঙলা পুথির তালিকা, পরিশিষ্ট [খ] প্রবন্ধাকারে প্রকাশিত হস্তলিখিত বাঙলা পুথির তালিকা, পরিশিষ্ট [গ] পুথি প্রদাতা সূচী, পরিশিষ্ট [ঘ] পুথি প্রদাতাদের বর্ণানুক্রমিক নাম সূচী মুদ্রিত হইয়াছে।

৪১। ১৩৮৪ বাং [১৯৭৭ খ্রীঃ]—“ত্রিপুরার পুথি-পত্রের বর্ণনাত্মক তালিকা/(প্রথমখণ্ড)/সুপ্রসন্নবন্দ্যোপাধ্যায়/ সম্পাদিত / শিক্ষা অধিকার / ত্রিপুরা / মূল্য চার টাকা” / পৃ২+৬১+১ ; আকার ২০+১৫ সে. মি. ৪খানি চিত্র সহ ১৯৭৭ইং প্রকাশিত। সহকারী সম্পাদক শ্রীমতী যুথিকা ভৌমিক।

(৪২)১৩৮৪ বাং [১৯৭৭ খ্রীঃ] “A Descriptive Catalogue / of the Bengali menuscripts / (In a Tabular Form) / In the Collections of the Asiatic Society/Part I / [এশিয়াটিক সোসাইটিতে সংরক্ষিত বিবরণাত্মক সারিবদ্ধ / বাংলা পুথির তালিকা]/ প্রথম খণ্ড / Compiled by / Jatindra Mohan Bhattacharjee/ Formerly Head of the Department of Bengali /Gauhati University. / (A. S. Seal) / The Asiatic Society / 1 Park Street / Calcutta 16”/ pp. 2+ii+5+5 ; আকার ২৭ × ২২ সে. মি.। ইহাতে এশিয়াটিক সোসাইটি কর্তৃক প্রকাশিত ১৯০১, ১৯০৪, ১৯৪১ ও ১৯৫২ ইং প্রকাশিত তালিকায় নাই তেমন ১৬৪ খানি বাংলা পুথির তালিকা নিম্নলিখিত ১২ স্তম্ভে মুদ্রিত হইয়াছে। যথা—১. পুথি সংখ্যা, ২. গ্রন্থের নাম, ৩. গ্রন্থকার, ৪. পত্রসংখ্যা, ৫. স / অস, ৬. উপকরণ, ৭. পংক্তি, ৮. আকার, ৯. লিপিকাল, ১০. অক্ষর, ১১. লিপিকর, ১২. মন্তব্য। ইহার সঙ্গে বর্ণানুক্রমিক গ্রন্থকার সূচী ও ‘বর্ণানুক্রমিক গ্রন্থ সূচী’ মুদ্রিত হইয়াছে। এই ক্ষুদ্র পুস্তিকার ভূমিকা লিখিয়াছেন এশিয়াটিক সোসাইটির সম্পাদক শ্রীযুক্ত দিলীপ কুমার মিত্র। ইহা ১৯৭৭ ইং অক্টোবর মাসে প্রকাশিত হয়, মূল্য ৪৲।

পরিশিষ্ট [খ]

॥ প্রবন্ধাকারে মুদ্রিত বাংলা পুথির তালিকা ॥

[পত্রিকার নামের বর্ণানুক্রমিক]

পত্রিকার নাম : প্রবন্ধের নাম : প্রবন্ধলেখক : বৎসর, মাস, সংখ্যা : পৃষ্ঠা সংখ্যা : পুথি সংখ্যা।

অঙ্কুর : প্রাচীন বাঙ্গালা পুথি : আবদুল করিম সাহিত্যবিশারদ : ১৩১০ চৈত্র : ৮৯-৯৬ : ১।

অর্চনা : বাঙ্গলার প্রাচীন পুথি উদ্ধার : আবদুল করিম সাহিত্যবিশারদ : ১৩১১ পৌষ : ৩০১—৩০৮ : ১ ; মাঘ : ৩২১—৩২৯ : ১ ; ফাল্গুন : ১৬—২২ : ১ ; চৈত্র : ৩৯—৪৩ : ১ ; ১৩১২ বৈশাখ : ৭৩—৭৭ : ১ ; আষাঢ় : ১১৮—১২৩ : ১ ; ভাদ্র : ১৭০—১৭৫ : ১।

উদ্বোধন : বাংলা পুথির লিপিকাল : যতীন্দ্র মোহন

ভট্টাচার্য : ২য় বর্ষ, ২য় সংখ্যা, ১৩৭৭ বসন্তপঞ্চমী : পৃ ১—১৬ ।*

উদ্বোধন : কেতকাদাস ক্ষেমানন্দ রচিত মনসামঙ্গল পুথির পরিচয় : যতীন্দ্রমোহন ভট্টাচার্য : ১৩৪৭ মাঘ : ২৩—২৫ : ৪ ; ১৩৪৮ বৈশাখ : ১৭৪—১৭৮ : ৯ ।

কল্পবাণী : ঐতিহাসিক গবেষণার পরিপ্রেক্ষিতে পুথির কথা : পঞ্চানন মণ্ডল : ৯ম বর্ষ, ২য় সংখ্যা, জ্যৈষ্ঠ ১৩ ৪ বাং, মে ১৯৭৭ খ্রীঃ ।

গৃহস্থ : প্রাচীন পুথি : কৃষ্ণচরণ সরকার, তত্ত্বাবধায়ক জাতীয় শিক্ষা সমিতি, মালদহ : ১৩২০ আশ্বিন : ৯৪৩—৯৫৬ : ২৮ । রাধেশ শেঠ সংগৃহীত : ৯৪৩—৯৪৯ : পুথি সং ১ -৪১ : ; হরিদাস পালিত সংগৃহীত : ৯৪৯—৯৫৬ : পুথি সং ১—২ ।

—চট্টগ্রামে প্রদর্শিত প্রাচীন বাঙ্গালা পুথি : শ্রীজগচ্চন্দ্র ভট্টাচার্য বিদ্যাবিনোদ, প্রাচীন পুথির সংগ্রহকর্ত্তা, বাণ্ডেল, মিরেগুালেন, চিতাগঞ্জ : ১৩২০ জ্যৈষ্ঠ: ৪৬২ - ৪৬৭ ।

—বঙ্গীয় সাহিত্য পরিষৎ ও বাঙ্গালার প্রাচীন সাহিত্য সম্পদ : ব্যোমকেশ মুস্তফী শর্মা: ১৩২১ চৈত্র : ৫৫১—৫৬০ । ইহাতে দীনেশচন্দ্র সেনের বঙ্গভাষা ও সাহিত্যে উল্লেখ নাই তেমন ৪৪ খানি পুথি ও পুথিরচয়িতার উল্লেখ আছে।

দিলরুবা : আমাদের পুথি সাহিত্য : আবদুল করিম সাহিত্যবিশারদ : ১৩৫৭ আষাঢ়, শ্রাবণ ।

নববিকাশ : প্রাচীন পুথি উদ্ধার : আবদুল করিম সাহিত্যবিশারদ : ১৩১২ আশ্বিন-কার্তিক, পৌষ ।

পূর্ব-ভারতী : বাঙলা পুথির তালিকা সমন্বয় : যতীন্দ্র মোহন ভট্টাচার্য : ১৩৭৭ বৈশাখ : ১২-১৬ ।

প্রতিভা : বাঙ্গালা প্রাচীন পুথির বিবরণ : আবদুল করিম সাহিত্যবিশারদ: ১৩২৩ পরিশিষ্ট : ৫—১২ : ৩০ :, ১৩২৪ শ্রাবণ : ১৩ - ১৬ : ১৫ :, ভাদ্র : ১৭ -২৫ : ১০ :, আশ্বিন-কার্তিক : ২১—২৪ : ৭ ।

প্রদীপ : প্রাচীন সাহিত্যোদ্ধার : আবদুল করিম সাহিত্যবিশারদ : ১৩১০ অগ্রহায়ণ : ৩০৫ -৩১০ : ১ ;, চৈত্র : ৪৫৪ -৪৫৮ : ১ :, ১৩১১ আশ্বিন :, মাঘ ৩৮১—৩৮৬ : ১ ।

প্রবর্তক : গৌড়ীয় বৈষ্ণব সম্মিলনী গ্রন্থাগারে রক্ষিত বাঙ্গালা হস্তলিখিত পুথির পরিচয় : যতীন্দ্রমোহন ভট্টাচার্য : ১৩৪৩ পৌষ : ৩২১—৩২৩ : ৫ ।

বঙ্গীয় মুসলমান সাহিত্য পত্রিকা: প্রাচীন পুথির বিবরণ : নাগর আলী : ১৩২৫ / ১ম সং : ৬১—৬৪ : ১।

বর্ধমানের ডাক : বর্ধমানের গ্রাম ও পুরাতন পুঁথি সংগ্রহের গুরুত্ব : ডক্টর পঞ্চানন মণ্ডল : শারদীয়া ১৩৬৫ ।

বিশ্বভারতী পত্রিকা : ভারতচন্দ্রের বারমাস্যা : তারাপদ মুখোপাধ্যায় । শ্রাবন—আশ্বিন ১৩৭৭, পৃ ১৯-৩৫:

বীরভূমি : পুরোনো পুথি : হরেকৃষ্ণ মুখোপাধ্যায় : ৭ম বর্ষ, ৬ষ্ঠ সং : ৪২—৪৭ : ৪ ।

ভারতবর্ষ : প্রাচীন পুথির বিবরণ : চিত্তসুখ সান্যাল : ১৩২০ মাঘ: ২৭৮—২৮২ : ১ ।

ভাষা সাহিত্য পত্র : বাংলা বিভাগ, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় : বাংলা পুথি সংগ্রহের আদিপর্ব : মোহাম্মদ আবদুল কাইউম : ৩য় বর্ষ, বার্ষিক সংখ্যা, ১৩৮২ : পৃঃ ১৫৮—১৬৯, .

মাহেনও : প্রাচীন বাংলা পুথি সাহিত্য : আবদুল করিম সাহিত্যবিশারদ : ১৩৫৭ পৌষ : মাঘ : ।

মেদিনীবাণী : মেদিনীপুর হইতে সংগৃহীত ক্ষেমানন্দ কেতকাদাসের মনসামঙ্গল পুথি : যতীন্দ্রমোহন ভট্টাচার্য : ১৩৪৭ পৌষ : ৫৭—৬০ : ৫ ।

রংপুর সাহিত্য পরিষৎ পত্রিকা : প্রাচীন গ্রন্থাবলীর বিবরণ : কালীকান্ত বিশ্বাস : ১৩১৪ / ১ম সং : ২৭—৪৫ : ৮-১৮।

---

*আসামের করিমগঞ্জ সহর হইতে প্রকাশিত ‘উদর্ক’ পত্রিকায় মুদ্রিত প্রবন্ধটি তিন বৎসর পরে ১৩৮০ বঙ্গাব্দে কলিকাতা হইতে প্রকাশিত ‘আলেখ্য’ পত্রিকার শারদীয়া সংখ্যায় (৪র্থ বর্ষ, ১ম ও ২য় সংখ্যা) অন্য লেখকের রচনা হিসাবে প্রকাশিত হইয়াছিল। এ সম্পর্কে আলেখ্য সম্পাদকের দৃষ্টি আকর্ষণ করলে তিনি ‘পুকুর চুরির ইতিহাস’ (পৃ ২৬০—২৬৪) শীর্ষক সম্পাদকীয় বক্তব্যে এই প্রবন্ধ ‘আলেখ্যে’ মুদ্রণের জন্য ক্ষোভ প্রকাশ করেন। প্রাবন্ধিক যশঃ প্রার্থী মানুষ যে কতখানি দুঃসাহসিক হইয়া উঠিতে পারেন তাহার এক চমৎকার নিদর্শন আলেখ্যে পুনর্মুদ্রিত এই প্রবন্ধটি।

—প্রাচীন বাঙ্গালা পুথির বিবরণ : কালীকান্ত বিশ্বাস : ১৩১৪ / ২য় সং : ৮৯—১০২ / ২৯—৫৫ ।

—প্রাচীন পুথির বিবরণ : কালীকান্ত বিশ্বাস : ১৩১৪ / ৪র্থ সং : ১৮৪—১৯৭ : ৫৬—৭৭ ।

—মহাভারত চতুষ্টয় ও অন্যান্য কয়েকখানি বাঙ্গালা পুথির বিবরণ : পূর্ণেন্দুমোহন সেহানবীশ : ১৩১৪ / ৪র্থ সং : ১৯৭ –২০০ : ৭ (১ খানি মুদ্রিত গ্রন্থ)।

—প্রাচীন পুথির বিবরণ : কালীকান্ত বিশ্বাস : ১৩১৫/ ২য় সং : ৬২—৭০ : ৭৮—৮৬ : ।

—প্রাচীন বাঙ্গালা পুথির বিবরণ : পূর্ণেন্দুমোহন সেহানবীশ : ১৩১৬ / ১ম সং : ৩৭—৫৬ : ৮—১৯ :, ১৩১৭ / ১ম সং : ১ - ৯ : ২০—২৬ (৩ খানি মুদ্রিত গ্রন্থ)

—প্রাচীন পুথির বিবরণ : কালীকান্ত বিশ্বাস : ১৩১৭/ ১ম সং : ৯—৩১ : ৮৭—১১০ : , ১৩১৮ / ১ম সং : ২০—৪৭ : ১১১—১৩২ (৩ খানি মুদ্রিত গ্রন্থ) : , ১৩১৮/ ৩য় ৪র্থ সং : ১৫৬—১৬৮ : ১৩২—১৪৫ (২ খানি মুদ্রিত গ্রন্থ)।

রবীন্দ্র ভারতী পত্রিকা—পুথি পরিচয় : নির্মল কুমার দাস ও দেবনাথ বন্দ্যোপাধ্যায় : ষোড়শবর্ষ, প্রথম সংখ্যা, মাঘ-চৈত্র ১৩৮৫ : ৮৯ ৯৩ : ২৫ ।

শিক্ষাসেবক : প্রাচীন হস্তলিখিত বাঙ্গালা পুথির তালিকা : পুলিনবিহারী ভট্টাচার্য : ১৩৪৩. মাঘ : ১০১—১১২ : ২৪২ ।

শ্রীভারতী : কেতকাদাস ক্ষেমানন্দ রচিত মনসামঙ্গল পুথির পরিচয় : যতীন্দ্রমোহন ভট্টাচার্য : ১৩৪৭ মাঘ : ৩৬৫—৩৬৮ : ৪ :, ফাল্গুন : ৪২১ – ৪২৫ : ৪ : , চৈত্র : ৪৫৬—৪৬৪ : ৮ :, ১৩৫০ : অগ্রহায়ণ : ২২২—১ ।

—মনসামঙ্গলের পুথি : যতীন্দ্রমোহন ভট্টাচার্য : ১৩৫২ চৈত্র : ১৫৫—১৬০ : ১৫৩ ।

শ্রীহট্ট সাহিত্য পরিষৎ পত্রিকা : শ্রীহট্ট সাহিত্য পরিষদে রক্ষিত হস্তলিখিত বাংলা পুথির তালিকা : যতীন্দ্রমোহন ভট্টাচার্য : ১৩৪৮ কার্তিক: ১—৮: ১—১২০ : মাঘ : ৯—১৬ : ১২১—২৪০ :, ১৩৪৯ বৈশাখ : ১৭—২৪ : ২৪১—৩৬০ :, মাঘ : ২৫ ৩২ : ৩৬১—৪৮০ ।

—বৈদ্যনাথ মঙ্গলের একখানি পুথি : যতীন্দ্রমোহন ভট্টাচার্য : ১৩৫১ কার্তিক : ২৪—২৭ : ১০ ।

সংহতি : দ্বিজ সুন্দরের বৈদ্যনাথ মঙ্গল পুথির পরিচয় : যতীন্দ্রমোহন ভট্টাচার্য : ১৩৫০ বৈশাখ : ১০ ।

সম্মিলনী : প্রাচীন বাংলা পুথি প্রকাশ : আবদুল করিম সাহিত্যবিশারদ : ১৩২১ ভাদ্র :, আশ্বিন :, কার্তিক : ।

সাহিত্য পরিষৎ পত্রিকা : বাঙ্গালা পুথির সংক্ষিপ্ত বিবরণ : নগেন্দ্রনাথ বসু : ১৩০৪/৪র্থ সং : ২৯৭—৩৪৪ : ১—২১৩ : ; অম্বিকাচরণ গুপ্ত : ১৩০৫/১ম সং : ৭১—৮০ : ১—৩৩ : ; মৃণালকান্তি ঘোষ : ৩য় সং : ১৯৭—২০৪ : ৩৪—৬১ : ; নিবারণচন্দ্র ভটাচার্য : ৩য় সং : ১৯৭—২০৪ : ; অম্বিকাচরণ গুপ্ত : ৩য় সং : ১৯৭—২০৭ : ৩৭—৬১ : ; রামেন্দ্রসুন্দর ত্রিবেদী : ৪র্থ সং : ২৮১—২৯১ : ১—১৩ : ; নগেন্দ্রনাথ বসু : ১৩০৬/১ম সং : ৪৭ – ৮০ : ২১৪—৩৫৯ : ; মৃণালকান্তি ঘোষ : ৩য় সং : ২৫১ - ২৬৬ : ১—৩৬ : ; ৪র্থ সং : ৩২৭—৩৩২ : ১—১৩ : ; রামেন্দ্রসুন্দর ত্রিবেদী : ১৩০৭/২য় সং : ১২৩—১২৮ : ১—১২ ।

— প্রাচীন পুথির বিবরণ : আবদুল করিম সাহিত্যবিশারদ : ১৩০৭/৩য় সং : ১৮০- ১৯২ : ১—১৯ : ; ৪র্থ সং : ২৪১—২৫১ : ২০—৩৩ ; তারকেশ্বর ভট্টাচার্য : ১৩০৮/১ম সং : ৩০—৪৪ : ১—৪৪ : ; রাজীবলোচন দাস : ৪৪—৪৮ : ১—৯ : ; রামেন্দ্রসুন্দর ত্রিবেদী : ৪৮—৫৫ : ১—১৮ ।

—বাংলা পুথির সংক্ষিপ্ত বিবরণ : শিবচন্দ্র শীল : ১৩০৮/৩য় সং : ১৮৬—১৯৩ : ১—২৪ ।

—পুথির বিবরণ : অতুলচন্দ্র চৌধুরী : ১৩০৯/২য় সং : ১২৫ - ১২৮ : ১—৫ : ; মুন্সীআবদুল করিম সাহিত্যবিশারদ : ১৩০৯/অতিরিক্ত সংখ্যা : ১ — ৬৪ : ১—৮৭ ।

—বাঙ্গালা পুথির তালিকা : চিত্তসুখ সান্যাল : ১৩১০/ ২য় সং : ১১৭—১২৫ : ১—৩০ ।

—প্রাচীন পুথির বিবরণ : ব্রজসুন্দর সান্যাল : ১৩১০/ ২য় সং : ১২৬ –১২৮ : ১ – ১০ ।

—পুথির বিবরণ : আবদুল করিম সাহিত্যবিশারদ : ১৩১০ / অতিরিক্ত সংখ্যা : ৬৫—১৯২ : ৮৮—৩০৭ ।

—বাঙ্গালা পুথির বিবরণ : আবদুল করিম সাহিত্য-বিশারদ : ১৩১২ / অতিরিক্ত সংখ্যা : ১৯৩—২৬৮ : হরগোপাল দাস কুণ্ডু : ১৩১৩/৩য় সং : ১৬১ –১৯২ : ১৮৪ : ; আবদুল করিম সাহিত্যবিশারদ / ১৩১৮ ; ১ম সং : ২৯-৪৪ : ৫০০-৫১৫ ।

—শ্রীহট্ট ও কাছাড় জেলায় প্রাপ্ত কতিপয় প্রাচীন পুথির বিবরণ : জগন্নাথদেবঃ ১৩১৯ / ৪র্থ সং : ১৭১-২০৬ : ১-১১ ।

—বাঙ্গালা প্রাচীন পুথির বিবরণ আলোচনা : চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় : ১৩২৬ / ২য় সং : ১৩৭-১৪০ ।

—বাঙ্গালা প্রাচীন পুথির বিবরণ : বসন্ত রঞ্জন র.য় : ১৩২৯ / ৩য় সং : ১-১৬ : ১-১১ : , ৪র্থ সং : ১৭-৩২ : ১২-২০ : ; ১৩৩০ /১ম সং : ৩৩—৪৮ : ২১ —৩০ : , ২য় সং : ৪৯—৬৪ : ৩১ — ৪২ : ; ৩য় সং : ৬৫ —৮০ : ৪৩—৫৭ : ; ৪র্থ সং : ৮১ - ৯৬ : ৫৮ — ৬১ : ; ১৩৩১/ ১ম সং : ৯৭ —১২৮ : ৬২—৭২ : , ২য় সং : ১২৯—১৫৯ : ৭৮—১০০ : ; ১৩৩২/ ১ম সং : ১—৪ : ১০১—১৪৬ / ; ২য় সং : ৪১—৬৪ : ; ৩য় সং : ৬৮ - ৮০ : ; ১৩৩৩,/১ম সং ৮১ —১২৮ : ১৪৭—১৭৪ ।

—সংস্কৃত্য সাহিত্য পরিষদে বাঙ্গালা পুথি : চিন্তাহরণ চক্রবর্তী : ১৩৩৪/৪র্থ সং : ২২৩—২৩২ : ১০ ।

—বাঙ্গালা ভাষায় সংস্কৃত শাস্ত্র গ্রন্থ : চিন্তাহরণ চক্রবর্তী : ১৩৩৯/ ৪র্থ সং : ২৪৯—২৫৯ ।

—চৈতন্যদেব সম্বন্ধে কয়েকখানি নূতন পুথি : চিন্তাহরণ চক্রবর্তী : ১৩৪২/ ২য় সং : ৮৪—৯০ ।

—বঙ্গীয় সাহিত্য পরিষদের বাংলা পুথি : চিন্তাহরণ চক্রবর্তী : ১৩৪৮/ ৩য় সং : ১৩৭—১৫২ ।

—বাংলা সাহিত্যে শতবর্ষের বৌদ্ধ অবদান : বেনীমাধব বড়ুয়া : ১৩৫২/৩য়-৪র্থ সং : ৪৯—৮২ ।

—পুথির শেষ কথা : চিন্তাহরণ চক্রবর্তী : ১৩৫৭ / ৩য়-৪র্থ সং : ৫২—৫৮ ।

—বৈদ্যনাথ মঙ্গল : যতীন্দ্রমোহন ভট্টাচার্য : ১৩৫৮ / ৩য়-৪র্থ সং : ৪২—৫২ : ১১ ।

—পরিষৎ পুথিশালায় রক্ষিত বাঙ্গালা প্রাচীন পুথির বিবরণ : তারাপ্রসন্ন ভট্টাচার্য : ১৩৬১/ ১ম সং : ৪৫—৫২ : ৪০১—৪১৬ / ; ২য় সং : ১০৪—১১১ : ৪১৭—৪২৯ : ; ৩য় সং : ১৫৩—১৬০ : ৪৩০ - ৪৪২ : ; ৪র্থ সং : ২২৯—২৩৬ : ৪৪৩—৪৫৮ : ; ১৩৬২ / ১ম সং : ৫৬—৬৩ / ৪৫৯—৪৭৬ : ; ২য় সং : ১৪৪—১৫১ : ৪৭৭—৫০৪ : ; ৩য় সং : ২১৬—২৩২ : ৫০৫—৫২৯ : ; ৪র্থ সং : ৩০৫—৩২০ : ৫৩০—৫৫২ : ; ১৩৬৩ / ১ম সং : ৪৪ —৬০ : ৫৫৩—৫৭৫ : ; ২য় সং : ১১৫ —১৩০ : ৫৭৬ —৫৯৭ : ; ৩য় সং : ১৬৩—১৭৮ : ৫৯৮—৬২০ : ; ৪র্থ সং : ২০৩—২২০ : ৬২১—৬৫৬ : ; ১৩৬৪ / ১ম-২য় সং : ৫৩—৬৬ : ৬৫৭—৬৮৭ : ; ৩য়-৪র্থ সং : ১২৩—১৩৬ : ৬৮৮—৭২৩ ।

—বঙ্গীয় সাহিত্য পরিষদের বাংলা পুথি : চিন্তাহরণ চক্রবর্তী : ১৩৬৫/ ২য় সং : ১৪৯—১৫৭ ।

—বাংলা পুথি, রবীন্দ্রনাথ ও বিশ্বভারতীর পুথি বিভাগ : পঞ্চানন মণ্ডল : ১৩৭৫/ ১ম সং : ১১—২৯ ।

সুরমা : শিলচর নর্ম্যাল স্কুলে সংরক্ষিত প্রাচীন পুথির তালিকা : জগন্নাথ দেব : ১ম বর্ষ, ৩৭ সং, ১৯১২/ ৯ ডিসেম্বর : ৭ : ; ৩৮ সং, ১৯১২/ ১৬ ডিসেম্বর : ৭ : ; ৩৯ সং, ১৯১২ /২৩ ডিসেম্বর : ৭ : ; ৪০ সং, ১৯১২/ ৩০ ডিসেম্বর : ৭ : ; ৪১ সং, ১৯১৩, ৬ জানুয়ারি : ৯ । ইহাতে মোট ৪৬ খানি বাংলা এবং ৩৬ খানি সংস্কৃত পুথির তালিকা প্রকাশিত হইয়াছে।

স্মৃতি : কৈথী অক্ষরে লিখিত বাঙলা পুথি : যতীন্দ্র মোহন ভট্টাচার্য : ১৩৪৮/ শারদীয়া সং : ১৪—১৭ : ২ ।

Abdul Karim Sahitya Visharad Commemoration volume, Published by Asiatic Society, Bangla Desh : বাংলা পুথির লিপিকাল : Jatindra mohan Bhattacharjee : 1972 December : pp ix—xxvi.

S. K. De Memorial Volume, 1972—Bengali Lexicography up to 1800 : Tarapada Mukherjee : 15 : ।

পরিশিষ্ট 'গ'

বাংলা পুথির লিপিকাল

বাংলাপুথির কাল বলিতে রচনাকাল ও লিপিকাল উভয়ই বুঝাইয়া থাকে। এস্থলে শুধু লিপিকাল লইয়াই আলোচনা করিব। বাংলা পুথি এ দেশের বিভিন্ন গ্রন্থাগারে ও অনেকের ব্যক্তিগত সংগ্রহে ছড়াইয়া আছে। এতদ্ব্যতীত ভারতের বাহিরের বহু গ্রন্থাগারে ও ব্যক্তিগত সংগ্রহে রহিয়াছে। এ পর্যন্ত ৪২ খানি বাংলা পুথির মুদ্রিত তালিকার সন্ধান পাওয়া গিয়াছে। তন্মধ্যে ৬ খানি তালিকা, যাহাতে বাংলা পুথির সংক্ষিপ্ত তালিকা ও স্থলভেদে সংক্ষিপ্ত পরিচয়ও প্রকাশিত হইয়াছে—তাহা লণ্ডন, প্যারিস ও আমেরিকায় প্রকাশিত। এ পর্যন্ত বাংলা পুথির তালিকাযুক্ত শতাধিক প্রবন্ধেরও সন্ধান পাওয়া গিয়াছে।

এই সংক্ষিপ্ত আলোচনা প্রধানতঃ পুস্তক ও প্রবন্ধাকারে প্রকাশিত বাংলা পুথির তালিকা অবলম্বনেই করা হইয়াছে। মাত্র দুই-এক ক্ষেত্রে আমার ব্যক্তিগত পুথি সংগ্রহ 'মোক্ষদা সংগ্রহে'র পুথির উল্লেখ করিয়াছি। আমার সংগ্রহের তালিকার প্রথম খণ্ড 'ইউনিভারসিটি গ্রাণ্টস্ কমিশন'-এর অর্থানুকূল্যে মুদ্রিত হইয়াছে।

গত ১৯০১ খ্রী: প্রকাশিত পণ্ডিত কুঞ্জবিহারী কাব্যতীর্থ সঙ্কলিত "Catalogue of Printed Books and Manuscripts in Sanskrit belonging to the Oriental Library of the Asiatic Society of Bengal" গ্রন্থের ক্রমিক সংখ্যা, গ্রন্থের নাম, গ্রন্থকার, বিষয় এবং 'Printed or Ms.' এই ৫ স্তম্ভে ৩৭ খানি বাংলা পুথির তালিকা মুদ্রিত হইয়াছিল। আমার জানা, এক সঙ্গে এতগুলি পুথির উল্লেখ-যুক্ত ইহাই প্রথম মুদ্রিত তালিকা।

বাংলা পুথি হইতে পংক্তি বিশেষ উদ্ধৃত করিয়া, সংক্ষিপ্ত পরিচয় সহ প্রথম তালিকা ১৯০৫ খ্রী: লণ্ডনে প্রকাশিত হয়। ইহা বৃটিশ মিউজিয়ামে রক্ষিত মারাঠী, গুজরাটী, বাংলা, অসমীয়া, ওড়িয়া, পুস্তু ও সিন্ধি ভাষার পুথির তালিকা। এই তালিকা সঙ্কলন করেন জে. এফ. ব্লুমহার্ট। এদেশে বাংলা পুথির উদ্ধৃতি যুক্ত সংক্ষিপ্ত পরিচয় সহ, পুস্তিকাকারে মুদ্রিত প্রথম তালিকা সঙ্কলন করেন মুন্সী আবদুল করিম সাহিত্য বিশারদ। ইহা ১৯১৩ খ্রী: (১৩২০ বাং) কলিকাতা হইতে প্রকাশিত হইয়াছিল। এইখণ্ড-- প্রথম খণ্ড—দ্বিতীয় ভাগ, ইহার পুথি সংখ্যা ৪৩৪—৬০০। এই পুথির তালিকা মুদ্রণের পর বৎসর ১৯১৪ খ্রী: (১৩২১ বাং) প্রথম খণ্ড,—প্রথম ভাগ প্রকাশিত হইয়াছিল। ইহাতে ১—৪৩৩ খানি পুথির তালিকা মুদ্রিত হইয়াছিল। ১৩২০ বাং প্রকাশিত সাহিত্যবিশারদের 'বাঙ্গালা প্রাচীন পুথির বিবরণ' প্রথম ভাগ—দ্বিতীয় খণ্ড মুদ্রণের পূর্বে নগেন্দ্রনাথ বসু, অম্বিকাচরণ গুপ্ত, রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ও মৃণালকান্তি ঘোষ মহাশয়ের লিখিত কয়েকটি প্রবন্ধ সাহিত্য পরিষৎ পত্রিকায় ১৩০৪, ১৩০৫, ১৩০৬, ১৩০৭ বঙ্গাব্দের সংখ্যায় প্রকাশিত হইয়াছিল। ১৩০৭ বঙ্গাব্দের তৃতীয় সংখ্যায় সাহিত্যবিশারদ মহাশয়ের 'প্রাচীন পুথির বিবরণ' শীর্ষক প্রথম সংকলন প্রকাশিত হয়। ১৩০৭ বঙ্গাব্দ হইতে আরম্ভ করিয়া অর্ধ শতাব্দী কাল নিরলসভাবে এই পুথি সাহিত্যরসিক অজস্র প্রবন্ধে বাংলার বহু অজ্ঞাত কবি ও তাঁহাদের কাব্যের পরিচয় উদ্ঘাটন করিয়াছেন। তাঁহার সুসম্পাদনায় প্রাচীন পুথি গ্রন্থাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে।

বাংলা পুথির নকলকারকরা লিপিকালের উল্লেখ নানাভাবে করিয়াছেন, যথা—(১) শুধু অঙ্ক দ্বারা 'অব্দ' নির্দেশ, (ক) 'ইতিসন ১০০৮ সাল তারিখ ২৪ আশ্বিন।' বি. ৩৩ রামায়ণ অযোধ্যাকাণ্ড—কৃত্তিবাস। (খ) 'শাকে ১৫০২। ইতি তারিখ ২৫ মাঘ'। বি. ২০৮, রামায়ণ উত্তরাকাণ্ড—কৃত্তিবাস। (গ) '১১৪৯ বাং'। মোক্ষদা ৯০৩, মঙ্গলচণ্ডীর পাঁচালী- কুমার শ্রীপতি।

(২) অঙ্ক দ্বারা অব্দ নির্দেশ করিয়া পুনর্বার অক্ষরে অঙ্ক নির্দেশ। (ক) 'সন ১১৪২ এগার সও ব্যালিস সাল।' বিশ্ব. ১২২৪ চৈতন্যচরিতামৃত—কৃষ্ণদাস। (খ) 'ইতিসন ১২৫১ বার সও একান্ন সাল।' বি. ১৮৪ রামায়ণ-লঙ্কাকাণ্ড, লক্ষ্মণের শক্তিশেল—কবিচন্দ্র। (গ) 'সন ১২১৯ বার সও উনিস সাল।' বি. ১৬২, রামায়ণ লঙ্কাকাণ্ড—কৃত্তিবাস।

(৩) শুধু অক্ষরে অঙ্ক নির্দেশ। (ক) 'বারসও চৌত্রিষ সাল।' বি. ৪০৪৬, মহাভারত—অশ্বমেধ পর্ব,—কাশীরাম দাস। (খ) 'এগার সও একাসি সাল।' বি. ১৭০৮,

মহাভারত—শান্তি পর্ব, নিত্যানন্দ ঘোষ।

(৪) অঙ্ক ও অক্ষর যোগে অব্দ নির্দে´শ। (ক) 'সন এগার শ ৭৫ পচাত্তর সাল তারিখ ২৫ পোস।' ই. অ. ২১৪৫ (ক) দুর্ল´ভসার—লোচন দাস। (খ)· 'সন ১২ সত ২৩ সাং ত্রিপুরা'—বি. ২৪৬ অধ্যাত্ম রামায়ণ বা শ্রীরামের ইতিহাস—ভবানী নাথ। (গ) 'সন ১২ স ৪৫ সাল।' বি. ১৫৩০, মহাভারত, সৌপ্তিক পর্ব—কাশীরাম দাস।

(৫) অ:ব্দর উ:ল্লখ নাই অথচ তারিখ সহ মাসের উল্লেখ। (ক) 'ইতি তারিখ ২০ অগ্রাহাঅণ।' বি. ৪৪, রামায়ণ অরণ্যকাণ্ড—কৃত্তিবাস। (খ) 'ইতি তা ১৮ ভাদ্রে।' বি. ৪১৭, চৈতন্যচরিতামৃত-অন্ত্যখণ্ড,—কৃষ্ণদাস।

(৬) কবিতায় লিপিকাল—উপরে লিখিত তৃতীয় রীতিতে মঘী ও শকাব্দ নির্দে´শ—

(ক) 'পুস্তক লিখন সন। কহি তার বিবরণ
সকাব্দ সহিতে মঘি গত।
মঘি পরিমান ছহি। সহস্রেক চৌরাম্নই
সকাব্দা চোরপন্ন সোল সত।'

মঘী ১০৯৪, শকাব্দা ১৬৫৪। আ. ১২৫ / ক্রমিক ১২, ইউছুফ জোলেখা-শাহ মোহাম্মদ সগীর।

(খ) 'সাওয়ালের তের রোজ পূর্ণিমার দিনে।
বারশ আটত্রিশ মঘি কার্তিক পুনি খনে॥
এলাহি গজব ভেজে বাঙ্গালা জমিনে।
রোজ মঙ্গলবার ছিল জান সব জনে॥'

১২৩০ মঘী ১৩ কার্তিক মঙ্গলবার পূর্ণিমা তিথি। আ. ৫১৯ / ক্রমিক ৯৯, গরকির বচন—ওয়াজুদ্দিন চৌধুরী।

(৭) আংকিক শব্দযোগে লিপিকাল—কোন কোন পুথিতে আংকিক শব্দযোগে লিপিকাল নির্দেশ করা হইয়াছে। কিন্তু এই জাতীয় লিপিকাল নির্দে´শের পাঠোদ্ধার সহজ নহে। একই শব্দের একাধিক অর্থ করা হইয়াছে। 'নেত্র' অর্থে সাধারণত ২ অঙ্ক বুঝাইয়া থাকে, কিন্তু স্থলভেদে ইহা ৩ অঙ্ক নির্দে´শ করে। অনুরূপভাবে 'রস' শব্দের দ্বারা ৬ অঙ্ক (ষড় রস) ও ৯ অঙ্ক (নবরস) বুঝান যায়। ফলে আংকিক শব্দ যোগে নির্দে´শিত লিপিকাল দুই রকম হইয়া পড়ে। আংকিক শব্দ যুক্ত লিপিকালের পাঠোদ্ধারে 'অঙ্কস্য বামাগতি'—সূত্র সাধারণতঃ মানিয়া চলা হয়। ইহার দৃষ্টান্ত যথা—(ক) "সিন্ধু (৭) ইন্দু (১) বেদ (৪) মহী (১) শক পরিমাণ। নৃপতি হুসেন সাহা গৌড়ের প্রধান।"—মনসামঙ্গল—বিপ্রদাস পিপ্ল ই রচিত অঙ্কস্য বামাগতি সূত্র অনুসারে ১৪১৭ শক অর্থাৎ ১৪৯৫ খ্রীষ্টাব্দ হয়।

(খ) 'বেদ (৪) বহ্নি (৭) ঋষী (৭) বিধু (১) পরিমিত সাকে' অঙ্কস্য বামাগতি সূত্রানুসারে ১৭৭৪ শক অর্থাৎ ১৮৫২ খ্রীঃ হয়।—মহাভারত শান্তিপর্ব, বৈদ্যনাথ দ্বিজ, ক / কোচ. ৯৬। ইহার বিপরীত দৃষ্টান্তও বিরল নহে। বিপরীত দৃষ্টান্ত যথা—

(ক) উপরে উদ্ধৃত গরকির বচনের প্রথম চারি পংক্তি হইতে ১২৩৮ মঘী ১৩ কার্তিক মঙ্গলবার পূর্ণিমা তিথির উল্লেখ পাইতেছি। ঐ দিনে চট্টগ্রাম অঞ্চলে যে প্রবল ঝঞ্ঝা প্রবাহিত হইয়াছিল তাহার বিবরণ কবি ১২৩৮ মঘী, ১৪ অগ্রহায়ণ শুক্রবারে লিপিবদ্ধ করেন। যথা—

(ক) ভাস্কর (১২) দক্ষিণ পানে নেত্র (৩) বসাইআ।
তার ডাইনে বসু (৮) রাখি জত্তন করিআ॥
ঋতু (৬) বসু (৮) দিন জান বিশ্চিক (অগ্রহায়ন) মাসের।
লিখন সমাপ্ত রোজ গুরু অসুরের (শুক্র)॥"

এ ক্ষেত্রে 'নেত্র' অর্থে ২ অঙ্ক ধরিলে ১২২৮ মঘী হয়, অতএব ৩ অঙ্ক ধরিয়া ১২৩৮ মঘী নির্দে´শ করা হইল। আ. ৫১৯ / ক্রমিক সংখ্যা ৯৯, গরকির বচন।

(খ) "অতঃপর কহী সুন সন বিবরন।
গোপালের (১২) পীঠে অম্বর (০) সোভন॥
দক্ষিনেতে গ্রহ (৯) করিয়া সাজন।
সিংহ রাষ্যে (ভাদ্রমাস) পুথি সাঙ্গ সুন সর্ব্বজন॥
রুদ্রান্তক (১২) রোজ হইল কি বলিব আর।
কুহান্তক (শুক্ল পক্ষ) হইয়া প্রতিপদ সার॥"

বি. ২৭০০, মহাভারত—শল্য পর্ব´, কাশীরাম দাস অর্থাৎ ১২০৯ সন ভাদ্র মাসের ১২ই তারিখ শুক্লা প্রতিপদ তিথিতে এই পুথি নকলকরা হইয়াছিল। উপরে উদ্ধৃত দুইটি দৃষ্টান্তেই 'অঙ্কস্য বামাগতি' মানিয়া চলা হয় নাই।

বাংলা পুথির লিপিকাল নির্দে´শ করিতে গিয়া নকলকারকেরা কয়েক প্রকার 'অব্দের' উল্লেখ করিয়াছেন, যথা—(১) অমলি সন, (২) ইংরাজী সন, (৩) খ্রীষ্টাব্দ, (৪) জমিদারি সন, (৫) ত্রিপুরাব্দ, (৬) দানিশাব্দ

(৭) নসরৎ শাহী সন, (৮) নেপাল সম্বৎ, (৯) নৃপশক, (১০) পরগণাতি সন, (১১) বঙ্গাব্দ, (১২) বিশ্বসিংহ শক, (১৩) বিষ্ণুপুরী সন, (১৪) মঘী সন, (১৫) মন্দারণ সন, (১৬) মল্লাব্দ, (১৭) যবন নৃপতে শকাব্দ, (১৮) রত্নপীঠস্য নৃপতে শকাব্দ, (১৯) রাজড়া সন, (২০) রাজ সন, (২১) শকাব্দ, (২২) সদর সন (২৩) সম্বৎ, ও (২৪) হিজরী। নিম্নে বর্ণানুক্রমিক প্রতি অব্দের নিদর্শন স্বরূপ এক বা একাধিক দৃষ্টান্ত উদধৃত হইল।

(১) অমলি সন—মেদিনীপুর অঞ্চলে ব্যবহৃত 'অমলি সনের' উল্লেখ বিশ্বকোষে আছে। তাহাতে খ্রীষ্টাব্দ ও অমলি সনের পার্থক্য ১৫৫৫ বৎসর নির্দেশ করা হইয়াছে। ১৫৫৬ খ্রীষ্টাব্দে অমলি সনের আরম্ভ হয়। কিন্তু নিম্নে যে তিনটি দৃষ্টান্ত উদ্ধৃত হইল তাহাতে অমলি সন ও বঙ্গাব্দের মধ্যে কোন পার্থক্য নাই। অমলি সনের সঙ্গে যে শকাব্দ নির্দেশ করা হইয়াছে তাহা লক্ষ্য করিলে অমলি সন ও বঙ্গাব্দ অভিন্ন হইয়া পড়ে। যেমন 'বঙ্গাব্দ' বলিতে গিয়া কোন-কোন ক্ষেত্রে 'শকাব্দ' বা 'শকাব্দ' বলিতে গিয়া কোন কোন ক্ষেত্রে 'বঙ্গাব্দ' বলা হইয়াছে, অনুরূপ ভাবে অমলি সন বলিতে গিয়া বঙ্গদেশের বহু প্রচলিত বঙ্গাব্দই নির্দেশ করা হইয়া থাকিবে। দৃষ্টান্ত—(ক) 'সন১১৮৫ অমলি সকাব্দা ১৭০০ সালে লিখা হইল।'—বিশ্ব. ৯০১, ভাগবত-প্রথম স্কন্ধ, সনাতন বিদ্যাবাগীশ। (খ) 'মাহ আষাঢ়১৫ সন ১১৮৫ অমলি সকাব্দা ১৭০০ সালে সমাপ্ত।'—বিশ্ব. ৯০৩, ভাগবত তৃতীয় স্কন্ধ, সনাতন বিদ্যাবাগীশ। (গ) 'তাং ২০ মাহ ফাল্গুন সন ১২৩০ অমলি।'—বিশ্ব. ৯২০, মহাভারত—কর্ণপর্ব, কাশীরাম দাস। উপরে উদ্ধৃত (ক) ও (খ) পুথিতে শকাব্দ ১৭০০ পাইতেছি। শকাব্দ ১৭০০ = ১১৮৫ বাং, অতএব অমলি ও বঙ্গাব্দ এ স্থলে অভিন্ন। (গ) পুথির এই 'অমলি ১২৩০'—বিশ্বকোষ নির্দিষ্ট অমলি হইলে ১৫৫৫ + ১২৩০ অর্থাৎ = ২৭৮৫ খ্রীষ্টাব্দ হইয়া পড়ে। সুতরাং এ ক্ষেত্রে ও 'অমলি' সম্ভবতঃ বঙ্গাব্দই নির্দেশ করিয়াছে।

(২) ইং অর্থাৎ ইংরাজী সন, (বঙ্গাব্দ + ৫৯৩/৪ = ইং) এই সন খ্রীষ্টাব্দ নামে ও প্রচলিত। কোন কোন ক্ষেত্রে ইং বা খ্রী: স্পষ্ট উল্লেখ না থাকিলেও ইংরাজী মাসের উল্লেখ হেতু খ্রীষ্টাব্দ অনুমান করা যাইতে পারে। দৃষ্টান্ত—'সন ১৮৬৮ তারিখ মাহে ১জানুয়ারি।—প্রা.পু. ৩৫৮, কৃষ্ণলীলা, শ্রীঈশান। এস্থলে ১৮৬৮ ইং অনুমান করা যাইতে পারে। (ক) 'সন ১৮৪১ ইংরেজির লেখা।'—প্রা. পু. ৫৩৭, মনসার ধূপজাটী। (খ) '১৮৭৫ ইং'—শ্রী. সা. ২৭১, অলঙ্কার সংগ্রহ—রাজীব লোচন দাস।

(৩) খ্রী: বা খ্রীষ্টাব্দ (বঙ্গাব্দ + ৫৯৩/৪ = খ্রীষ্টাব্দ)। যীশুখ্রীষ্টের জন্ম হইতে যে অব্দ গণনা করা হয় তাহাই খ্রীষ্টাব্দ নামে প্রসিদ্ধ। খ্রীষ্টাব্দ জানুয়ারী মাস হইতে গণনা করাহয়। দৃষ্টান্ত—(ক) '১৮১৮ খৃ:'।—বিশ্ব. ৪৩২, পত্র—নীলমাধব বন্দ্যোপাধ্যায়। (খ) '১৯১৯ খৃঃ।'—পাঠ. ৩০৬৭ / ৮৯ ক, প্রেমাবতার—কালীহর দাস বসু।

(৪) জমিদারি সন (বঙ্গাব্দ – ১০১ = জমিদারি সন)। দৃষ্টান্ত—(ক) 'জমিদারি সন ১১১০ সাল।' বি. ১৩৭৬, মহাভারত—জান পর্ব, কাশীরাম দাস। (খ) 'সন ১২২২ সাল। জমিদারি সন ১১২১ সা।' বি. ২২৪৯, মহাভারত—আদিপর্ব, কাশীরাম দাস।

(৫) ত্রিপুরাব্দ (বঙ্গাব্দ + ৩ = ত্রিপুরাব্দ)—বিশ্বকোষের মতে পার্বত্য স্বাধীন ত্রিপুরায় প্রচলিত এই অব্দ ৬২১ খ্রীষ্টাব্দে আরম্ভ হয়। বঙ্গাব্দ আরম্ভ ৫৯৩ খ্রীষ্টাব্দে। অতএব বঙ্গাব্দ ও ত্রিপুরাব্দের মধ্যে পার্থক্য ২৮ বৎসর। কিন্তু একাধিক বাংলা পুথিতে যে ত্রিপুরাব্দের উল্লেখ পাইতেছি তাহা বিশ্বকোষের অভিমত সমর্থন করে না। বাংলা পুথির ত্রিপুরাব্দ—বঙ্গাব্দের সঙ্গে ৩ বৎসর যোগ দিলেই পাওয়া যায়। দৃষ্টান্ত—(ক) '১২০৮ বাং ১২১১ ত্রি।'—ক. পু. ১৫/৫, মহাভারত—ঐষীক পর্ব, সঞ্জয়। (খ) '১১৯৩ ত্রি।' ক.পু. ১৫/৩, মহাভারত, শল্য পর্ব, সঞ্জয়। (গ) '১২৪৪ ত্রিপুরাব্দ'। মোক্ষদা. ৪২৬, রাধিকামঙ্গল।

(৬) দানিশাব্দ (বঙ্গাব্দ—১১৫৭ = দানিশাব্দ)। দৃষ্টান্ত—(ক) 'বঙ্গাব্দা ১২৪৮ সংখ্যক। দানিশাব্দা ৯১ সংখ্যক'—প্রা. পু. ৫৯২, আইন সার সংগ্রহ। এই পুথিখানি মুদ্রিত গ্রন্থের অনুলিপি।

(৭) নসরৎ শাহী সন (বঙ্গাব্দ + ২ = নসরৎ শাহী সন)। দৃষ্টান্ত—(ক) 'নছরত শাহী সন ১০৮৩ বাং ১০৮১।' ময়. প্রদ. ৫৭ সৌপ্তিক পর্ব, সঞ্জয়।

(৮) নেপাল সংবৎ—বিশ্বকোষের মতে নেবার অব্দ

বা নেপাল সম্বৎ ৮৮০ খ্রীষ্টাব্দে আরম্ভ হইয়াছে। নেপাল সম্বৎ যুক্ত একখানি পুথির সন্ধান পাইয়াছি। দৃষ্টান্ত—(ক) 'নেপাল সম্বৎ ৮২২'।—সা. ১৭০৬, মহাভারত গীতিনাট্য, কৃষ্ণদেব।

(৯) নৃপ শক—নৃপ শক যুক্ত মাত্র একখানি পুথি কোচবিহার ষ্টেট লাইব্রেরীতে আছে। এই শকের সঙ্গে বঙ্গাব্দ বা খ্রীষ্টাব্দের পার্থক্য কি তাহা জানিতে পারি নাই। দৃষ্টান্ত—(ক) 'ঋতু (৬) গ্রহ (৯) ভুজ (২) নৃপশকে সুসোভন।'—কোচ. ২৫, কাশীখণ্ড · সতানন্দ। 'অঙ্কস্য বামাগতি' সূত্রানুসারে ২৯৬ নৃপ শক হয়।'

(১০) পরগণাতি সন--বিশ্বকোষের মতে—'পূর্ববঙ্গে মুসলমান আমলে এই অব্দ প্রচলিত ছিল। প্রাচীন কাগজ পত্রে পাওয়া যায়।' কিন্তু ইহার সঙ্গে বঙ্গাব্দ বা খ্রীষ্টাব্দের পার্থক্য কত নির্দেশ করেন নাই। দৃষ্টান্ত—(ক) 'পরগণাতি ৫০০'—রা. কু. ১১৫৯। (খ) 'পরগণাতি ৫৭৩'—রা. কু. ৭৪৬। (গ) 'পরগণাতি ৫৭৫'—রা. কু. ৩৭২ (ঢ)।

(১১) বঙ্গাব্দ বা বাংলা সন (বঙ্গাব্দ+৫৯৩ / ৪ = খ্রীষ্টাব্দ)। সুলতান হোসেন শাহের সময় এই সন প্রচলিত হয়। বঙ্গাব্দের সঙ্গে ৫১৫ বৎসর যোগ দিলে শকাব্দ হয়। দৃষ্টান্ত—(ক) 'সন ১০০২ সাল।'—বি. ৩৫৬০, মহাভারত-স্ত্রী পর্ব, কাশীরাম দাস। (খ) 'ইতি শক ১০০৭ সাল।'—এ. ৩৭৩২, একাদশী মাহাত্ম্য, সাগরবসু। (গ) '১১৫০ বাং।' —মোক্ষদা. ১১৫০, হরিবংশ, ভবানন্দ।

(১২) বিশ্বসিংহ শক (বঙ্গাব্দ—৯১৬ = বিশ্বসিংহ শক)। দৃষ্টান্ত—(ক) ঋতু (৬) ভুজ (২) হরনেত্র (৩): বিশ্বসিংহ সাকে। বারোশ ব্যাল্লিস শন লোকে বলে যাকে। সেহি সময়ত এই পদ চারুতর। বিরচিল শ্রীল শ্রীহরেন্দ্র নৃপবর॥" কোচ.—২২, বৃহদ্ধর্ম পুরাণ, উত্তরখণ্ড, মহারাজ হরেন্দ্র নারায়ণ। 'অঙ্কস্য বামাগতি'—সূত্রানুসারে ৩২৬ বিশ্বসিংহ শক—১২৪২ বাং।

(১৩) বিষ্ণুপুরি সন (বঙ্গাব্দ—১০১ = বিষ্ণুপুরি সন) বিষ্ণুপুরি সন ও মল্লাব্দ অভিন্ন। দৃষ্টান্ত—(ক) 'বাঙ্গলা সন ১২৩২ সাল।···সন বিষ্ণুপুরি ১১৩১ সাল।' বি. ৩৬৮৭, মহাভারতগদাপর্ব, কাশীরাম দাস।

(১৪) মঘী সন (বঙ্গাব্দ—৪৫ = মঘী সন)। ব্রহ্মদেশে প্রচলিত মঘী সন ৬৩৯ খ্রীষ্টাব্দে আরম্ভ হয়। দৃষ্টান্ত—(ক) 'ইতি ১১০৭ এগার স সাত সন মঘি।' আ. ৩৬১/ক্রমিক ৪৭৭, সতী ময়না লোরচন্দ্রানী—কাজী দৌলত। (খ) 'সন ১১০৭ মঘি।' বরেন্দ্র. আ. ১, রামায়ণ—আদিকাণ্ড হইতে লঙ্কাকাণ্ড, কৃত্তিবাস। (গ) '১১৮৫ মঘী ১৯ শে মাঘ'। প্রা. পু. ১২, জ্ঞান প্রদীপ, সুলতান সৈয়দ।

(১৫) মন্দারণ সন (রাজড়া সন+১০১ = মন্দারণ সন। দৃষ্টান্ত—(ক) 'রাজড়া সন ১১৩৫ সাল মন্দারণ সন ১২৩৬ সাল।' সা. চি. ৩০৩, রামায়ণ—লঙ্কাকাণ্ড, সীতাসুত, সা. প. প. ৪৮ বর্ষ, ৩য় সংখ্যা, পৃ ১১০।

(১৬) মল্লাব্দ (বঙ্গাব্দ—১০১ = মল্লাব্দ)। বাঁকুড়া জেলার বিষ্ণুপুর অঞ্চলের রাজাদের প্রতিষ্ঠিত অব্দ। দৃষ্টান্ত—(ক) 'মল্লস্য শকাব্দা ১০০৯।' বি. ৩৭৮, চৈতন্য চরিতামৃত—মধ্যখণ্ড, কৃষ্ণদাস। (খ) 'মল্লবংসে সক সন ১০১৭ সান।' বি. ২৫, রামায়ণ—আদিকাণ্ড, কৃত্তিবাস। (গ) 'মল্লশক ১০৯৫'। বি. ৩৪৪২, মহাভারত—দ্রোণপর্ব, কাশীরাম দাস।

(১৭) যবন নৃপতে শকাব্দ—ইহা বঙ্গাব্দের নামান্তর দৃষ্টান্ত—(ক) 'সাকে ১৭২৩ যবন নৃপতে সকাব্দা ১২০৮।' কোচ. ২৮, নারদীয় পুরাণ, নারায়ণ দ্বিজ।

(১৮) রত্নপীঠস্থ নৃপতি শকাব্দ (বঙ্গাব্দ—৯১৬ = রত্নপীঠস্য নৃপতে শকাব্দ) প্রাচীন কামরূপ রাজ্য চারি পীঠে বা ভাগে বিভক্ত। কামপীঠ, রত্নপীঠ, স্বর্ণপীঠ, সৌমারপীঠ। বর্তমান কোচবিহার অঞ্চল রত্নপীঠের অন্তর্গত। রত্নপীঠস্য নৃপতেশকাব্দ—বলিতে কোচবিহার রাজ শকই বুঝাইয়া থাকে। দৃষ্টান্ত—(ক) 'রত্নপিঠস্য নৃপতে সকাব্দ ২৯২।'—কোচ. ২৮, নারদীয় পুরাণ, নারায়ণ দ্বিজ।

(১৯) রাজড়া সন (মন্দারণ সন—১০১ = রাজড়া সন) দৃষ্টান্ত—(ক) 'রাজড়া সন—১১৩৫, মন্দারণ সন ১২৩৬ সাল।' সা. চি. ৩০৩, রামায়ণ—লঙ্কাকাণ্ড, সীতাসুত।

(২০) রাজ সন (বঙ্গাব্দ—১০১ = রাজ সন) বিষ্ণুপুর অঞ্চলে লিখিত পুথি সমূহের 'রাজ সন', 'বিষ্ণুপুরি সন' ও 'মল্লাব্দ' অভিন্ন। দৃষ্টান্ত—(ক) 'ইতি রাজশন ১১২১ সনরসন ১২২২ শা।' বি. ৩২৭৫, মহাভারত—গদাপর্ব, কাশীরাম দাস।

(২১) শকাব্দ (বঙ্গাব্দ+৫১৫ = শকাব্দ) 'শক' নামক

নৃপতি প্রবর্তিত বৎসর। ১৩৫ সম্বতের ও খ্রীষ্ট জন্মের ৭৮ বৎসর পরে এবং বঙ্গাব্দের ৫১৫ বৎসর পূর্বে ইহার আরম্ভ। সুতরাং শকাব্দ=সম্বৎ—১৩৫, খ্রীষ্টাব্দ—৭৮, বঙ্গাব্দ+৫১৫: বাঙ্গালা দেশের অধীশ্বর সেন বংশীয় লক্ষ্মণ সেনের অব্দ মিথিলায় বহু প্রচলিত। বাংলা দেশের কোন কোন সংস্কৃত গ্রন্থে এই অব্দের উল্লেখ পাওয়া যায়। কিন্তু এ পর্যন্ত কোন বাংলা পুথিতে এই অব্দ পাই নাই। ১০৩০ শকাব্দের মাঘ মাসে লক্ষ্মণাব্দ আরম্ভ হইয়াছিল। ইহা সংক্ষেপে' 'লং.সং' নামে পরিচিত। শকাব্দ, বঙ্গাব্দ, লক্ষ্মণাব্দ ও সম্বৎ ইত্যাদি এক অব্দ হইতে অন্য অব্দ বাহির করিবার মৈথিলী ভাষায় এক গাঁথা প্রচলিত ছিল। যথা—'শাকে সো সন জনাবসোই রহিত বাণ (৫) শশি (১) বাণ (৫) যো হোই॥ আসন জমারহৈ সো দেখহু। শর (৫) শশি (১) বাণ (৫) হীন করি লেখহু। বাকী রহৈ সো লংসং প্রমাণ। গুরু জ্ঞানীজন ভাষা মান॥ অঙ্ক চৌষট (৬৪) একাদশ (১১) দীজে। লং.সং সহিত সম্বৎ করি লীজে॥'* অর্থাৎ শকাব্দ হইতে ৫১৫ বাদ দিলে যাহা থাকে তাহাই সন অর্থাৎ বঙ্গাব্দের পরিমাণ এবং সেই বঙ্গাব্দের পরিমাণ হইতে ৫১৫ বাদ দিলেই লক্ষণাব্দের পরিমাণ হয়; সেই লক্ষণাব্দের পরিমাণ সহ ১১৬৪ যোগ দিলে সম্বৎ পরিমাণ জানা যায়। লক্ষণাব্দে ১০৩০ যোগ করিলেই শকাব্দ বাহির হয়। দৃষ্টান্ত—(ক) 'শাকে ১৫০২। ইতি তারিখ ২৫ মাঘ।' বি. ২০৮, রামায়ণ—উত্তরাকাণ্ড, কৃত্তিবাস। (খ) 'ইতি শক ১৫৬৭ সমাপ্ত।'—এ ৫৩৭৮, ভক্তি প্রদীপ, কৃষ্ণকিঙ্কর। (গ) "১৭১৭ শক ১২৫৬ বাং" মোক্ষদা. ৭৬৬, চৈতন্য চরিতামৃত অন্ত্যখণ্ড, কৃষ্ণদাস কবিরাজ।

(২২) সদর সন—সদর এস্থলে সম্ভবতঃ প্রধান অর্থে ব্যবহৃত হইয়াছে। সদর সন বঙ্গাব্দের নামান্তর। দৃষ্টান্ত—(ক) 'ইতি রাজ শন ১১২১ শা সদর সন ১২২২ শা তারিখ ১৪ চৈত্র রোজ শোমবার।" বি. ৩২৯৫ মহাভারত —গদাপর্ব, কাশীরাম দাস।

(২৩) সম্বৎ (বঙ্গাব্দ+৬৫০=সম্বৎ) খ্রীষ্ট জন্মের ৫৭ বৎসর পূর্বে উজ্জয়িনী রাজ বিক্রমাদিত্য প্রবর্তিত অব্দ। দৃষ্টান্ত—(ক) 'সংবত ১৮৪৮ আশ্বিন।' এ. ই. মি. ৯৭১৩, নিগম, গোবিন্দ দাস। (খ) '১৮৭৪ সম্বৎ।' পাঠ. ২২২১/ ১২ ক, গোবিন্দ লীলামৃত—যদুনন্দন দাস।

(২৪) হিজরী—খ্রীষ্ট জন্মের ৬২২ বৎসর পরে মক্কা হইতে হজরত মোহাম্মদের মদিনায় পলায়ন দিবস (১৬ ই জুলাই) হইতে আরব্ধ অব্দ। দৃষ্টান্ত—(ক) '১২১৯ হিজরী।' —আ.৫৫৭/ক্রমিক ১৭, ইউসুফ জোলেখা, গরীব উল্লাহ ফকির। (খ) '১২৪৩ হিজিরা।'—বিশ্ব. ২৮০, পত্র-কৃষ্ণচন্দ্র শর্মা, (হেতেমপুর রাজ)।

অধিকাংশ বাংলা পুথিতে লিপিকাল নির্দেশ করিতে গিয়া শুধু একটি অব্দ নির্দেশ করা হইয়াছে। কিন্তু ইহার বিপরীত দৃষ্টান্তও বিরল নহে। কোন কোন পুথিতে দুই, তিন এমন কি চারিটি অব্দের উল্লেখ পাশাপাশি করা হইয়াছে। এই সকল উল্লেখ হইতে এক অব্দের সঙ্গে অন্য অব্দের পার্থক্য সহজে ধরা পড়ে। নিম্নে দুই, তিন, চারি অব্দের উল্লেখ যুক্ত কতিপয় পুথি, দৃষ্টান্ত স্বরূপ উল্লেখ করা হইল।

দুই অব্দের উল্লেখ যুক্ত পুথি—(ক) অমলি সন—শকাব্দ (অমলি সন+৫১৫=শকাব্দ) অমলি এস্থলে বঙ্গাব্দের নামান্তর। (১) 'সন ১১৮৫ অমলি সকাব্দা ১৭০০ সালে লিখা হইল।'—বিশ্ব. ৯০১ ভাগবত-প্রথম স্কন্ধ, সনাতন বিদ্যাবাগীশ।

(খ) খ্রীষ্টাব্দ—বঙ্গাব্দ (খ্রীষ্টাব্দ—৫৯৩ / ৪=বঙ্গাব্দ) (১) 'সন ১১৮০ সাল ইংরাজী সন ১৭৭৩ মাহ ভাদ্র ২২ রোজে আগস্ত মাহা।'—ই. অ. ধ. ২১৪৪ মহাভারত, কাশীরাম দাস। (২) 'সন ১২০৭ সাল ৮ আষাঢ় ইংরাজী সন১৮০০ সাল তারিখ ১৯শে জুন।' এ.৫০২৫—মহাভারত, কর্ণপর্ব। (৩) 'ইং ১৮২৯। বাং ১২৩৬।'—বিশ্ব. ৫৪৬, নারদ সংবাদ, কৃষ্ণদাস।

(গ) খ্রীষ্টাব্দ—মঘী (খ্রীষ্টাব্দ—৬৩৮=মঘী) (১) 'ইতি ১৮৫২ ইং তাং ১৯ সেপ্তাম্বর মতাবেক সন ১২১৪ মঘি তারিখ ৫ আশ্বিন।'—প্রা. পু. ৫১৩, ভানুমতীর বিবাহ, গৌরীকান্ত।

(ঘ) জমিদারি সন—বঙ্গাব্দ (জমিদারি সন+১০১= বঙ্গাব্দ) (১) 'সন ১২২২ সাল জমিদারি সন ১১২১ সা।'— বি. ২২৫৯, মহাভারত—আদিপর্ব, কাশীরাম দাস।

---

*দুর্গাভক্তি তরঙ্গিণী, ঈশানচন্দ্র বিদ্যাবিনোদ সম্পাদিত, শকাব্দা ১৮৫৬, শ্রীহট্ট।

(ঙ) ত্রিপুরাব্দ—বঙ্গাব্দ (ত্রিপুরাব্দ—৩=বঙ্গাব্দ) (১) '১২০৯ বাং ১২১২ ত্রি।'—ক. পু. ১৫ / ১০, মহাভারত—অশ্বমেধ পর্ব, শ্রীকর নন্দী, সঞ্জয়। (২) '১২৫২ বাং ১২৫৫ ত্রি।'—ক. পু. ১৩৫, কেয়ামত নামা, খান মোহাম্মদ।

(চ) ত্রিপুরাব্দ—শকাব্দ (ত্রিপুরাব্দ+৫১২=শকাব্দ) (১) 'ইতি সন ১২৪৭ ত্রিপুরা তাং ৯ ভাদ্র, শকাব্দা ১৭৫৯।' প্রা. পু. ৫৯৫, সাধ্য প্রেমচন্দ্রিকা। (২) '১২১৩ ত্রি, ১৭২৫ শক।'—ক. পু. ৩০, মৃগলুব্ধ। (৩) '১২১৭ ত্রি, ১৭২৯ শক।'—ক. পু. ২০৯, রামচন্দ্রাভিষেক দিগ্বিজয়—ভবানী নাথ।

(ছ) দানিশাব্দ—বঙ্গাব্দ (দানিশাব্দ+১১৫৭=বঙ্গাব্দ) (১) 'বঙ্গাব্দা ১২৪৮ দানিশাব্দা ৯১।'—বরেন্দ্র. আ. ২৭৭, আইন সার সংগ্রহ, শম্ভুচন্দ্র।

(জ) নছরৎ শাহী সন—বঙ্গাব্দ (নছরৎশাহী সন—২=বঙ্গাব্দ) (১) 'নছরৎশাহী সন ১০৮৩ বাং ১০৮১।'—ময়. প্রদ. ৫৭, সৌপ্তিক পর্ব।

(ঝ) বঙ্গাব্দ—বিশ্বসিংহ শক (বঙ্গাব্দ—৯১৬=বিশ্বসিংহ শক) (১) 'ঋতু (৬) ভুজ (২) হরনেত্র (৩) বিশ্বসিংহ সাকে। বারোশ ব্যাল্লিস শন লোকে বলে যাকে।'—কোচ. ২২ বৃহদ্ধর্মপুরাণ, উত্তরখণ্ড, মহারাজ হরেন্দ্র নারায়ণ।

(ঞ) বঙ্গাব্দ—মঘী (বঙ্গাব্দ—৪৫=মঘী) (১) 'সন ১২৫১ বাং মতাবেক সন ১২০৬ মঘি তাং ১৫ চৈত্র।'—প্রা. পু. ১৭৩ গুরুদক্ষিণা, শঙ্কর ব্রাহ্মণ। (২) 'সন ১২৫৬ বাং সন ১২১১ মঘি তারিখ ১৮ ফাল্গুন রোজ বৃহস্পতিবার।'—প্রা. পু. ৫৮০, ধর্মইতিহাস।

(ট) বঙ্গাব্দ—শকাব্দ (বঙ্গাব্দ+৫১৫=শকাব্দ)। (১) '১০০৬ বাং ১৫২১ শক।'—মোক্ষদা. ৪৮৯, কুমার কথা—দেবানন্দ। (২) 'সকাব্দ ১৬৮৩। সন ১১৬৮।'—বিশ্ব. ১৩১৫, গুরুতত্ত্বসার, বলরাম দাস। (৩) 'সকআব্দা ১৭২০ সন ১২০৫ সন বাঙ্গলা তারিখ মাহ ১৬ই কার্তিক রোজ মঙ্গলবার রাত্রি ১ প্রহর গতে তৎকালে পুস্তক সমাপ্ত হইল।'—এ,. ৪০৩৯, কালিকা পুরাণ, দুর্গারাম।

(ঠ) মঘী—শকাব্দ (মঘী+৫৬০=শকাব্দ) (১) 'ইতি সন ১১৩৮ মঘি সকাদিত্য সন ১৬৯৮ তারিখ ১৮ মাঘ রোজ সনিবার তিথি ষষ্ঠিআ।'—প্রা. পু. ৩৮৮, মনসামঙ্গল, কেতকাদাস ক্ষেমানন্দ। (২) 'সাক সুল সন্ত ১৬৮২ মঘি ১১২২ মঘি তারিখ ৫ আশ্বিন রোজ সুক্রবার।'—আ. ২৯৭ (ক্রমিক ৪৮৭), সবে মেরাজ, সুলতান সৈয়দ।

(ড) মন্দারণ সন—রাজড়া সন (মন্দারিণ সন—১০১=রাজড়া সন)। (১) 'রাজড়া সন ১১৩৫, মন্দারণ সন ১২৩৬।'—সা. চি. ৩০৩, রামায়ণ, লঙ্কাকাণ্ড, সীতাস্তুত।

(ঢ) রাজ সন—সদর সন (রাজ সন+১০১=সদর সন)। (১) 'রাজ শন ১১২১. শা সদর সন ১২২২ শা তারিখ ১৪ চৈত্র রোজ শোমবার।'—বি. ৩২৯৫, মহাভারত, গদাপর্ব, কাশীরাম দাস।

তিন অব্দের উল্লেখ যুক্ত পুথি—

(ক) খ্রীষ্টাব্দ—বঙ্গাব্দ—বিষ্ণুপুরি। (১) 'সন ১৮২৫ সাল তারিখ মতাবক বাঙ্গলা সন ১২৩২ সাল। তারিখ ২০ আসার সন বিষ্ণুপুরি ১১৩১ সাল।'—বি. ৩৬৮৭ মহাভারত—গদাপর্ব, কাশীরাম দাস।

(খ) খ্রীষ্টাব্দ—বঙ্গাব্দ—মঘী। (১) 'ইতি সন ১২১৩ সাল বাঙ্গালা সন ১১৬৮ মঘি সন ১৮০৬ ইংরেজি তারিখ ১২ ফাল্গুন বাঙ্গালা তারিখ ২২ ফিবরেল ইংরেজি রোজ রোবিবার রাত্রি ছএ ডণ্ড সমএ পুস্তক লিখনং সমাপ্ত।'—প্রা. পু. ২৯৬ সতীময়নাবতী ও লোরচন্দ্রানী। (২) 'ইতি ১৮৫০ ইং মুতাবেক সন ১২৫৭ বাঙ্গালা মুতাবেক ১২১২ মঘি তারিখ আগ্রাণ রোজ শুক্রবার বেলা দ্বিপ্রহরের সময় সমাপ্ত হইল।'—প্রা. পু. ১২৮, মহাভারত—সভাপর্ব, সঞ্জয়। (৩) 'ইতি সন ১২০০ মঘী তারিখ ২ কার্তিক মতাবেক সন ১২৪৫ বাঙ্গালা মতাবেক সন ১৮৩৮ ইংরেজি তারিখ ১৬ আক্তুবর রোজ বুধবার বৈকাল বেলা চতুর্দ্দশী কৃষ্ণপক্ষ ক্ষেণে লিখা সমাপ্ত।'—প্রা. পু. ৫৪, ষড়ানন ব্রত কথা।

(গ) খ্রীষ্টাব্দ—বঙ্গাব্দ—মল্লাব্দ। (১) 'ইতি সন ১২৩২ সাল। তারিখ ৬ আগষ্ট... মল্ল সন ১১৩১ সালে ইঙ্গরেজি সন ১৮২৫ সাল তারিখ ১৯ জুন।'—বি. ৩৬৮৮, মহাভারত—শল্যপর্ব, কাশীরাম দাস।

(ঘ) খ্রীষ্টাব্দ—বঙ্গাব্দ—শকাব্দ। (১) 'সন ১২০৮ সন বার সও আট সাল তারিখ ১৬ সোলঞি জেষ্ঠী রোজ

বৃহস্পতিবার বেলা ত্রিতিয় প্রহরের সময় সমাপ্ত হইল। ইতি সকাব্দা ১৭২৩ সতের সও তেইস সক ইঙ্গিরাজী সন ১৮০১ আঠার সও এক সাল।'—বি.১৩৮৩, মহাভারত—আদিপর্ব, কাঁশীরাম দাস। (২) 'শক ১৭৫৪ বাং ১২৩৯ খ্রী ১৮৩২।'—বি. ৬৫৬১ চৈতন্যচরিতামৃত মধ্যখণ্ড—কৃষ্ণদাস কবিরাজ। (৩) '১২২২ বাং, ১৮১৫ ইং, ১৭৩৭ শক।'—মোক্ষদা. ১০০২, মহাভারত—বনপর্ব, সঞ্জয়।

(ঙ) যবন নৃপতে শকাব্দ—রত্নপীঠস্য নৃপতে শকাব্দ—শকাব্দ। (১) 'সাকে ১৭২৩ যবন নৃপতে সকাব্দ। ১২০৮ রত্নপিঠস্য নৃপতে সকাব্দা ২৯২।'—কোচ. ২৮, নারদীয় পুরাণ, নারায়ণ দ্বিজ। এস্থলে যবন নৃপতে শকাব্দ = বঙ্গাব্দ এবং রত্নপিঠস্য নৃপতে সকাব্দা—কুচবিহার রাজ সন নির্দেশ করিয়াছে।

চারি অব্দের উল্লেখ যুক্ত পুথি :—

(ক) খ্রীষ্টাব্দ—জমিদারী—বঙ্গাব্দ—শকাব্দ। (১) 'শকাব্দ ১৭৫৮ সক সন ১২৪৩ সাল জমিদারি সন ১১৪২ সাল ইঙ্গরাজী ১৮৩৬ সাল তারিখ ৬ জেষ্ঠী সনিবার, ১৮ মারচ।' —বি. ২১৭০ মহাভারত—মুসল পর্ব, কাশীরাম দাস।

(খ) খ্রীষ্টাব্দ—বঙ্গাব্দ—মঘী- শকাব্দ। (১) 'ইতি সন ১৭৩৯ শকাব্দা সন ১২২৪ বাঙ্গালা, সন ১৮১৭ ইংরেজী সন ১১৭৯ মঘী তারিখ ১৭ই জ্যৈষ্ঠ রোজ বৃহস্পতিবার তিথি চতুর্দশী।'—প্রা. পু. ৩৮, নিত্য-মঙ্গলচণ্ডীকার পাঁচালী। উপরে উদ্ধৃত আলোচনা লক্ষ্য করিলে ইহা প্রতীয়মান হয় যে একই অব্দের একাধিক নাম এদেশের বিভিন্ন অঞ্চলে প্রচলিত ছিল। দৃষ্টান্ত—(১) ইংরাজী, খ্রীষ্টাব্দ—অভিন্ন। (২) জমিদারি সন, বিষ্ণুপুরি সন, মল্লাব্দ, রাজড়া সন, রাজ সন,—অভিন্ন। (৩) বঙ্গাব্দ, অমলি সন, যবন নৃপতে শকাব্দ, মন্দারণ সন, সদর সন,—অভিন্ন। (৪) বিশ্বসিংহ শক, রত্নপীঠস্য নৃপতে শক—অভিন্ন।

পরিশিষ্ট 'ঘ'

॥ বাংলা পুথির লিপিবৈচিত্র্য ॥

বাংলা ভাষায় রচিত পুথি সমূহের মধ্যে অধিকাংশই বঙ্গাক্ষরে লিখিত। তবে বঙ্গাক্ষর ব্যতীত (১) আরবী, (২) ওড়িয়া (৩) কৈথী, (৪) দেবনাগরী, (৫) নেওয়ারী, (৬) রোমান, (৭) সিলেটী নাগরী অক্ষরে লিখিত পুথির সন্ধান পাওয়া গিয়াছে।

(১) আরবী—আরবী লিপিতে লিখিত বহু বাংলা পুথির সন্ধান পাওয়া গিয়াছে। চট্টগ্রামের মুন্সী আব্দুল করিম সাহিত্য বিশারদ মহাশয়ের সংগ্রহে ৫০ খানির উপর এবং কুমিল্লার মৌলবী আলী আহমদ এম. এ., বি. টি. মহাশয়ের সংগ্রহে ২ খানি আরবী অক্ষরে লিখিত বাংলা পুথি আছে। দৃষ্টান্ত—(ক) আব্দুল করিম সাহিত্য বিশারদ সঙ্কলিত পুথি পরিচিতি, পুথি সংখ্যা ৪৮০ ক ওকাত-ই-রসুল, সৈয়দ সুলতান রচিত (পৃ ৫৩ দ্রঃ)। (খ) বাঙলা কলমী পুথির বিবরণ, পুথি সংখ্যা ১২৬, মোহাম্মদ খান রচিত 'দজ্জাল নামা,' পত্র সং ১২-৯৪, খণ্ডিত (পৃ ১৫ দ্র.)।

এই প্রসঙ্গে উল্লেখ করা যাইতে পারে আরবী লিপি রীতির প্রভাবে বহু বাংলা পুথি ডানদিক হইতে বামদিকে লিখিত হইয়াছে। গ্রন্থের পত্রাঙ্কও কোন কোন স্থলে শেষ পৃষ্ঠা হইতে আরম্ভ করা হইয়াছে। আব্দুল করিম সাহিত্য বিশারদ সঙ্কলিত পুথি পরিচিতির ৩সংখ্যক গ্রন্থ 'আমীর হামজা', ৬৮সংখ্যক গ্রন্থ 'কিফায়তুল মুসল্লিন' এবং বরেন্দ্র রিসার্চ মিউজিয়ামের বাংলা পুথির তালিকার আব্দুল করিম সাহিত্য বিশারদ সংগৃহীত ১৩৪ সংখ্যক গ্রন্থ 'বিপুলার চৌতিশা,' ১৬৩ সংখ্যক গ্রন্থ 'সত্যপীর পাঁচালী' ডানদিক হইতে বামদিকে লিখিত। এস্থলে উল্লেখ করা হয়ত অপ্রাসঙ্গিক হইবে না যে গত শতাব্দীর প্রথমার্ধে রচিত একখানি অসমীয়া গদ্য গ্রন্থ আরবী লিপিতে লিখিত হইয়াছিল।*

(২) ওড়িয়া অক্ষরে লিখিত বহু বাংলা পুথি উড়িষ্যা রাজ্য প্রদর্শশালা ভুবনেশ্বরে রক্ষিত আছে। দৃষ্টান্ত—(ক) ও.মি. পুথি সংখ্যা২০৭, গঙ্গামঙ্গল—জগন্নাথ বিপ্র, তাল পাতার পুথি। (খ) ও. মি. পুথি সংখ্যা ২১২, অদ্বৈত মঙ্গল, হরিচরণ দাস।

---

*গৌহাটী বিশ্ববিদ্যালয় প্রকাশিত সূর্যকুমার ভূঞা স্মারক স্মৃতিগ্রন্থে মল্লিখিত Two Assamese Manuscripts প্রবন্ধ দ্রষ্টব্য।

(৩) কৈথী—মাত্রাহীন দেব-নাগরী অক্ষর ও কৈথী অক্ষরের মধ্যে সাদৃশ্য আছে। ইহা খানিকটা গুজরাটী অক্ষরের অনুরূপ। বঙ্গীয় সাহিত্য পরিষৎ গ্রন্থাগারে কৈথী অক্ষরে লিখিত নিম্নলিখিত দুইখানি বাংলা পুথি আছে। (ক) পুথি সং ৫২৯, ক্ষেমানন্দ রচিত মনসামঙ্গল পত্র সং ১-৪৮, সম্পূর্ণ, ১২২৪ বাং। (খ) পুথি সং ১৪১৮, ক্ষেমানন্দ রচিত মনসামঙ্গল, পত্র সং ১-১০৯, সম্পূর্ণ, ১২৬৩ বাং। এই পুথি দুইখানি অবলম্বনে আমার পূজনীয় অধ্যাপক শ্রীকৃষ্ণকীর্তন সম্পাদক বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ মহাশয় ক্ষেমানন্দের মনসামঙ্গল সম্পাদনা করিয়া ১৩১৬ বঙ্গাব্দে বঙ্গবাসী প্রেস হইতে প্রকাশ করেন*।

(৪) দেবনাগরী--দেবনাগরী অক্ষরে লিখিত বহু বাংলা পুথির সন্ধান পাওয়া গিয়াছে। সিউড়ি বীরভূমের শিবরতন মিত্র মহাশয়ের সংগ্রহে একখানি পুথি, এশিয়াটিক সোসাইটিতে রক্ষিত ইণ্ডিয়ান মিউজিয়ামের একাধিক পুথি এবং পাটনা গুলজারবাগের শ্রীকৃষ্ণ লাইব্রেরীতে কয়েকখানি পুথি দেবনাগর লিপিতে লিখিত। দৃষ্টান্ত যথা :—

(ক) এশিয়াটিক সোসাইটিতে রক্ষিত ইণ্ডিয়ান মিউজিয়ামের পুথি সংখ্যা ১৫৭৫, কৃষ্ণদাস রচিত বন পরিক্রমা।

(খ) বীরভূম সিউড়ির শিবরতন মিত্রের রতন লাইব্রেরীতে রক্ষিত পুথি সংখ্যা ৩৩, কলাবতী সত্যনারায়ণ, ১১৫৬ সাল [১৬৭১ শকাব্দ]।

(৫) নেওয়ারী—বিহারের মিথিলা ও দ্বারভাঙ্গা প্রভৃতি অঞ্চলের কায়স্থগণকে নেওয়ার বলে। তাহাদের লিপি নেওয়ারী লিপি নামে প্রসিদ্ধ। ঐ অঞ্চলের যে সকল কায়স্থ লেখক নেপালে গিয়া বই লিখিতেন তাহাদের লিপিও নেওয়ারী লিপি নামে পরিচিত। ঐ লিপির সঙ্গে বাংলা লিপির সাদৃশ্য আছে। বঙ্গীয় সাহিত্য পরিষৎ প্রকাশিত 'নেপালে বাঙলা নাটক' গ্রন্থখানি নেওয়ারী অক্ষরে লিখিত চারিখানি নাটকের পুথি অবলম্বনে সঙ্কলিত।

(৬) রোমান—রোমান অক্ষরে লিখিত কতিপয় বাংলা পুথির সন্ধান পাওয়া গিয়াছে। ভূষনার রাজপুত্র 'দোম আন্তোনিয়ো দো রোজরিয়ো' রচিত 'ব্রাহ্মণ রোমাণ ক্যাথলিক সংবাদ' পুস্তক এবং বৃটিশ মিউজিয়ামে রক্ষিত বাংলা শব্দ সংগ্রহ রোমান অক্ষরে লিখিত, ব্রাহ্মণ রোমান ক্যাথলিক সংবাদ পুথিখানি এ:ভোরার রাজকীয় গ্রন্থাগারে রক্ষিত আছে। ডঃ সুরেন্দ্র নাথ সেন সম্পাদিত ১৯৩৭ খ্রীঃ কলিকাতা বিশ্ববিদ্যালয় প্রকাশিত এই গ্রন্থের ভূমিকা দ্রষ্টব্য।

(৭) সিলেটী নাগরী সিলেটী নাগরী-লিপি শ্রীহট্ট ও কাছাড় অঞ্চলের মুসলমান সম্প্রদায়ের মধ্যে বহু প্রচলিত। এই লিপিতে লিখিত একাধিক হস্তলিখিত পুথি এবং এই লিপিতে মুদ্রিত ২৫ খানি গ্রন্থ আমার ব্যক্তিগত মোক্ষুদা সংগ্রহে আছে। 'সিলেটী নাগরী' লিপি সম্বন্ধে সর্বপ্রথম বিস্তৃত আলোচনা করেন মহামহোপাধ্যায় পদ্মনাথ ভট্টাচার্য বিদ্যাবিনোদ মহাশয়। তাঁহার রচিত প্রবন্ধ বঙ্গীয় সাহিত্য পরিষৎ পত্রিকার ১৫শ বর্ষে চতুর্থ সংখ্যায় প্রকাশিত হইয়াছিল।

——(•)——

---

*এ বিষয়ে 'স্মৃতি' শারদীয়া সঙ্কলন, ১৩৪৮ বাং পৃ ১৪, —মল্লিখিত প্রবন্ধ দ্রষ্টব্য।

আরবী লিপিতে লিখিত ও ফাত-ই-রসুল,
রচয়িতা—সৈয়দ সুলতান,
ঢাকা বিশ্ববিদ্যালয় (আবদুল করিম সাহিত্য বিশারদ সংগ্রহ)
পুথি সংখ্যা—৪৮০ ক, ক্রমিক সংখ্যা – ৪৭



بي بي عائشار اگ پوسيت لاغيلا
كيسكارن شونيت سي كاندنر رول
كن هتو لوك شب كر كالاحل
تب عائشاي شوني كهيت لاغيل
تمار كارن شب كاندنيت لاغيل
شمازت نماز كريت نپاريلا
اديق بيادي حن شقل زانيلا
تكارن عچسر كاند شرب زن
عنت هئيا شب كرنت رودن
بي بي

"বিবি আয়েশার আগে পুছিত লাগিলা।
কি কারণে শুনিতেছি কান্দনের রোল।
কোন হেতুলোক সবে করে কোলাহল ॥
তবে আয়েশায় শুনি কহিতে লাগিল।
তোমার কারণে সবে কান্দিতে লাগিল ॥
সমাজেত নমাজ করিতে না পারিলা।
অধিক ব্যাধি হেন সকলে জানিলা ॥
তে কারণে উচ্চস্বরে কান্দে সর্বজন ॥
উন্মত্ত হইয়া সবে করেন্ত রোদন ॥"

[এই আলোক চিত্র ও পাঠ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলার প্রধান অধ্যাপক ডক্টর আহমদ শরীফ সাহেবের সৌজন্যে প্রাপ্ত]

THE ASIATIC SOCIETY

ওড়িয়া লিপিতে লিখিত গঙ্গামঙ্গল, জগন্নাথ বিপ্র রচিত। উড়িষ্যা রাজ্য প্রদর্শশালা, পুথি সংখ্যা—২০৭। তালপাতার পুথি।



"নারায়ণ, তুমরা শুনিলে সভে গঙ্গার বচন॥ অতেক বলিয়া রাজা করিল গমন। জননীর কাছে গিয়া দিল দরিশন॥ কহেন সভার কাছে জোড় করি হাথে। অগ্নিকুণ্ডে ঝাম্প দিব দেখহ সমস্তে॥ অতেক শুনিয়া তবে রাজার বচন। সুগন্ধ চন্দন চুয়া দিল বিপ্রের গা এ॥ ভক্তি স্তুতি কর্যা কহে বশিষ্ঠের পাএ॥ তোমার আজ্ঞাতে আমি দিগমরে গেলুঁ॥ গঙ্গারে আঁনিয়া মক্ষে বংশ উদ্ধারিলুঁ॥ হেন বিপ্রে নম্যা করি পরিহার। আজ্ঞা কর বংশ মোর হউক উদ্ধার॥ অতেক বলিয়া রাজা করিল গমন॥ গঙ্গার কাছেতে গিয়া দিল দরিশন। শুন মাগো গঙ্গা দেবী কর অবধান॥ মূল বৃক্ষ সহিতেত গেলগো নিদান॥ অতেক বলিয়া রাজা করে পরিহার॥ আপনি মরিয়া বংশ করিব উদ্ধার॥ এই নিবেদন কৈল ভগীরথ রাজা। সভাকার চরণেতে॥ সভাকার চরণেতে করিলেক"

এই আলোকচিত্র ও পাঠ ভুবনেশ্বরের রিজিওন্যাল কলেজ অব্ এডুকেশনের বাংলার অধ্যাপক ডক্টর শ্রীমান্ বিষ্ণুপদ পাণ্ডার সৌজন্যে প্রাপ্ত।

THE ASIATIC SOCIETY
[illegible]

THE ASIATIC SOCIETY
[illegible]